**Mr. Chairman:** We resume our debate on the motion now. We have so many speakers. But the time at our disposal is very short, because today we have spent half an hour on questions. I would suggest that members do not take more than 15 minutes for speaking on their amendments, because there are speakers on the other side also.

[10—10-10 a.m.]

**Sj. K. P. Chattopadhyay:**

মাননীয় সভাপতি মহাশয়, আমাদের সামনে মাননীয়া রাজ্যপাল মহাশয়া যে বিবৃতি পেশ করেছেন তার সম্বন্ধে দুই-একটী কথা বলতে চাই।

খাই মাননৈর বড় জিনিস। কাজেই এই খাদ সম্বন্ধেই আগে বলতে হয়। সেজনাই রাজ্যপালিকাও সেকথা প্রথমেই বলেছেন। কিন্তু খাদ্যব্যবস্থা বন্টন বা নিয়ন্ত্রণ করার ব্যাপারে অর্থাৎ যেগুলিকে ফসল শস্য বলা হয় সেগুলি এক অঙ্গল থেকে আর এক অঙ্গলে নিয়ন্ত্রিত করার যে ব্যবস্থার কথা বলেছেন সে সম্বন্ধে একটা জিনিস উল্লেখ করলে বোধ হয় ভাল হ'ত। গ্রামাঞ্চলে থখনই এই ধরনের একটা ব্যবস্থা হয় তখনই দেখা যায় যে অঙ্গলে ধান সম্ভা সেখান থেকে ধনী বাবসায়ীরা এই আইনটাকে লংঘন করে অঙ্গলে চালান দেয় এবং এই প্রসঙ্গে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যারা গরীব চাষী বা ফেডেট মজুর, যারা ঘাড়ে করে ছালায় বা গাড়িতে করে চাল নিয়ে যায় তাদের সংঘবন্ধ করে এ জিনিসকে প্রতিরোধ করবার যদি কেনও চেষ্টা করা হয় তা হ'লে যারা চেষ্টা করে, তাদের সম্বন্ধে নানারকম সন্দেহ আরোপ করা হয়। যারা চুরু করে আসলে তারা মাঝেমাঝে ধরা পড়ে সত্য, কিন্তু যদি তারা অর্থবল এবং রাজনৈতিক কারণে প্রভাবশালী হয় তা হ'লে তাদের এই ধরপাকড় হ'তে বাদ দেওয়া হয়। গ্রামের সঙ্গে আমাদের যোগাযোগ আছে; আমরা দেখোছি যে কালোবাজারীকে যে লোক বাধা দেবার চেষ্টা করেছে তাকে নানাভাবে বিরস্ত করা হয়েছে। এ সম্পর্কে রাজ্যপালিকা মহাশয়া যদি কিছু বলতেন যে তিনি আশা করেন যে তার প্রতিক্রিয়া এ বিষয়ে দ্রুত হস্তে, ধনী-দরিদ্র নির্বার্ণেয়ে, এই আইনগুলি যে পালন করছে, এবং তিনি শুনেছেন যে মাঝেমাঝে এর শুরু ঘটে—এ কথার উল্লেখ থাকলে ভাল হ'ত। অবশ্য এ সম্বন্ধে অনেক ভাল কথা যে তিনি বলেছেন তা অস্বীকার করিন না। তবে একটা কথা বলেছেন যে ভাত কম খাও, গম বেশি খাও। আমাদের মত দুচারজন লোক যারা কলকাতায় বাস করে তারা হয়ত ভাত না খেয়েও চালাতে পারে, তারা হয়ত কেউ কেউ একেবারেই ভাত খায় না, কিন্তু গ্রামাঞ্চলে সব সময়ে ঠিকমত গম পায় না, সেখানে লোকে কি করে তাদের খাওয়ার ব্যবস্থার পরিবর্তন করবে? আর সেই পরিবর্তন করতে হ'লে জানাও দরকার যে তাতে কি অসুবিধা আছে। সে সম্বন্ধে যদি তাঁর মন্ত্রীমণ্ডলী কিছু তদন্ত করতেন তা হ'লে ভাল হ'ত।

তারপর আর্মি বলতে চাই যে, আমাদের উদ্বাস্তুদের বিষয়। উদ্বাস্তু সমস্যাটা খুবই কঠিন সমস্যা। শুধু যে আমাদের দেশের মানুষ দুঃখ পাচ্ছে তা নয়, তাদের মধ্যে অভাব থাকার জন্য তারা ছিমুল হয়ে পড়েছে এবং তাদের ছেলেমেয়েদের অনেকের বর্তমানে যে অবস্থায় আছে সেটা বাঞ্ছনীয় নয়। এটা খুবই দুঃখের বিষয় যে অপ্রাপ্তবয়স্ক অপরাধীদের সম্বন্ধে তদন্ত করে দেখা গেছে যে, উদ্বাস্তুদের মধ্যে অপরাধীর সংখ্যা অনেক বেশি। এই দুঃখজনক অবস্থার পরিবর্তন আনবার জন্যে তাদের আর্থিক সুব্যবস্থা যাতে হয় তার জন্য যদি চেষ্টা করা হয় সেটা খুব ভাল কথা। এ সম্বন্ধে বলা হয়েছে যে, দণ্ডকারণে তাদের যে বাসের ব্যবস্থা হচ্ছে তার জন্য পাঞ্চাবের একজন অভিজ্ঞ কর্মচারীর উপর ভার দেওয়া হয়েছে। কিন্তু তার চেয়ে বাংলাদেশ সম্বন্ধে জ্ঞান আছে এরকম অভিজ্ঞ লোক নিলে বেশি কাজ হ'ত কারণ পাঞ্চাবে ব্যাপ্ত খুব কম হয় এবং সেখানে নদীর জল দিয়েই ঝুলসেচ করা হয়, কেননা ব্যাপ্ত সেখানে অত্যন্ত কম। লাহোরের আশপাশে—পাঞ্চাবের সর্বত্র বলছি না—ব্যাপ্ত এত কম হয় যে, লাহোর অঞ্চলের গ্রামে গিয়ে আর্মি দেখেছিলাম যে, তারা কাঁচা ইট দিয়ে ঘরের ছাদ করে বাস করে। প্রেরণে লোকের কিন্তু সেরকম যারে এক বেলার বেশি বাস করা সম্ভব নয়, কাজেই পাঞ্চাবের একজন অভিজ্ঞ কর্মচারী দণ্ডকারণে গিয়া ব্যবস্থা করবেন সেটা খুব সুবিধের জিনিস নয়। আর্মি দণ্ডকারণে

উপজাতিদের সংক্রান্ত নানা বক্ষ জিনিস দেখতে গিয়েছিলাম। ওখানে আসল জিনিস—অন্তর্ভুক্ত জলের অভাব। (দি অনারেবল শ্রীপ্রফ্লাইচন্ড সেনঃ ওটা ৮০ হাজার বর্গমাইল জয়গা)। আজ্ঞে ৮০ হাজার হলৈও, আপনি ত দেখেন নি, কিন্তু আর্মি কোরাপুট জেলার চার সৌমান্তেই ঘূর্ণেছে; আপনার চেয়ে আমার বেশি জানা আছে। কাজেই আর্মি সে সম্বন্ধে কিছু বলতে পারি। কোরাপুট অঞ্চল, এবং বস্তারে দণ্ডকারণের যেটা নিকটবর্তী অঞ্চল, সেখানে আমার অধীনস্থ রিসার্চ করার লোকে গেছে ন্তরের কাজে। গেজেটিয়ার পড়লে দেখবেন দণ্ডকারণের যে ৮০ হাজার খেকারা মাইল বলা হয়, তার আবহাওয়া এবং ভূমি এইসব অঞ্চলেই মত। কোনও প্রকৃতের যেমন খানিকটা জল পরীক্ষা করলে সমস্ত জলের কথাই বলা যায় তেমনি কোরাপুট জেলার ও সংলগ্ন অঞ্চলের কথা বললেই দণ্ডকারণের অন্যসব অঞ্চলের অবস্থা বোঝা যায়। সেখানে ডলের অভাব পূর্ববঙ্গবাসী উদ্বাস্তুরা সবচেয়ে বেশি অন্তর্ভুক্ত করবে। এই অবস্থা গোপন করে এমন লোককে কেন পাঠানো হচ্ছে তা ভাল করে বুঝতে পারছি না, তিনি এ বিষয়ে সকলের দ্রষ্টি আকর্ষণ করলে ভাল হ'ত। (দি ঘনারেবল কালিপদ দ্রুখোপাধ্যায়ঃ তীর্তি বাংলার অবস্থা জানেন।) সে কথা লেখা নেই এবং বাংলার অভিজ্ঞতা কতটুকু তা অজ্ঞাত। এখানে আর একটা কথা আছে—আমাদের দেশে যে কার্মডিনিটি প্রজেক্ট এবং ন্যাশনাল এক্সটেনশন রুক্—এগুলোর স্বার্য দেশের উন্নতি হবে বলে অনেক কথা বলা হয়েছে। আর্মি স্বীকার করি—এগুলোতে কিছু কিছু জায়গায় কাজ হয়েছে, হওয়ার সম্ভাবনাও আছে, কিন্তু সব জায়গায় যে হচ্ছে না তা সবলেই জানেন। কিছুদিন আগে কেন্দ্রীয় সরকার আমাকে চিঠি লিখেছিলেন কতক জায়গায় কাজ ফলাদায়ক হচ্ছে কিনা সে জিনিসটা লক্ষ্য করে মত দিতে। আর্মি জানাই যে তার সম্বন্ধে আর্মি তদন্ত করতে পারি। তারপরে সরকারের “বদলে দেল মন্টে, তেড়ে দিলম পথটা”, কারণ বাহিনীর দেশক তদন্ত করলে যদি কেন বেফাঁস কথা বাহির হয়ে যায়। কিন্তু দেশের লোকের দিক থেকে এরকম তদন্তের আবশ্যিকতা আছে। জানা দরকার যে, পরিবর্তন করার জন্য কতকগুলো জিনিস গৃহীত হচ্ছে না এবং কতকগুলি গৃহীত হচ্ছে। এ বিষয়ে রাজ্যপার্লিক মহোদয়া যদি দ্রষ্টি আকর্ষণ করতেন, তাহলে ভাল হ'ত এইটুকু আর্মি জানতে চাই।

তারপর আর্মি মৎস্যজীবীদের বিষয় বিল। মৎস্যজীবী সমাজালকে নৌকা এবং জল কেনার জন্য টাকা দেওয়া হচ্ছে কিন্তু এখানে বহুমার বলেছি যে, তাদের মাছ ধরার যে অধিকারটা সেখানেই “আসল ঘরে মৃঘল”, সেখানে কিছুই বাস্থা নাই না। জমিদারী আইন পাস হ'ল, ন্তুন জরীম সংক্রান্ত আইন পাস হ'ল, সে সময় বার বার বলেছি যে, এদের সম্বন্ধে একটা বাস্থা করতে হবে, কিন্তু সরকার পক্ষ শুধু শুনেই গিয়েছিলেন। আশা করি এ বিষয়ে দলস্থা হবে এবং বর্তমানে মন্ত্রী ন্তুন হচ্ছেন; আশা করি তীর্তি কিছু করতে পারবেন। তবে রাজ্যপার্লিকা মহাশয়ার এ বিষয়ে দ্রষ্টি আকর্ষণ করতে পারি যে, তিনি ভাল কথা না বলে যেটা যেমন হয়েছে তার কথাই বললে সঙ্গত হ'ত।

এবার শিক্ষাবিভাগ সম্বন্ধে কিছু বলব। আর্মি অনেকবার এ বিষয়ে আপনার দ্রষ্টি আকর্ষণ করেছি এবং এই ত্যু পেশ করেছি যে, বাংলাদেশে যে প্রাথমিক শিক্ষা দেওয়া হয় তাতে প্রথম বৎসরে যত ছেলেমেয়ে শিক্ষা পায় তাদের মধ্যে ৪ বৎসর পড়াশুনা করবার পর, মাত্র ২০ ভাগ ছেলে এবং তারচেয়েও কম ভাগ মেয়ে শেষ বৎসর পর্যন্ত পড়াশুনা বাবে; তার মানে এতে বহু অর্থ অপচয় হয়। আর্মি বাব বাব বলেছি এই শিক্ষা বাস্থা বাধাতাম্লক করা উচিত। কারণ বাধাতাম্লক না করে কোনও দেশে এরকমভাবে পড়ার ব্যবস্থা করতে পারে না। কিন্তু আমাকে জবাব দেওয়া হয়েছে যে, না অনেক ছেলেমেয়ে লেখাপড়া করে। কিন্তু আসলে ফটো কলসীর জল যেমন হ'ল হৃত করে বেরিয়ে যায়, এও সেই রকমই হচ্ছে; একথা স্বীকার করা হচ্ছে যে, আমাদের গরিব দেশে, এখানে টাকা নষ্ট করা উচিত নয়। আবার সরকার বলেন যে, গরিব প্রাথমিক শিক্ষকদের মাহিনা বাড়াবার টাকা নাই। কিন্তু যে বাস্থা করলে টাকা নষ্ট না হয় সেটা করতে তাঁরা রাজী নন।

[ 10-10—10-20 a.m.]

বলা হয় শতকরা ৭৫ জন ৮০ জন ছেলেমেয়ে অমনিই প্রাথমিক পাঠশালায় আসছে। পর্যামে যেসব দেশে দীর্ঘদিন ধরে প্রাথমিক বিদ্যালয় করে শিক্ষাদান করে এসেছে, ইংলিশ, ফ্রান্স, জার্মানী, স্কটল্যান্ড, ডেনমার্ক এ চোখে দেখে এলাম, তাদের বইতেও লেখা আছে বাধাতাম্লক বাস্থা না

করলে এরকম হাজিরী হয় না। আমাদের দেশে অন্যত্ব যারা বাধ্যতামূলক শিক্ষার প্রচার করছে তারা দেখে শিখেছে। আপনারা না দেখে শিখলেন, না ঠেকে শিখলেন। ইংল্যন্ড প্রথম যখন বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার প্রসার করতে গেছলো, ঠেকে শিখেছিল, ইউ-এস-এস-আর দেখে শিখেছে। আর আমরা দেখেও শিখ না, ঠেকেও না। বার বার এই করে পিছনে পড়ে থাকছি। এ বিষয়ে রাজ্যপালিকার একটু দ্রষ্টব্য আকর্ষণ করতে চাই।

তারপর ১০ আর ১১ বছর ধরে বিদ্যালয়ে উচ্চ শিক্ষার বাবস্থা হচ্ছে। খুব ভাল কথা—কিন্তু তার যে শিক্ষক এখন যাচ্ছে তাদের সম্বন্ধে একটু বলি। বিশ্ববিদ্যালয়ের শতবার্ষিকী সমাবর্তন ইংসর গেল বছর সমাপ্ত হয়েছে। বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন ধরে এ ব্যবস্থা করে এসেছে যে স্নাতক পরিক্ষার অন্তর্ভুক্তী পরীক্ষা, যাকে ইংরেজীতে বলে ইন্টার্রিভিড়েট—তাতে পড়াবার জন্য এম-এ এবং এম-এস-সিতে যারা অন্তর্ভুক্ত শিল্পীয় শ্রেণীতে পাস করেছে তাদের নিয়ন্ত্রণ করতে হবে। তা না হলো তারা মনে করেন ঠিকমত পড়ানো হবে না এবং এ বিষয়ে সরকারী শিক্ষান্বিভাগ একমত। কিন্তু সম্প্রতি যখন ১১ বছর শিক্ষায়াত্তন করা হল এবং বলা হয়েছে যে তারা অন্তর্ভুক্তী পরীক্ষার উপরোগী শিক্ষা দেবে—দেখা গেল গ্রামগ্রে কোথাও কোথাও সেরকম শিক্ষক পাওয়া যাচ্ছে না। তখন সরকার বলেছেন বি-এস্সি যারা সম্মানের সঙ্গে পাস করেছে তাদের দিয়ে কাজ হবে। কিন্তু তারা পড়তে পারবে বলে বিশ্ববিদ্যালয়ের মনে করে না এবং শিক্ষাবাবত্ত্বাগ গত ১০০ বছর ধরে মনে করে নি। এখানে হঠাত শরকারের মত বদলানো সেতে পারে; কিন্তু শিক্ষার মান কি তাতে উন্নত হবে? শিক্ষার মান নেমে সেতেই বাধ্য হবে। শিক্ষার মান নেমে গিয়ে যারা পাস করে আসবে তারা ও বছরের ডিপ্রী কেসে পড়বে এবং বিশ্ববিদ্যালয়ের এদের ধরে নিয়ে প্রয়োপ্তির অন্তর্ভুক্তী পরীক্ষার উপরোগী হয়ে এসেছে। মাঝখানে যে ফাঁক থাকবে সেই ফাঁক মিটাবে কে? পরীক্ষার প্রশ্ন পত্রে ঘোষণ থাকে ফিল আপ দি গ্যাপ', তেমন এই ফাঁক প্রবণ কিভাবে হবে? সেজন্য আমার মনে হয় শিক্ষান্বিভাগ ও রাজ্যপালিকার দ্রষ্টব্য এদিকে আকর্ষণ করতে হবে।

আমি আর একটা বিষয় বলি। সেটা হচ্ছে বেকার সমস্যার সমাধান এবং কারখানার মজুরদের সুস্থিতিবিধার বাবস্থা। এখানে রাজ্যপালিকা মহোদয়া খুব ভাল লাগিয়েছেন যে, তাঁর সরকারের ক্ষেত্রে ফলে শ্রমিকদের অস্বস্থা কিছু উন্নত হয়েছে। কিন্তু এখন কারখানার পরিচালকমণ্ডলী যেসব সুবিধা সংযোগ পায় এবং প্রাক্তনী যা পায় তাতে একটা বিরাট তফাত রয়ে গেছে। তিনি বলেছেন, অন্তর্বেদ করেছেন, পরিচালকমণ্ডলী এবং মজুরদের স্বার্থের মধ্যে মাঝখানে যে তীব্র অভাব এই ফাঁকটা যাতে প্রণয় করেন। সে বিষয়ে মহাকাশ গাঢ়ী বহুবার বলেছিলেন, তার পরম দ্রষ্ট যারা তাদের একজনের সঙ্গে—কারখানার মালিকের সঙ্গে—আমার আলাপ হয়েছিল। আমি বলেছিলাম, আপনাদের তো লাভ অনেক হয় এই টাকার কিছু কিছু দিলে লোকসন হবে না। আপনাদের তো ট্রাস্টি বা অর্ছ মনে করেন। তিনি জিজ্ঞাসা করেছেন, কে মনে করেন? আমি বললাম, এটা যা গাঢ়ী, আর কেউ নয়। তিনি বলেছেন, ‘তিনি মনে করতে পারেন কিন্তু আমরা দৃঢ় বাবসায়ী’। আমার মনে হয় রাজ্যপালিকা মহোদয়ার শুভেচ্ছার জবাব এরা মনে মনে এই দিচ্ছেন। সেজন্য অন্যে ভাল কথা বলেছেন, কাজে অন্তর্বেদ। শ্রমিকভাগের মণ্ডিহাশয়ের দ্রষ্টব্য আকর্ষণ করলে তিনি এটা ভাল করতেন, তাঁর এ বিষয়ে দ্রষ্টব্যেতে কাজ করা উচিত।

আর একটা বিষয় বেকার সমস্যা—সামাজি কিছু তথ্য আমি সংগ্রহ করেছি, নাম করব না কোন্‌কেন্দ্ৰ কারখানা। ১০ বছর আগে যেসব ভাগগায় কলকাতার দক্ষিণের কারখানাসমূহে বাংগালী মজুর কাজ বৃদ্ধি, সেখানে তাদের সংখ্যা বেশ গেছে এখন। এককালে বিলিকাতার উন্নেরের বাবস্থানাগ জিজুত শরকারী বাবস্থার ফলে বাংগালীয়া ধীরে ধীরে হটে যেতে বাধা হয়েছে কারখানার কাজ থেকে। রয়াল কমিশন অব ইন্ডাস্ট্রিয়াল নেবারের যে বিষয়টি আতে তা থেকে উন্নত করে আগেই আমা সময়ে এর বিশেষ তথ্য সম্বন্ধে নলেছি। কিন্তু দক্ষিণের বহু ভাগগায় শুকরা ৮০ ভাগ মজুর সেবনিও ছিল বাংগালী। অধ্যাপক মহলানবিশ ১৯৪১ সালে যে তদন্ত করেন তাতেও এটা প্রমাণিত হয়।

কিন্তু ১০ বছর আগে থেকে দেখা গেল যে সেটা কমতে আরম্ভ করেছে এবং ৫ বছর আগে দেখা গেল নে, এইসব কারখানায় অবাংগালী মালিককরা বাঞ্ছাই করে করে বাংগালী বাদ দিয়ে বাংগালী নিচেছে। কেন নিচেছে? তাঁরা বলেছেন, কাজের সুবিধা হয়। একথা আমি স্বীকার

করব যে, সম্প্রতি গত ২ বছরে সরকারী প্রচেষ্টার ফলে এটার কিছু পরিবর্তন হচ্ছে। ভাল যেটা হচ্ছে সেটা আর্মি সব সময় জানিয়ে দিই কিন্তু অনেক বেশি এ বিষয়ে অবাহিত হওয়া দরকার। আমার মনে হয় এ বিষয়ে যদি রাজ্যপালিকা মহোদয়া তাঁর শ্রমমন্ত্রীর দ্রষ্টি আকর্ষণ করতেন এবং দেশের লোকের সম্মতি এটা তুলে ধরতেন যে, ভারতবর্ষে সব দেশের মানুষকে নিজের বলে ভাবা দরকার—যেখানে যারা বাস করে সেখানে তাদের বাদ দিয়ে নিজেদের সুবিধার জন্য অন্য জায়গা থেকে লোক আনা, এটা ঠিক নয়—তাহলে ভাল হ'ত।

**Janab Abdul Halim:** Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

“But regret that—

- (1) there is no mention of the teachers who are on hunger-strike for the legitimate demands of the Secondary School teachers in West Bengal;
- (2) there is no mention of the real solution of the food problem and check-up of high prices;
- (3) there is no mention of the failure of the Government to solve rural and industrial unemployment;
- (4) there is no mention about the failure of Government to take effective measures for distributing lands to the poor and landless peasants;
- (5) there is no mention of the failure of the Government to help in rebuilding flood devastated villages in West Bengal;
- (6) there is no mention of any concrete improvement in the condition of rural and urban population.”

মাননীয় সভাপতি মহাশয়, সময় খুব সংক্ষেপ, কেননা এবাবে সময় সীমাবদ্ধ করে দেওয়া হয়েছে—কাজেই সেই সময়ের মধ্যে আমাকে বলতে হবে। আর্মি মাননীয়া রাজ্যপালিকা মহোদয়ার বক্তৃতা পড়েছি এবং প্রত্যেক বছর এই ধরনের বক্তৃতা আমরা পড়ে থাকি। কাজেই প্রাতি বছর তাঁর ভাষণে যা থাকে এ বছরের ভাষণেও তাই আছে—এর মাধ্যমে কোন ন্যূনত্ব আছে তা নয়। প্রশার্সনিক ব্যাপারে কিছু সুস্থান্তি এবং কিছু করণীয় সম্পর্কে তাঁর উপর্যুক্ত এখানে আছে। আবার তিনি তাঁর ভাষণে আমাদের যে অগ্নিপরীক্ষার সম্মুখীন হতে হবে সেকথা বলেছেন। এবং হতাশা ও নিরাশার ধরনিও তিনি তুলেছেন। আর্মি আমার সংশোধনীর মধ্যে আমার বক্তৃতা সীমাবদ্ধ রাখব। প্রথমেই আর্মি সংশোধনী দিয়েছিলাম মাননীয়া রাজ্যপালিকার ভাষণের উপর যে, এই পশ্চিমবঙ্গে ১০ তাঁরিখ থেকে শিক্ষকরা অনশ্বন ধর্মৰ্ঘট করেছেন। তাদের দাবী পূরণের জন্য এবং শিক্ষা বাস্থার পরিবর্তনের জন্য তাঁর ধর্মৰ্ঘট করেছিলেন। সে সম্পর্কে কোন সরকারী নীতি এই ভাষণে নির্দেশিত হয় নি। সুন্দরে বিষয় আপোষে এটার মীমাংসা হয়ে গেছে কিন্তু সরকারের অগ্রতান্ত্রিক শিক্ষানীতি বাংলাদেশের শিক্ষকসমাজকে আয়নিগ্রহের পথে ঠেলতে বাধা করেছিল। তাঁরা যদি আগে বিবেচনা করে এ সম্পর্কে সিদ্ধান্ত করতেন তাহলে জল এতটা ঘোলা হত না। সরকার কিছুতেই চাপ না এলে, আলোচনা না হলে কোন কিছুরই মীমাংসা করতে চান না—এটা আমরা বরাবর দেখে আসছি। পর্শচমবঙ্গ গভর্নরেল্য়ে এবং গন্ত্বামন্ডলী যদি আগে থাকতে এসব ব্যাপারে হস্তক্ষেপ করতেন, বিশেষ করে মাননীয় শিক্ষামন্ত্রী যদি এ ব্যাপারে হস্তক্ষেপ করতেন, তাহলে জিনিসটা এতটা গড়তো না। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী শিক্ষা সম্পর্কে যে নীতি গ্রহণ করেছেন সে সম্পর্কে আমরা আগে আলোচনা করেছি এবং ভবিষ্যতেও আমাদের করতে হবে। মধ্যশিক্ষা পর্যবেক্ষণ বিল আলোচনার সময় আমরা বলেছি যে তাঁরা আগন্তন নিয়ে খেলা করছেন, বাংলাদেশের শিক্ষকসমাজকে তাঁরা অগ্নিপরীক্ষার পথে ঠেলে দিচ্ছেন। সম্প্রতি নির্যাচনের ফলাফল থেকে এটা প্রমাণিত হয় যে গভর্নরেল্য়ে কোন পথে চলেছেন। আজ শিক্ষকসমাজ কোন পথে যেতে বাধ্য হচ্ছেন। তাঁরা যদি সুষ্ঠুভাবে শিক্ষা সম্পর্কে সকলের মত নিয়ে কাজ করতেন তাহলে এই অবস্থা হ'ত না। যাহোক আর্মি মনে করি তাঁদের আগন্তন নিয়ে খেলা করা উচিত নয়।

তারপরে ফ্লড সম্বন্ধে মাননীয়া রাজ্যপালিকা মহোদয়ার ভাষণে রয়েছে এবং ভাৰিয়ৎ সম্পর্কেও ঝুঁঁগত রয়েছে। আমাদের খাদ্যবিশারদ মাননীয় খাদ্যমল্টী প্ৰফেল্ল সেন মহাশয়ের মৃত্যে আমরা এক এক সময়ে এক এক ভাষণ শুনে থাকি। পৰিসংখ্যার হিসাব যা তিনি দিয়েছেন তাতে দেখোছ একবাৰ বলেছেন ১২ লক্ষ টন খাদ্য ঘাটৱত হৈবে, তারপৰে বলেছেন ৮ লক্ষ টন, মাননীয়া রাজ্যপালিকা মহোদয়ার ভাষণে এসে দাঁড়িয়েছে ৭ লক্ষ টন। ৪৬;৩৫ লক্ষ টন আমাদের খাদ্য উৎপাদন কৰতে হৈবে, আমাদের উৎপাদন হয়েছে ৩৯;৫ লক্ষ টন। কাজেই ভাৰিয়ৎ খুব আশঙ্কনক।

[10-20—10-30 a.m.]

চৰপৰ ১৯৫০-৫৪ সালে একমাত্ৰ উৎপাদন হয়েছিল ৪৬ লক্ষ ৭৯ হাজাৰ ৮০০ টন, এৰ পৱ চার খাদ্য উৎপাদন বাড়ে নি। প্ৰত্যেক বৎসৰ খাদ্য ঘাটৱত চলছে, যা কিছু খাদ্যোৎপাদন হয় মহি চোৱাকাৰাৰীদেৰ হাতে চলে যাব এবং দামবৰ্দ্ধনৰ জন্য সাধাৱণ কৰকদেৱও এখন ৩০।৩৫ টকা দৱে চাল কিনতে হয়। এইভাৱে চালেৰ দাম বেড়ে যাচ্ছে। এ ব্যাপারে সৱকাৱ যে নৰ্নিত শুণ কৰেছে তাতে খাদ্যসমস্যাৰ সমাধান হবে না, হাবভাৱ দেখেশুনে মনে হয় তাৰা এই ধাৰটা নিয়ে কোনপৰাকাৰ চিন্তাই কৱেন নি। এখন বিশেষ ক'ৰে ২৪-পৱগনা, মেদিনীপুৰ, গান্ধীজি জেলাতে দারুন খাদ্যসংকট আৱশ্যক হয়েছে। এ সম্পর্কে কি ব্যবস্থা কৱা হবে তাৰ কোন নিৰ্দেশ এখনও আমৱা পাই নি। আমৱা সৱকাৱেৰ সঙ্গে সহযোৗিগতাই কৱতে চাই, কিন্তু এ সম্পর্কেও গভৰ্নমেন্টেৰ কোন সুস্থিৰ নৰ্নিত নাই। খাদ্যোৎপাদন বাড়ানোৰ জন্য গমোদৱ ও ঘৱৱাক্ষী ইত্যাদি অনেক পৱিকল্পনা হয়েছে, কিন্তু খাদ্যোৎপাদন বেড়েছে কতটা? গ্রামান্বাৰ বলেন, কৃষিৰ উন্নতি হয়েছে, তা যদি হয় তা হ'লে খাদ্য ঘাটৱত কেন হবে? আমৱা মনে হয় গভৰ্নমেন্টেৰ নৰ্নিতৰ মধ্যেই গোলমাল আছে। নিচয়ই ঠিকমত পৱিকল্পনা কৱা হয় নি। আৰম্ভ বাল, ছোট ছোট পুৰুৱ ও সেচেৰ পৱিকল্পনা কৱেন, তাতে ফসল বাড়তে পাৱে। কিন্তু সৱকাৱী নৰ্নিতৰ পৱিতৰণ আৱশ্যক। কৃষিমল্টী মহাশয় বলেছেন যে, অনেক সাহায্য কৱা হয়েছে, অনেক টাকা লোন দেওয়া হয়েছে। কিন্তু এই লোন গিয়ে পেঁচায় ঠিক চামেৰ মহায়েৰ পৱ। চামেৰ সময় লোন দেওয়াৰ কথা। আৱ এই লোন পেঁচায় ভাদ্রমাসেৰ শেষে। ছালাৰ বাঁজ মাঘমাসেৰ শেষে বিতৱণ কৱা হয়, অথচ এটাৰ চামেৰ সময় হ'ল অৰ্চন-কাৰ্ণ্তৰ মাস। এই নৰ্নিত না বদলালৈ কৃষিৰ উন্নতি হবে না। কৃষিৰ উন্নতি কৱতে হ'লৈ যঁৰা চাষী চাঁদৰ সঙ্গে পৱামৰ্শ কৱতে হবে। যে বাঁজ দেওয়া দৱকাৱ যে ঋগ দেওয়া দৱকাৱ, তা দেওয়া দয় না। খালি বড় বড় রিপোর্টেৰ দ্বাৰা কোন কাজ হবে না। এখন আমাদেৰ সাজেসশন হচ্ছ, প্ৰথমেই চাষীকে এবং কৃষকদেৱ জৰি দেৰাব ব্যবস্থা কৱতে হবে।

চৰপৰ, 'বুৱাল আন্ড ইন্ডাস্ট্ৰিয়াল আনএমপলয়মেন্ট' সম্পর্কে আমাদেৰ মাননীয় বন্ধু সান্যাল মহাশয় বলেছেন। আৰম্ভ এ সম্পর্কে একটা কথা বলতে চাই। আমাদেৰ গ্রামাঞ্চলেৰ এই বুৱাল সেবাৱয়া বৰ্তমানে টেস্ট রিলিফেৰ কাজ পেলে কোন রকমে খেয়ে বাঁচে, আৱ কাজ না পেলে তাৰ অনশনে চলে। শহৱাগলেও মধ্যাৰিস্তশ্রেণীৰ মধ্যে বেকাৱেৰ সংখ্যা বেড়েছে। যেসব তাৰে কলকাৱখানায় রিট্ৰেইুমেন্ট চলছে সেখানে শ্ৰমিকদেৱ মধ্যেও বেকাৱেৰ সংখ্যা বেড়ে যাচ্ছে। তাৰপৰ অনেক ফ্যাঞ্চেলতে বে-আইনী ক'ৰে শ্ৰমিকদেৱ উপৱ চার্জ-সীট দেওয়া হয়। এখানে শ্ৰমলন্ত্ৰী আছেন, তাঁকে আৰম্ভ জানাতে চাই যে, শ্ৰমিকেৱা যে আওয়াৰ্ড পেয়েছে আডজ-ডি-কেশনেৰ পৱতা কাৰ্য্যকৰী হবে না। যাদেৱ কিছু টাকাপয়সা আছে তাদেৱ হয়তো দ্ৰু-একাদিন চলে যেতে পাৱে, কিন্তু যাদেৱ কিছুই নাই তাৰা এইভাৱে আনএমপলয়মেড থাকলৈ কি ক'ৰে খাওয়াপৱাৱৰ ব্যবস্থা হবে? সেজন্য আৰম্ভ শ্ৰমলন্ত্ৰীৰ দৃষ্টি অকৰ্ষণ ক'ৰৈ বলৱ ঘাতে কাৰখানা আইন কাৰ্য্যকৰী হয় ঠিকমত সেদিকে নজৰ রাখতে হবে এবং কোনপৰাকাৰ অন্যায় চাৰ্জ-সীটও ঘাতে না দিতে পাৱে সেদিকেও দৃষ্টি রাখতে হবে।

চৰপৰ ল্যান্ড রিফৰ্ম সম্বন্ধে আৰম্ভ বলতে চাই, এস্টেট আন্ড ইঞ্জিনিয়াৰ বিল পাশ হয়ে গিয়েছে, কিন্তু কত জৰি উন্নত হ'ল, কত জৰি কৃষকেৱা পেল তাৰ ঠিকসাৰ আমৱা পাটিনি, প্ৰতিনিউ মিনিস্ট্ৰিৰেৰ কাছ থেকে এ সম্বন্ধে আমৱা কিছু জানতে পাৱি নি। আমৱা বুৱালে পাৱি এৱে দ্বাৰা কৃষকদেৱ কোন উপকাৱ হ'ল না। ভূগৰ্ভসংস্কাৱ কৱেছেন, কিন্তু এতে অমুদ্দৱ দেশেৰ ভূগৰ্ভসংস্কাৱ কোন পৱিতৰণ হয়েছে কিনা, কৃষিৰ উন্নতি হয়েছে কিনা,

যাদের জমি নেই তারা প্রকৃতই জমি পেল কিনা, এসব জানতে পারলাম না—এসব ব্যবস্থা যদি না হয় তা হলৈ কি চিরকালই খাদ্য ঘাটাত থাকবে? এবং চিরকালই আমরা ইইরকম ভাষণ শুনব? তা হলৈ আগামী বৎসরও এই একই ভাষণ শুনতে হবে?

তারপর আমি ফ্লাড সম্বন্ধে বলব। ১৯৫৬ সালে বাংলাদেশের ৯টি জেলা বন্যাবিধৰ্মত হয়েছিল, হাজার হাজার গ্রাম ভেসে গিয়েছিল। এখানে মাল্টি মহাশয় কত বাড়ি তৈরি করা হয়েছে তার অনেক হিসাব দিলেন, কিন্তু এই ৯টি জেলায় লক্ষ লক্ষ লোকের কি এতেই বাসস্থানের ব্যবস্থা হবে? ব্লাঙ্গাদেশে বন্যাবিধৰ্মত অঞ্চলে কত ঘরবাড়ি তৈরি হয়েছে তার একটা হিসাব আমরা জানতে চাই। আমরা জানি কুষকেরা অনেক জয়গায় নিজের চেষ্টার করে ঘর তৈরি করেছে, তা সত্ত্বেও আমরা সংশ্লিষ্ট এই মহাশয়ের কাছে একটা হিসাব পেতে চাই।

তারপর, প্রার্থক হেল্থ সম্বন্ধে দ্বি-একটা কথা বলব। বর্তমানে বাংলাদেশে ভীষণ আকারে বস্তন্তরোগ আরম্ভ হয়েছে। এ সম্বন্ধে সরকার কি ব্যবস্থা করছেন আমরা জানি না। তারপর, গভীর সম্বন্ধে মাছ ধরা, হারিণঘাটার দুধের কারবার ইত্যাদি অনেক কথাই আমরা প্রায়ই শুনে থাকি। গত ১০ বৎসরের জাতীয় শাসনে আমাদের সঁমাজব্যবস্থার কোন উন্নতি হয়েছে কিনা তা আমরা বুঝতে পারছি না এই হিসাবগুলি না পেলে।

সুত্রাং আমার শেষ বক্তব্য হচ্ছে, এই রকম ভাষণের কোন ম্লাই নাই।

[10-30—10-40 a.m.]

### Sj. Copal Halder:

স্যার, গভর্নর বাহাদুরের ভাষণের শেষে আমি নিম্নলিখিত কথা কয়টি ঘোষ করিতে অনুরোধ করিঃ—

- (১) কিন্তু পরিতাপের কথা, কি প্রাথমিক শিক্ষায়, কি মাধ্যমিক শিক্ষায়, কিংবা উচ্চশিক্ষায় বা টেকনিক্যাল শিক্ষায়, সমগ্রভাবে পর্শম বাঙ্গলার শিক্ষার ক্ষেত্রে, কার্যত কেন সংপর্কক্ষিপ্ত শিক্ষানীতি ও সুশৃঙ্খল শিক্ষাপদ্ধতি গ়হীত হয় নাই। তাহার ফলে শিক্ষাক্ষেত্রে একদিকে আমলাতান্ত্রিক অনাচার ও দলপোষণ, অন্যদিকে শিক্ষাবিষয়ে অরাজকতা ও ক্রম-অধোগতি পরিলক্ষিত হইতেছে। এমনাকি, অনেক সময়ে কেন্দ্ৰীয় সরকারের প্রতিশ্রূত সাহায্যাদিও পর্শম বাঙ্গলা সরকারের বাস্ত ও অবাস্ত মনোভাবের জন্য যথোচিতরূপে পর্শম বাঙ্গলার শিক্ষা ব্যাপারে, বিশেষত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার ব্যাপারে, লাভ করা যায় নাই :
- (২) অতলন বিস্ময়ের ও পরিতাপের কথা যে, পর্শম বাঙ্গলা সরকার বাঙ্গলাভাষাকে রাজের সরকারী ভাষারূপে প্রয়োগ করিবার কোন কার্যকরী ব্যবস্থা করেন নাই : এবং তাহা গ্রহণ করা বিষয়ে এখনও সচেতন নন।

শ্রদ্ধাস্পদ সভাপতি মহাশয়, আমাদের রাজ্যপাল মহোদয়ার ভাষণে যে ব্যালেন্সড প্রগ্রেসএবং কথা শিক্ষাবিভাগ সম্পর্কে বলা হয়েছে তার উন্নত ইতিমধ্যেই বাংলাদেশের শিক্ষিত সমাজ এবং শিক্ষক শ্রেণী পরিষ্কার ভাষায় দিয়েছেন।

বর্তমান পর্শম বাঙ্গলা সরকারের শিক্ষানীতিতে বিকৃত ভাব দেখা দিয়েছে বলেই আজ আমরা ও অন্যান্য বন্ধুগণ এখানে উপস্থিত হয়েছি, এই কথাই তার যথেষ্ট উন্নত। এই ভাষণে অন্তত শিক্ষানীতির আর্থিক ব্যয়াদি সম্বন্ধে ঘেসকল কথা আছে, তা অত্যন্ত ভিত্তিহীন।

সত্য বটে, এই শিক্ষানীতি বর্তমান সরকারের ম্বারা পরিচালিত হয়। আসলে তারা শুধু ওয়ারিশস্তে প্রাপ্ত হয়েছেন বাটিশের শিক্ষানীতি ও পদ্ধতি ; নিজেদের পদ্ধতিত জুড়ে দিয়েছেন বাটিশ আমলের সেই শিক্ষানীতির সঙ্গে। একথা আমরা সকলে জানি—বাটিশের শিক্ষানীতির প্রধান কথা কি? স্থানে শিক্ষা ছিল না, ছিল কেবল দেশশাসন ও লক্ষ্যন। কাজেই এদেশের শিক্ষার যা কিছু আয়োজন অনিচ্ছুক শাসকের হাত থেকেই তা দেশের মানুষ তায়ত করেছেন। কি হিন্দু কলেজ, কি কলিকাতা বিশ্ববিদ্যালয়, আমরা বারবার দাবী করে প্রতিষ্ঠিত করেছি।

বিদ্যাসাগর কলেজ বাণগালীদের বেসরকারী প্রচেষ্টায় হয়েছে। স্কুলনাথ কলেজ, রিপন কলেজ, সিটি কলেজ ইত্যাদি এই সমস্তের নাম এই জনাই উল্লেখযোগ্য। শত শত স্কুল ও কলেজ বেসরকারী চেষ্টায় প্রতিষ্ঠিত হয়েছে। ১৯০৫ সাল কেন, তারও বহু আগে থেকেই স্কুলগুলি হয় ব্রিটিশ আমলে শিক্ষা ছিল ব্রিটিশ শাসকের চক্ষে অপরাধ এবং শিক্ষক ও ছাত্র ছিল তাঁদের পটেনসিয়াল এণ্টিম, শত্রু। এই ছিল তথনকার শাসকদের দ্রষ্টিভঙ্গ। সেই দ্রষ্টিভঙ্গ নিয়ে ১৯৪৭ সাল পর্যন্ত তাঁরা এদেশে রাজস্ব চালিয়েছেন। এটা তাঁরা সত্ত্ব কথাই বলেছিলেন যে, আমরা এ দেশের শিক্ষক ও ছাত্রের ব্রিটিশকে শত্রু ছাড়া আর কিছু মনে করতে পারি নি। তা স্বাভাবিক জিনিস, এতে অস্বাভাবিক কিছু নেই। কিন্তু আজ শাসক আমাদের জাতীয় সরকার। ব্রিটিশের ওয়ারিশ স্বত্ত্বে শাসন দখল করে, তাঁরা আজও সেই ব্রিটিশি শিক্ষানীতি চালাচ্ছেন, এইটাই হ'ল সবচেয়ে গভীর পরিভাষার বিষয়। আমি তাই রাজ্যপালের ভাষণে, এই পরিভাষাটি কে উল্লেখ ক'রে দেখাতে চাই কিভাবে তাঁরা রাজ্য শাসন ও দেশের শিক্ষা শাসন চালাচ্ছেন এই দশ বৎসর ধরে। আমাদের ন্যূন নির্বাচনের মধ্য দিয়ে তা প্রমাণিতও হয়েছে। হয়ত কর্তৃপক্ষ অঙ্গে খুব অভ্যন্ত, কাজের অনেক বড় বড় অঙ্গ তাঁদের মধ্য থেকে শুরু হচ্ছে। গত দুর্দিন যাবত সে সকল অঙ্গ সম্বন্ধে আপর্যাপ্তি করা হয়েছে। এগুলি অঙ্গ ত' নয়, এগুলি কর্তৃপক্ষের কলস্ক। এইসব অঙ্গ দিয়ে কি প্রমাণিত হয়? তাঁর একটা কথা হচ্ছে—আমরা শিক্ষার ব্যয় বাড়িয়েছি। সত্য কথা, শিক্ষার ব্যয় তাঁরা বাড়িয়েছেন। কিন্তু এই ব্যয় বাড়ানুর পিছনে আছে কি? সেখানে কতকগুলি অনুজ্ঞার্থিত সত্য কথা আছে তা বিস্মিত হবার নয়। টাকার দাম কমেছে, সকল জিনিসের দাম বেড়েছে। যেমন পুলিসের ব্যয় বেড়েছে, তেমনি শিক্ষারও ব্যয় বেড়েছে। কিন্তু ব্যয় বাড়লেই যে শিক্ষা কি ক'রে প্রসারিত হ'ল, তার প্রমাণ নেই।

তারপর স্বিতীয় কথাটা হ'ল—এটা কি শিক্ষার ব্যয়, না শিক্ষার নামে ব্যয়? ব্যয় বাড়ানুর খুব সহজ। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন কোটি কোটি টাকা তিনি খরচ করছেন। টাকাটা যখন জনসাধারণের, তখন সেটা ব্যয় করতে তাঁর ক্ষেত্র হবে কেন?

শিক্ষার ব্যাপারেও তাই অপব্যয়ের সীমা নেই। এ সম্বন্ধে একটার পর একটা বলা নিষ্পত্তিযোজন। শিক্ষা ব্যয় বাড়ানোর পিছনে অনেক কিছু আছে। একটা হ'ল শিক্ষার নামে অপব্যয়। আরও যা দেখলাম, তা হচ্ছে এই প্রথমত, কতকগুলি পদ সংষ্টি করে দল বাস্তব করা। স্বিতীয়ত, অপ্রয়োজনীয় স্থানে বিদ্যালয় ও কলেজ স্থাপন ক'রে নিজেদের লোককে বসান। অথবা জর্মিনারীর ক্ষতিপূরণের পরিপূরক ইসাবে, তাদের পোষণের আর। একটা ব্যবস্থা। কারণ দেখা যায়, জর্মিনারদের পুরান বার্ডিগুলি বেশ টাকা দিয়ে কিমে নিয়ে, সেখানে কলেজ ক'রে দেওয়া হয়েছে। এইটাই হ'ল শিক্ষা ব্যাপারে একটা ন্যূন পদ্ধতি।

(Sj. TRIPURARY CHAKRABARTY: New technique.)  
হাঁ, এটা একটা নিউ টেকনিক।

তৃতীয় হ'ল শিক্ষার নামে ইমারতী-বিলাস। ঠিকাদারদের পোষণ করতে হবে। ইমারত তৈরির ব্যাপারে ঠিকাদারী শাসকবৃদ্ধের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্কে সম্পর্কীত। তাই স্কুল-কলেজের জন্য সরকার প্রকাশ্য প্রকাশ্য নতুন ইমারত তৈরি করছেন।

সাধারণ শিক্ষার জন্য এত ইমারত তৈরি করতে হবে গরিব বাংলাদেশ! আট কলেজের জন্যও ঐ রকম বড় বড় ইমারত, বাড়ি তৈরি করতে হয়—সেটা একটা স্বন্মতীত ব্যাপার! কেউ কোনাদিন কল্পনাও করে নি। আমি রবীন্দ্রনাথের নাম এ বিষয়ে উল্লেখ করতে পারতাম। এখানে তা উল্লেখ করব না, তাঁর নাম উল্লেখ করলে তাঁকে অপমান করাই হবে—যেভাবে এখানে শিক্ষা পরিচালনা করা হচ্ছে। এই প্রসঙ্গে তাঁর নাম তাই আমি উল্লেখ করব না। কিন্তু দেখবেন এই ইমারতি-বিলাস হচ্ছে শিক্ষার একটা ন্যূন পদ্ধতি।

তারপর খবরদারীর জন্য খরচ কি হয়! শিক্ষার খবরদারীর জন্য কতটা খরচ জাপনারা করেন—এসব হিসাব থেকেও তা ব্যবহার করবেন। সেই সঙ্গে যোগ করবেন ভাতার ভার।

তারপরে অন্তত ভাববেন যে টাকা শিক্ষার জন্য ব্যয় হয়েছে, কি শিক্ষার নামে ব্যয় হয়েছে। নানা মৌক জিনিস দিয়ে শিক্ষার ব্যয় বাড়নো হয়, কাজেই সেই অক্ষের পক্ষকাওয়ার করে লাভ কি? —ধাক এই অংক।

শ্বিতীর্ণত, বলা হয়েছে বিদ্যালয়ের সংখ্যা বেড়েছে। এটা সত্য কথা। কিন্তু এটা সরকারের কৃতিত্ব নয়, এ কৃতিত্ব দেশবাসীর। বাংলাদেশ শিক্ষার জন্য অন্তত দেড়শ' বছর ধরে পাগল। আজ স্বাধীনতার ঘণ্ট ঘৰ্থন এসেছে, তখন সেই আকাঙ্ক্ষা ও আগ্রহ শিখগুল থেকে তিনগুণ, তিনগুণ থেকে চতুর্গুণ হয়েছে। আমি দেশের মানুষকে সাদর অভিনন্দন জানাই। তবে আমরা জানি ঠিক এই জিনিস—শিক্ষার প্রসার—ছিল বৃটিশ সরকারের অন্তর্ভুক্ত এবং ঠিক এটির জন্য আমাদের বর্তমান শাসকরা—যাঁরা বৃটিশ সরকারের শাসন-নীতি ওয়ার্লিংশস্ট্যে পেয়েছেন—তাঁরাও অত্যন্ত ভীত ও শর্করাত হয়েছেন এবং এই শিক্ষার দিকে যাতে ছাত্রের না আসে, সেই উদ্দেশ্যে সরকারের সমস্ত পর্লিসি, সমস্ত শিক্ষানীতি পরিচালিত হচ্ছে বা হতে চলেছে। এই হচ্ছে আমাদের এ বিষয়ে প্রধান অভিযোগ। বর্তমান নীতি বৃটিশ সরকারের কাছ থেকে উন্নোটাধিকারস্ট্যে পাওয়া শিক্ষা-সঙ্কোচের নীতি, শিক্ষা-প্রসারের নীতি নয়। এ জিনিসটা অন্য যাঁরা এখানে শিক্ষক আছেন, তাঁরা হয়ত অনেকে ভাল করে বলবেন। সময়াভাবে সব কথা বলা যাবে না। আমি আমাদের অন্যতম মন্ত্রী মাননীয় বিমল-চন্দ্র সিংহ মহাশয়ের প্রবন্ধাদি উল্লেখ করেই দেখাতে পারতাম যে, এটা শিক্ষানীতি নয়, এটা হচ্ছে শিক্ষা ধর্বসের নীতি, শিক্ষা সঙ্কোচের নীতি, দেশের শিক্ষার আগ্রহ থর্ব' করবার নীতি।

সময়াভাব বলে প্রাথমিক শিক্ষা সম্বন্ধেও আমি সর্বকিছু জিনিস বলতে পারব না। প্রাথমিক শিক্ষা ব্যাপারে সার্বজনীন শিক্ষার কথা বলা প্রয়োজন। যে দেশকে সার্বজনীন ভোটাধিকার দেওয়া হয়েছে, সেই দেশ যদি সার্বজনীন শিক্ষাপ্রধান প্রবর্তিত না করে, তা হলৈ তার শাসকবল্লৈর দিন শেষ হয়ে আসবেই আসবে—এটা নিঃসন্দেহ। সেই সার্বজনীন শিক্ষা-প্রধান আমাদের সংবিধান অনুযায়ী মূল নীতি রূপে গ্রহীত হয়ে আছে। কিন্তু এখন বলা হয় যে, শীঘ্ৰ সেই শিক্ষা সম্ভব হবে না। শুধু তা নয়—যাতে চিরদিন সম্ভব না হয়, তার জন্য যে সব ব্যবস্থা বৃটিশ সরকার প্রণীত করেছিলেন শিক্ষা সম্বন্ধে, আমাদের শাসকগণ এখনও সেগুলো তুলে না দিয়ে বরং অঁকড়ে রয়েছেন। কালকে একজন মাননীয় সদস্য তাঁর বক্তৃতায় একথা উল্লেখ করেছেন, আজও আমি বল। যেমন শহরাঞ্জলে সার্বজনীন শিক্ষা চাইলে মিউনিসিপাল এরিয়ায় প্রাথমিক শিক্ষা প্রবর্তিত করতে হলে, বলা হয় যে, মিউনিসিপালিটি-গুলিতে ন্তৃত্ব করে সেস বিসিয়ে তবে তাঁরা সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রবর্তন করতে পারবেন। ১৯১৯ সালের আইনে হয়ত এই বিধান ছিল, আজও ১৯৫৮ সালেও সেই বিধান বলবৎ আছে। কোন মিউনিসিপালিটির আজকে দুর্ভুলোর দিনে, মানুষের দুরবস্থার দিনে এমন সাহস হবে না যে, ন্তৃত্ব করে সেস বিসিয়ে তবে প্রাথমিক শিক্ষা সার্বজনীন ও বাধাতা-মূলক করবে। তাই আশ্চর্য হবার কিছুই নাই যে, বাংলাদেশের দুর্ভুল মিউনিসিপালিটিকে এই বক্তব্য কাজে অগ্রসর হয়েছে। একটি হল বোলপুর মিউনিসিপালিটি, আর একটি হল দার্জিলিঙ্গ মিউনিসিপালিটি। এই থেকে দেখা যায়, বাংলাদেশে সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রবর্তনের বিরুদ্ধে ব্যক্তিগত প্রতিক্রিয়া আছে। আমি সর্বজনীন প্রাথমিক শিক্ষা সম্বন্ধে আরও অনেক কথা বলতে পারতাম। কিন্তু বাধা হয়েই তা বলব না।

তারপর বেসিক শিক্ষার নামে যে বিলেতী শিক্ষায় শিক্ষক শিক্ষণের জন্য যে অতিরিক্ত উৎকর্ত রকমের ব্যবস্থা হচ্ছে, সেটা বেসিক শিক্ষার প্রোটোন' দেওয়ার জন্য নয়, অন্য কোন কারণে হতে পারে। এ দেশের উপযোগী বৰ্নিয়াদি শিক্ষার সঙ্গে সম্পর্ক' তা ব নাই। জার্কির হোসেন কংগুটির শিক্ষা এবং গান্ধীজী প্রণীত বেসিক শিক্ষানীতির সঙ্গে, এদেশের দৰিদ্ৰ লোকের বেসিক শিক্ষানীতির সঙ্গে, সরকারী ব্যবস্থার কোন সম্পর্ক' আছে বলে আমি মনে করি না। এ সম্বন্ধে আরও অনেক কথা বলা যেতে পারে। যে আটটি ভাগে প্রাথমিক শিক্ষাকে ভাগ করা হয়েছে তার মধ্যে কেপশাল কেড়ার শিক্ষক নামে আবার একটি জিনিস এসেছে। এটা হচ্ছে ন্তৃত্ব শিক্ষাপ্রবর্তির চুক্তি। অর্থাৎ শিক্ষা সঙ্কোচের সঙ্গে নিজেদের দলগত চুক্তি'তের প্রয়োজনে, নিজেদের দলগত উদ্দেশ্য সিদ্ধ করবার জন্য, যদি আর একটি চুক্তি এই শিক্ষানীতিতে

ছড়ে দেন, তা হলৈ সার্থক হয়ে যাবে তাঁদের শিক্ষার চক্রান্ত। এই হচ্ছে বর্তমান শিক্ষানীতির আর এক চক্রান্ত। তাঁদের নিজস্ব নীতি ও পদ্ধতি। বৈসিক শিক্ষার নামে, স্পেশ্যাল কেডারএর নামে, কতকগুলি দালাল সংষ্ঠিত করা ছাড়া শিক্ষা বাপারে আর কিছু কর্তৃপক্ষ করেন না। ভবিষ্যৎ নির্বাচনে নিজেদের দালাল সংষ্ঠিত করা ছাড়া এর স্বারা আর কিছু করছেন না।

আবার জেলা স্কুল বোর্ড নামে যে প্রতিষ্ঠান আছে, সেই প্রতিষ্ঠানে আমাদের অনেক শুধুভাজন কংগ্রেসনেতারা সমাসীন হন। প্রত্যেকটি শিক্ষককে এঁদের দ্বারার অনেক সেলাম বাজিয়ে তবে মাইনে আদায় করতে হয়। অর্থাৎ যাতে শিক্ষকরা কংগ্রেস-কর্তাদের কর্বলিত থাকেন, তার জন্য বহুদিন পর্যন্ত এই প্রাথমিক শিক্ষকরা মাইনে পান না। যথাসময়ে যাতে তাঁরা মাইনে পান, অন্তত সেদিকে সরকারের দৃষ্টি রাখা উচিত।

প্রাথমিক শিক্ষার কথা ঘৰতে গিয়ে অনেক সময় চলে গেল বলে মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে আর বিশেষ কিছু বলা সম্ভব নয়—বলবার মত অনেক জিনিস রয়েছে। মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে অন্যান্য শিক্ষক বস্তারা যাঁরা এখানে এলেন তাঁরা বলবেন, এই আমি আশা করব।

বিশ্ববিদ্যালয় সম্বন্ধে হয়ত দ্রু-একটি কথা না বললে আমার পক্ষে অন্যায় হবে। কারণ কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাসে কতকগুলি জিনিস দেখবার আমার সুযোগ হয়েছিল। কিন্তু রাজ্যপালের সমগ্র ভাষণের মধ্যে কোথাও বিশ্ববিদ্যালয়ের নামেরও উল্লেখ নাই।

[10-10—10-50 a.m.]

এটাতে আশচর্য হবার কিছু নেই। কারণ বিশ্ববিদ্যালয়ের নাম উল্লেখ করাটা বর্তমান শিক্ষার কর্ণধারগণের পক্ষে অন্যায়ই বলতে পারি। কারণ, যত লোক শিক্ষিত হবে, ততই তাঁদের অসূবিধা হবে। তবে অনেক কথা সে সম্বন্ধে শুনছি—কলকাতা বিশ্ববিদ্যালয় ছাড়া আর একটা বিশ্ববিদ্যালয় হয়েছে—আরও ন্ডুন বিশ্ববিদ্যালয় নাকি হবে। তাতে শিক্ষার ক্ষেত্রেই সুবিধা হবে, কিন্তু তাতে কতকগুলি সিনেট, সিন্ডিকেট, রেজিস্টার ইত্যাদিতে নিজেদের আঞ্চাই এবং স্বজন নিয়ন্ত্রণ করে পোষণের ব্যবস্থা হবে, তা জানবার জন্য আগ্রহ রয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার নাম উল্লেখ না থাকার জন্য এখন পর্যন্ত সে বিষয়ে আগ্রহ প্রৱণ হবে না তা জানি। কিন্তু জিজ্ঞাসা করব—কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিষয়ে দ্রু-একটি কথা। যাদেরপুর বিশ্ববিদ্যালয় সম্বন্ধে আমাদের সহানুভূতি আছে, কিন্তু তথাপি আমি কলকাতা বিশ্ববিদ্যালয়ের কথাই বলব। অন্য জিনিস ছড়ে দিয়ে আজকে শুধু এই কথা বলব যে, সিন্ডিকেট এবং সিনেটে বাসে আমার বহুবার দেখবার দ্রুতগাম্য হয়েছে যে, কলকাতা বিশ্ববিদ্যালয়ে পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষাবিভাগের সহানুভূতি এবং অর্থের অভাবে কতটা নিজেকে যে বিপক্ষ বোধ করে। অনেক সময় তার বিপদ প্রকাশেও বলা চলে না। যে বিশ্ববিদ্যালয়ে এখন প্রায় ৮৫ হাজার ছাত্র, সে বিশ্ববিদ্যালয়ে পশ্চিমবঙ্গ-সরকার মাত্র ২১ লাখ টাকা এইডেল, অর্থ তাঁরা নিজেরা সরকারী ১০টি আর্ট্স কলেজকে—সায়েন্স কলেজও নয়—৩৬ লক্ষ টাকা বাস করে পরিপোষণ করেন। সেই সমস্ত আর্ট্স কলেজের ছাত্রসংখ্যা নিশ্চয় ১৫ হাজারের বেশি নয়, অতএব এতেই প্রমাণিত হয় যে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের সম্বন্ধে তাঁদের দৃষ্টিভঙ্গিটা কি? এই রকম দৃষ্টিভঙ্গ দিয়েই তাঁরা কলকাতা বিশ্ববিদ্যালয়কে আরও অন্যান্য সাহায্য থেকে অনেক সময় বাঁচান—কখনও ব্যক্তভাবে, কখনও অব্যক্তভাবে। আজকে ইউনিভার্সিটি গ্র্যান্টস কর্মশনের কাছ থেকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অনেক বেশি অর্থ প্রাপ্ত হয়ে ওঠে। কিন্তু সবাই জানেন যে, সেজন্য ম্যাচিং গ্র্যান্ট বা হারাহারি একটা টাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে এই প্রদেশ থেকে আদায় করা প্রয়োজন হয়। সেই হারাহারি টাকা পাওয়া যাবে কি যাবে না, এই ভয়ে বিশ্ববিদ্যালয় সেই গ্র্যান্টস কর্মশনের দেয় টাকাটা ও জোরের সঙ্গে দাবী করতে সাহস করে না। আমি পশ্চিমবাংলার শিক্ষা শাসকদের দৃষ্টি বিষয়ে জিজ্ঞাসা করতে চাই। আমি জানি যে, সেসব বিষয়ে তাঁদের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে এবং তাঁরা প্রতিশ্রূত আছেন যে, কলকাতা বিশ্ববিদ্যালয়কে আরও বেশি সাহায্য সে বিষয়ে দেওয়া প্রয়োজন। যেমন কলকাতা বিশ্ববিদ্যালয় লাইব্রেরি—যে লাইব্রেরির অভাবে বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা পর্যন্ত। সেই লাইব্রেরির কথাই আমি বলব। সেখানে আমরা যা জানি

তাতে গ্র্যান্টস কর্মশন বিশ্ববিদ্যালয়কে টি অংশ টাকা দিতে প্রতিশ্রুত এবং আমাদের সরকারও এক সময়ে বলেছিলেন যে, তাঁরা এ বিষয়ে সন্দিবেচেনা করবেন। এ সমস্ত বিষয়ে আমরা কাছে চিঠিপত্রের তারিখ অঙ্গে। কিন্তু আজ এসব না বলে বলব যে, এ বিষয়ে একটি তাড়াতাড়ি সন্দিবেচেনা করুন যাতে ছাত্ররা ভালভাবে পড়বার মতন সুযোগ পায় এবং বিশ্ববিদ্যালয় তাড়াতাড়ি সত্য সত্য একটি লাইব্রেরি তৈরি করতে পারে।

শিক্ষার্থী কথা, টেকনোলজিক্যাল ডিপার্টমেন্ট সম্বন্ধে। সেখানে ২১ লক্ষ ৫৫ হাজার টাকার একটা স্কীম রয়েছে—তাতে ৬ লক্ষ ২৫ হাজার অর্থাৎ যে টাকাটা টি অংশ সেই পরিমাণ টাকা ইউনিভার্সিটি গ্র্যান্ট কর্মশন দিচ্ছে, কিন্তু বাকি আর টি অংশ টাকাটার বিষয়ে আমরা আশা করি যে, পশ্চিমবঙ্গ-সরকার তা দেবেন। সেজন্য আমি পশ্চিমবঙ্গ-সরকারের শিক্ষাশাসকবর্গের কাছে নিবেদন করছি যে, তাঁরা একবার তাঁদের প্রাণান্ত কথা বিস্তৃত হয়ে বিশ্ববিদ্যালয়ের এই প্রাপ্তি টাকাগুলো তাড়াতাড়ি দেবার ব্যবস্থা করুন। কেন্দ্রীয় গ্র্যান্টস কর্মশন থেকে আরও অনেক খাতে বিশ্ববিদ্যালয় টাকা পেতে পাবেন। অনেক সময় “রেকারিং গ্রাটে”-র টাকা সম্বন্ধে আমাদের পশ্চিমবাংলার শাসকবর্গ পরিষ্কার করে বলেন না যে, সেটা তাঁরা দেবেন কি দেবেন না, বা কি পরিমাণ দেবেন। এজন্য বিশ্ববিদ্যালয় অনেক সময় কর্মশনের নিকট টাকা দাবি করতেও সাহস করেন না। যেমন ডিপার্টমেন্ট অফ ইকনোমিকস, কিম্বা আরও অনেক স্কীম বা ডি এল মিশন কলেজ ইত্যাদি সমস্ত ব্যাপার রয়েছে। বিশেষ করে অ্যাফিলিয়েটেড কলেজের কথা বলতেই হয়। স্থানকার অধ্যক্ষ এবং অধ্যাপকদের পাশে পশ্চিমবঙ্গ-সরকারের কবলে গিয়ে পড়তে হয় এই ভয়ে ইউনিভার্সিটি গ্র্যান্টস কর্মশনের প্রতিশ্রুত অধ্যাপকদের প্রেত বাড়াবার টাকাটা নিতে পর্যন্ত দ্বিধাগ্রস্ত হয়ে আছেন।

শিক্ষাবিভাগ সম্বন্ধে আমার বলা শেষ হয়ে এল আর ২-১ মিনিটের মধ্যে এ বিষয়ে আমি যা বলতে চাই তা বলেই শেষ করছি। শিক্ষা সম্বন্ধে যে নীতির স্বার্থে তাঁরা পরিচালিত হচ্ছেন তা হচ্ছে দেশে শিক্ষাকে সংরক্ষিত করা এবং শিক্ষাবিভাগকে সম্পূর্ণরূপে করায়ন্ত করার নীতি। নিজেদের দলগত স্বার্থে তা প্রয়োগ করতে পারলেই তাঁরা নিশ্চিন্ত হতে পারেন। অর্থাৎ তাঁদের ইচ্ছাই হ'ল দেশবাসীকে শিক্ষা থেকে বাঁচিত করে অন্ধ করে রাখা।

আর ঠিক সেই সেই নীতির স্বার্থে চালিত হয়েই বর্তমান রাজ্যসরকার বাংলাদেশে বাংস্বাভাবিক রাজ্যভাষ্য করতে অস্বীকৃত। এখানে এই প্রশ্নে আমার বেশী বলার প্রয়োজন নেই—বিশেষত আপনার যখন সভাপতি। আপনার প্রণীত গ্রন্থ থেকেই যা অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস প্রকাশ করেছেন, বলতে পারি যে, সেখানে আপনি বলেছেন, এই দেশে সাধারণ মানবের কেনাদিনই ইংরাজী ভাষা আয়ত্ত করবার মতন সম্ভাবনা নেই। আমাদের এই দেশ গণতান্ত্রিক শাসনের মধ্য দিয়ে চলবে। কিন্তু যেখানে জনগণের ভাষা সরকারী কাজে চলবে না সেখানে কি রকম গণতন্ত্র চলবে সেটা আমার ধারণার অতীত। আমি বেশ জানি যে, অনেকের ধারণা আছে যে, কেন আগে তো অন্য ভাষায় চলত। কিন্তু বর্তমানে রাষ্ট্রের যা ধারণা, আর প্রবেশকার রাষ্ট্রের যা ধারণা, এ দুটি সম্পূর্ণ স্বতন্ত্র। আমাদের দেশে প্রজাসাধারণের সঙ্গে রাষ্ট্রের যোগাযোগ অতি সামান্য থাকত এবং জনসাধারণ নিজেদের গ্রাম জীবনে সমাজের স্বার্থে চালিত হ'ত। এখন কি পাশাপাশ দেশেও প্রাচীনকালে প্রধানত, রাষ্ট্রের কাজ ছিল পূর্ণরূপে অর্থাৎ দৃঢ়চালনা এবং কর আদায় করা। কিন্তু বর্তমানের রাষ্ট্র কি প্রকৃতির? বর্তমানের রাষ্ট্র গণতান্ত্রিক রাষ্ট্র—সেখানে প্রজা শুধু অপ্তান্ত্রিকভাবে পালিত হয় না, প্রজাই তার শাসক নির্বাচন করে, এবং প্রজাই আসলে সভরেন বা রাজা। অর্থাৎ জনসাধারণ যেখানে রাজা সেখানে জনসাধারণের ভূমিকাও রাষ্ট্রে দিনের পর দিন বাড়বে। অতএব রাষ্ট্রের স্বরূপটা আমরা যদি না বুঝি, এবং প্রজাসাধারণের রাষ্ট্রে যে ভূমিকা সেটা যদি আমরা বিস্তৃত হই। তা হ'লেই শুধু বলতে পারি যে, এই রাষ্ট্রে দেশের লোকের ভাষায় কাজ না চললেও চলবে। আমি কিছুদিন আগে সংবাদপত্র পাঠ করে একটা কথা জানলাম। আজকে এখানে ঘৃঢ়্যমন্ত্রী উপস্থিত থাকলে হয়ত আমরা এ বিষয়ে আরও আলোক লাভ করতাম। তিনি বলেছেন—তিনি বেঁচে থাকতে নাকি এদেশে বাংলাভাষ্য যাতে রাজ্যসরকারের কাজ না চলে সেবক ব্যবস্থা বহাল থাকবে। তিনি দীর্ঘায় হোন এবং তাঁর গান্ধিসভা স্বল্পায় হোক, এই তা হ'ল

আমরা কামনা করব এবং বাংলাদেশের প্রতোক্তেও এই কামনা করবে। আমি এইমত আপনার কাছে বস্ত্র রাখিছি যে, আপনারা বাংলাভাষাকে যদি রাজসরকারের ভাষা হিসাবে গ্রহণ না করেন, তা হলে দেশের অগ্রগতি ব্যাহত হবে। এই প্রস্তাবের মধ্যে আমি বলে দিতে পারি যে, এতে হিস্পী বা ইংরেজী বর্জনের প্রশ্ন নেই। এবং সংস্কৃতকেও এখানে সাধারণের ভাষা করা যাবে এমন কোন সম্ভাবনাও নেই। কাজেই বাংলাদেশে বাংলাভাষা জনগণের ভাষা। গণতান্ত্রিক রাষ্ট্রে জনগণই রাজা এবং জনগণের ভাষাই রাজভাষা। অতএব এই ব্যবস্থা যদি অপনারা চালু না করেন তা হলে পর্শমবাংলা সরকারের মনে রাখা দরকার যে, পূর্ববাংলার বাঙলী যেভাবে বুকের রক্ত দিয়ে একদিন প্রমাণ করে গেছে যে, তারা বাংলাভাষাকে কত চালবাসে, একদিন পর্শমবাংলাও তা করবে।

[10-50—11 a.m.]

### Sj. Rabindralal Sinha:

মাননীয় পরিষদপাল মহাশয়, বিধানমণ্ডলীর বর্তমান অধিবেশন করে মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার সম্বন্ধে বিতর্ক শুরু হয়েছে এবং সেই ভাষণের জন্য মহামান্য রাজ্যপাল মহাশয়কে ধন্যবাদ জ্ঞাপন করে যে প্রচলিত উত্থাপিত হয়েছে আমি তাঁকে সম্পূর্ণ সমর্থন জানাই। সংসদীয় রীতি হচ্ছে এই যে, রাজ্যপালের ভাষণকে উপলক্ষ করে রাজসরকারের কর্মনীতি এবং কর্মসূফল বা বিফলতা সম্বন্ধে আলোচনা করা এবং আমিও তাতে কিছু সন্দোগ গ্রহণ করব।

প্রথম কথা আমি বলি, রাজ্যপালের ভাষণ থেকে আমরা দেখতে পাচ্ছি প্রশাসনিক ব্যবস্থায় বিগত বৎসরে রাজসরকার যে সাফল্য অর্জন করেছেন এবং বাংলাদেশকে পরিপূর্ণভাবে কলাণ্ড রাষ্ট্রে পরিণত করার প্রচেষ্টায় যে সাফল্য অর্জন করেছেন বা সেদিকে যে প্রচেষ্টা চলেছে তা বিস্তারিত বিব্রত হয়েছে। কিন্তু তার সঙ্গে সঙ্গে এইটুকু লক্ষ্য করাই যে, রাজ্যপালের ভাষণ বাস্তবধর্মী—তাতে আস্তানুষ্ঠির মনোভাব নেই এবং পর্শমবাংলার সম্মত ব্যাট সমস্যা আছে সেসব সম্বন্ধে তিনি আমাদের অবহিত করেছেন। আমার মাননীয় বন্ধুদের কেউ কেউ আপন্ত উত্থাপন করেছেন যে, রাজ্যপালের ভাষণে সম্পূর্ণ বিস্তৃত বিবরণ নেই। অর্থাৎ রাজসরকারের বিগত বৎসরের কার্যবলীর বিস্তৃত বিবরণ নেই। আমি আমার মাননীয় বন্ধুদের সমরণ রাখতে অনুরোধ করব যে, সংবিধানের ১৭৬ অনুচ্ছেদ অন্যায়ী বিধানমণ্ডলীর বৎসরের প্রথম অধিবেশন উদ্বোধন করতে রাজ্যপাল ভাষণ দেন। এবং সেটা যে রাজসরকারের বিস্তারিত কার্যবিবরণী নয় এ কথাটা তাঁদের স্মরণ রাখতে হবে। বর্তমান সংবিধান অন্যায়ী এই ভাষণের পরিাধি খালিকটা সীমাবন্ধ থাকতে বাধ্য। আমার মাননীয় বন্ধুদের অন্তর্বর্তী এই ভাষণের পরিাধি হচ্ছে রাজসরকার যেভাবে অগ্রগতির পথে এগিয়ে যাচ্ছেন সেটা যথেষ্ট নয়। আজকে সাফল্য কিম্বা বিফলতা বিচার করবার কোন অনাপেক্ষক মান বা অ্যাবসলিউট স্টান্ডার্ড নেই। স্তুতরাঙ সেটা বিচার করতে হলে প্রথমে আমায় পটভূমিকা দেখতে হবে। অর্থাৎ কি পটভূমিকায় কি সম্বল নিয়ে কতটা সাধ্য ছিল ততটুকুন হয়েছে কিনা? সে কথাই বল্যার করতে হবে।

আমরা জানি স্বাধীনতার সঙ্গে সঙ্গে আমরা শুধু শূন্য থেকেই শুরু করি নি—  
not only from the scratch but from the negative

অতএব এইভাবে বিচার করলে রাজসরকার তাঁদের সাফল্যের জন্য অভিনন্দিত হওয়ার যোগ্য নিরপেক্ষ মানুষ যে সে অন্তত অভিনন্দন করবে বলে বিশ্বাস করি। (জনেক সদস্যঃ  
মরেন?) হাঁ, নিশ্চয়ই করি।

তারপর, পর্শমবাংলের প্রধানতম সমস্যা—খাদ্য সমস্যা। সে সমস্যা সমাধানের জন্য সরকার যে অবহিত আছেন সে কথা রাজ্যপালের ভাষণে রয়েছে। খাদ্যসমস্যা আমাদের দীর্ঘস্থায়ী সমস্যা হয়ে দাঁড়িয়েছে। স্তুতরাঙ উৎপাদন বৃদ্ধি এবং কৃষির উন্নতির জন্য চেষ্টা করেছেন। আমরা জানি যে, স্বাধীনতার পর যাতা শুরু হবার আগে সেচের ব্যবস্থা বিশেষ কিছু ছিল না। এ অবস্থায় খাদ্য উৎপাদন বৃদ্ধির ব্যাপারে রূপকথায় প্রচলিত সোনার কাঠির ছৈয়া লাগালেই

রাত্তিরাতি সোনা পাওয়ার সম্ভাবনা নাই, সুতরাং খাদ্য বৃক্ষিক করতে হ'লে সময় লাগবে। কারণ ধীরে ধীরে অগ্রসর হ'তে হবে। আমরা জানি আমাদের বন্ধুদের মধ্যে এমন মানুষ আছেন যাঁরা অসহিত্বা; তাঁরা মনে করেন এখনই না হ'লে কিছুই হল না, তাঁরা আদর্শবাদী। আর্থিক আদর্শবাদকে শুন্ধা করি, কিন্তু এই আদর্শবাদ যদি দেশের সাধারণ মানুষের মনোবল নষ্ট করে, তাদের জাতীয়তার মলে কুঠারাঘাত করে তার মন থেকে ভবিষ্যতের স্বপ্নকে বিলীন করে দেয় তা হ'লে তাকে আদর্শবাদ বলতে পারা না, তাকে বলব—উজ্মাদ স্বর্ণনির্বালাস।

আর একদল মানুষ আছেন, তাঁরা মনে করেন—গণতন্ত্রের পথে নির্বাচনের মাধ্যমে ক্ষমতার আসনে আসীন হওয়া তাঁদের পক্ষে সম্ভব নয়, তাঁদের মত হচ্ছে—ঝুঁটিয়ে মানুষের সাহায্যে দেশের সমস্ত মানুষের মনোবলকে নষ্ট করে বিশ্ববের রক্তান্ত পথে দেশের সমস্ত কিছু ক্ষমতা হস্তগত করা, তাঁদের কথাও আমরা বুঝতে পারি।

এই খাদ্যসমস্যা সম্পর্কে আমাদের রাজ্যপালের ভাষণকে আর্থিকভাবে করাই, রাজসংরক্ষকার এটাকে কোন রাজনৈতিক দলীয় দ্রষ্টব্যভিত্তি থেকে দেখছেন না। বরং সর্বদলীয় প্রয়ারণ সমর্থ গঠন করেছেন—এটা স্থিরের কথা। এবং আর্থিক আশা করব—আমাদের বিরোধী বন্ধুগণ দলীয় দ্রষ্টব্যভিত্তি থেকে এর বিচার করবেন না।

আমাদের আর একটা প্রধান সমস্যা হচ্ছে উজ্মাস্তু সমস্যা। আজও পশ্চিম বাংলার শিবিরে শিবিরে ২ লক্ষ ৬৫ হাজার উজ্মাস্তু বাস করছে। শিবিরে মানুষ যে বাস করছে, তাদের যে দ্রুতগতির প্রয়োজন তৈরি করতে হচ্ছে তাতে সহানুভূতি প্রকাশ করবে না এমন হ্যায়হীন মানুষ কেউ নাই। এ অবস্থায় অচিরে তাদের পন্থবাসনের প্রয়োজন। আর তাদের মধ্যে বেশ হচ্ছে কৃষিজীবী, আমাদের বিরোধীপক্ষীয় বন্ধুরা যে কথাই বলুন না কেন—পশ্চিমবঙ্গের ধারা সাধারণ মানুষ, স্থায়ী মানুষ, প্রদৰ্শনাত্মক বাসিন্দা মানুষ, তারা সকলেই জানে এবং ভাল করে জানে যে, পশ্চিম বাংলায় এত ভূমি নাই যাতে সমস্ত কৃষিজীবী উজ্মাস্তু মানুষের পুনর্বাসন সম্ভব। তাই সরকার যেসমস্ত জায়গার ভূমি সংগ্রহের জন্য চেষ্টা করতে গিয়েছেন, তার যে কর্তৃত অগুল আর্থিক দেশেছি—সব জায়গায়ই একই প্রতিবাদ উঠেছে, কারণ তোবা, পুরুষ, বাঁশঝাড় এসবও গ্রাম্য অর্থনৈতিকভুক্ত। কৃষির যে অর্থনৈতিক তা তার সঙ্গে জড়িত। কাজেই সেগুলি ছেড়ে দেওয়া তাদের পক্ষে সম্ভব নয়, সুতরাং প্রতিবাদ উঠেছে; এবং সেই প্রতিবাদকে প্রতিরোধে পরিষ্কার করবার জন্য কারা উক্কানি দিচ্ছে সেকথা প্রকাশ করে বলতে হবে। (শ্রীযুক্ত টিপুরার চক্রবর্তীঃ দণ্ডকারণ।) সে কথায় পরে আসীছ। বন্ধুদের আর্থিক দ্রুত ধরতে বলব। সতের আভাস মাত্রতে ওঁদের ধৈর্যের অভাব হয়েছে, কারণ গায়ে লাগছে। আর্থিক যেকথা বলতে যাচ্ছলাম—কারা উক্কানি দিচ্ছেন, নেতৃত্ব দিচ্ছেন—গ্রামবাসীদের প্রতিবাদ যে আছে, সে প্রতিবাদকে প্রতিরোধে পরিষ্কার করার জন্য এ সম্পর্কে গ্রাম্য প্রবাদ যে আছে সেইটে মনে পড়ে—চোরকে বলে চুরি করতে, গৃহস্থকে বলে সাবধান থাকতে [হাস্য] এইরকম যাঁরা তাঁরাই বলেন—পশ্চিমবঙ্গে পুনর্বাসন সম্ভব।

[Noise and interruption from the opposition benches.]

গোলমাল করে লাভ নেই, অনেক চেষ্টা ত করলেন, এরকম করে আমাকে নিরস্ত করতে পারবেন না।

তারপর আর্থিক বলব, দণ্ডকারণে যদি আমাদের উজ্মাস্তু ভাইবোনদের জন্য উপর্যুক্ত স্থাপিত হয় তা হ'লে বাংলার কল্যাণ হবে। কারণ একটা সমাজের একটা ব্যবহারের একসংগে একটা রাজ্যে বাস করা সম্ভব হবে। (শ্রীযুক্ত টিপুরার চক্রবর্তীঃ দণ্ডকারণে রাঙ্কসে থেকে ফেলবে।) রাঙ্কসের কথা যে বলছেন তারা এখনও দণ্ডকারণে গিরে পেঁচাইয়ে নি। তারা এখানেই বাস্তুহারাদের থাচ্ছে। সবচেয়ে অজ্ঞ হচ্ছে এই যে, তারা বন্ধুর ছন্দবেশে তাদের থাচ্ছে। যদি বন্ধুর ছন্দবেশে না থেকে তা হ'লে খাওয়ার সুবোগ কম পেত। এই যে উজ্মাস্তু পুনর্বাসন এটাকে দলীয় দ্রষ্টব্যকোণ থেকে না দেখে যাতে পশ্চিমবঙ্গের বাইরে সহজে পুনর্বাসন সম্ভব হয় সেজন্য অন্যান্য রাজ্যের সহযোগিতা প্রার্থনা করতে হবে। আমরা জানি দীর্ঘদিন এই পরিবেশে থাকার ফলে এবং সরকারী সাহায্যের প্রতি নির্ভরশীল হবার ফলে

উচ্চাস্তুদের ঘনোবল ধূস হয়ে যাচ্ছে। কাজেই যদিও তারা সমাজেরই অংশ তবু সমাজেরই বিরুদ্ধে আজ তাদের বিক্ষেপ জেগে উঠেছে এবং সেটা কিছু অস্বাভাবিক নয়। সুতরাং এই কথা স্মরণ করে অচিরে উচ্চাস্তু প্রনৰ্বাসনের জন্য আমাদের আপ্রাণ চেষ্টা করতে হবে।

বেকার সমস্যা সম্বন্ধে আমার বন্ধুরা অনেক কথা বলেছেন। পর্যবেক্ষণের বেকার সমস্যা সত্ত্বেই বিরাট এবং এই সমস্যা আজ আমাদের প্রত্যেকটি চিন্তাশীল মানুষকে চিন্তিত করে তুলেছে। একদিকে এই বেকার সমস্যা আর একদিকে পর্যবেক্ষণের জনসংখ্যা ক্রমশ বেড়ে চলেছে। অবশ্য এই প্রসঙ্গে রাজসরকারের জনস্বাস্থ্য বিভাগকে অভিনন্দন করাছ—তাঁদের প্রচেষ্টায় পর্যবেক্ষণ বাংলার ম্তুহার আশাতীতভাবে কমে গিয়েছে। সেজন্য সরকার গর্ব অনুভব করতে পারেন যে, এর ফলে জনসংখ্যা বেড়ে যাচ্ছে। সুতরাং ন্তুন ন্তুন শিল্পপ্রতিষ্ঠা না হলে কর্মসংস্থানের ন্তুন উপায়, ন্তুন পথ না হলৈ কি করে এই বেকার সমস্যার সমাধান হবে আমরা বুঝতে পারিনা। শিল্প রাষ্ট্রীয়ত করার প্রয়োজন আছে জানি, বিশেষ করে মূল শিল্প রাষ্ট্রীয়ত করার যেমন প্রয়োজন ন্তুন শিল্পের প্রতিষ্ঠারও তেমনি বিশেষ প্রয়োজন। আজকে এই দরিদ্র রাষ্ট্রের পক্ষে এমন শক্তি নাই, এমন আর্থিক সংজ্ঞান নাই যাতে করে নব নব শিল্প প্রতিষ্ঠা করা যায়। সুতরাং বাস্তিগত মালিকানা ও বাস্তিগত মূলধনের মধ্য দিয়ে শিল্পপ্রতিষ্ঠার প্রয়োজন আছে। আজ পর্যবেক্ষণ বাংলায় বাস্তিগত মালিকানা কেন ন্তুন শিল্প প্রতিষ্ঠা করছে না তা স্মরণ করতে হবে। এই প্রসঙ্গে পর্যবেক্ষণের শ্রামিক সমস্যা সম্বন্ধে একটা কথা বলতে বাধ্য হচ্ছি। আজ আমরা দেখতে পাই বিভিন্ন প্রতিষ্ঠানে বিভিন্ন রাজনৈতিক দলের লেজেন্ড সংস্থা সব গঠিত হচ্ছে এবং রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে সেইসব শ্রামিক সংস্থাগুলি কাজ চালাচ্ছে এবং তা প্রেত ইউনিয়নের পর্যাপ্ততে নয়। সেই কারণে পর্যবেক্ষণের লোকে ইন্দ্রপ্রস্তুরী হংসীকে নিধন করলে লাভ হবে না—এইকথা স্মরণ রাখতে বলব।

[11—11-10 a.m.]

আমাদের বন্ধু ডাঃ মণীন্দ্রমোহন চৌধুরী হাওড়া হাসপাতাল সম্বন্ধে বলেছিলেন এবং আমাকে নজির দিয়েছিলেন। সুতরাং এই প্রসঙ্গে একটা কথা বলতে হবে। তিনি বলেছিলেন, হাওড়া হাসপাতালে মানুষ যেতে চায় না একথা ঠিক নয়। আমার কাছে হাসপাতালে ঢোকার জন্য যে চেষ্টা হয়েছে ঢোকাতে পারি নি, বেড পাওয়া যায় নি। তার মানে একথা বলছি না—হাসপাতালে কোন অসুবিধা নাই কোন অভাব নাই। হাওড়া হাসপাতালে এই দিক থেকে উন্নতি করার প্রয়োজন হয়েছে। তার সংবর্ধন এবং বিন্যাসের প্রয়োজন। কিন্তু শহরে যে ঘনবস্তি সে হিসাবে ঘনবস্তিবহুল স্থানে হাসপাতাল গঠনের সেখানে জায়গা নাই। হাওড়া ৫ লক্ষ মানুষের বাসভূমি এবং দরিদ্র শ্রমজীবী অধৃত্যাবস্থ শহর। বর্তমানে সরকারের আবার একটা হাসপাতাল গঠন করা উচিত। হাওড়ায় একটা বিরাট জামি নিয়ে হাসপাতাল আছে তুলসীরাম জয়সোয়াল হাসপাতাল, সরকারের হাতে তুলে দেবার জন্য হাসপাতালের কর্তৃপক্ষ অনিচ্ছুক নয়, আরী আশা করি সরকার সেই হাসপাতাল গ্রহণ করে এই হাওড়ার বিশেষ অভাব দ্রুতভাবে করবার জন্য চেষ্টা করবেন।

আর একটা কথা রাজ্যপালের অভিভাবণে জানিয়েছেন যে, কংগ্রেস সরকারের যে বহুবিধীন নীতি বিচারকবর্গ এবং নির্বাহিকবর্গের স্বাতন্ত্র্যকরণ—সেই নীতিকে বর্তমান সরকার শুধু স্বীকারই করেন নি, সেই নীতিকে কার্যকরী করবার জন্য এঁগিয়ে চলেছেন দৃঢ়।

আর একটা কথা বলব—বর্তমান পৌরপ্রতিষ্ঠানগুলি ও জেলা পর্যবেক্ষণের যে আর্থিক অবস্থা, তাদের যে আর্থিক সংজ্ঞান এখন আছে তাতে সরাসরি কর ধার্য করা ছাড়া আর আয়ের বিশেষ পক্ষ নাই—বাংলায় প্রতিশব্দ জোগাচ্ছে না—এটাকে ইনইলাস্টিক বলব। আজকে এই অবস্থায় রাজ্যসরকারকে এঁগিয়ে আসতে হবে সাহায্য করবার জন্য।

আমরা দেখতে পাচ্ছি, গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষার ভার জেলা বিদ্যালয় পর্যুক্ত সরকার গ্রহণ করেছেন, শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষার ভার পৌর প্রতিষ্ঠানের হাতে আছে।

কিন্তু কোন পৌর প্রতিষ্ঠানের আজকে সামর্থ্য নাই যাতে তারা এই ভাব প্রচলণ করতে পারে, এই দায়িত্ব তারা প্রহণ করতে পারে। আজকে সরকার হয় ন্তন প্রতিষ্ঠান গঠন করলেন কিংবা পৌর প্রতিষ্ঠানকে আর্থিক সাহায্য দিন—তা হলে শহরাঞ্চলে প্রার্থমিক শিক্ষার ব্যবস্থা হচ্ছে পারে।

শহরাঞ্চলে জলসরবরাহ ব্যবস্থা সম্বন্ধে রাজ্যপাল মহোদয়ার ভাষণে দেখতে পাইছ কয়েকট পৌর প্রতিষ্ঠানকে কয়েক লক্ষ টাকা দেওয়া হয়েছে। আনন্দের কথা, সুখের কথা। কিন্তু শহরাঞ্চলে বহু জনসমাবেশ—সেখানে জলসরবরাহের জন্য বিশেষ ব্যবস্থা থাকা উচিত। এই হাওড়ার কথা বলতে পারি—“প্রদীপের নিচে অধিকার”—কলিকাতা, মহানগরীর নিকটতম প্রতিবেশী এবং ধনীর দীর্ঘ প্রতিবেশী হাওড়া, সেখানে যখন জলসরবরাহের ব্যবস্থা হয়েছিল তখন হাওড়ার জনসংখ্যা ছিল কিঞ্চিদ্বার্ধিক ১ লক্ষ। আজকে ৫ লক্ষ হাওড়ার জনসংখ্যা প্রায়। স্তুতরাঃ সেই জলসরবরাহ ব্যবস্থা দ্বারা জলসরবরাহ ব্যবস্থা ‘সম্ভবপর নয়। ডুগর্ভূত পরাণগালী নেই, সিউরেজ ডিসপোজালএর জন্য সিউরেজ দরকার। অবশ্য হাওড়ায় উভয়ন সংস্থা—ইস্প্রদ্বয়েল্ট ট্রাস্ট গঠিত হয়েছে। তারা এই কাজের ভাব পেয়েছে, তার জন্য কয়েক কোটি টাকার দরকার। কিন্তু জলসরবরাহ ব্যবস্থা কিন্তু পৌরপ্রতিষ্ঠানের হাতেই রইল। স্তুতরাঃ জলের ব্যবস্থা করতে গেলে প্রায় ২ই কোটি টাকার দরকার। স্তুতরাঃ প্রতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্যসরকার অন্তত এ বিষয়ে এগিয়ে নাগেলে সমস্যার সমাধান হবে না।

আর একটা কথা বলব। সবয় সংক্ষেপ বলৈ কম করেই বলছি। সেটা হচ্ছে বাংলাভাষাকে সরকারী ভাষার পে ঘোষণা করা, অবশ্য রাজ্যসরকার উদ্যোগী হবে একথা বলা হয়েছে, একথ সাধাৎ; এবং শেষ পর্যন্ত বাংলাদেশে সরকারী ভাষা বাংলাভাষাই হবে সৈবয়ে কারও সন্দেহ নেই। কিন্তু এখনই করা সম্ভব কিনা একথা চিন্তা করতে হবে। আমাদের যেসমস্ত বন্ধুরা ইংরাজী চিরকালের জন্য কেন্দ্রীয় সরকারের ভাষা রাখিবার ওকার্লিত করেছেন। আশা করি এ বিষয়ে তাঁরা চিন্তা ক’রে দেখবেন। এই ইংরেজী কেন্দ্রে রাখা সম্ভব হবে না চিরকালের জন্য। আজকে বাংলাভাষাকে রাতারাতি আইন করে সরকারী ভাষা ক’রে চালু করা যায় না, তার জন্য প্রস্তুতি দরকার।

আর্মি এবাবে দেখে থুব আনন্দিত হলাম যে আমাদের শ্রদ্ধেয় বন্ধু অধ্যাপক নির্মল ভট্টাচার্য মহাশয় তাঁর যা কিছু বক্তব্য সব বাংলায় পেশ করছেন। কিন্তু তা সন্তোষ দেখলাম কালকে রাজ্যপালের ভাষণের উপর আক্রমণ স্বীকৃত হোল ইংরাজী ভাষায় এবং পর পর দ্বিজন। স্তুতরাঃ আমাদের দিক থেকে চেষ্টা কোথায়, আমাদের দিক থেকে প্রস্তাব কোথায়? তা ছাড়া এটা এট সহজে নিলে চলবে না। অনন্দবাজার পত্রিকায় সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের সিমেট সভায় বড় বড় শিক্ষাবিদদের বক্তৃতার যে অংশ উদ্ধৃত করে দিয়েছিল সেই জগাখিচুড়ী ভাষা আমাদের পরিহার করবার চেষ্টা করতে হবে। স্তুতরাঃ আমাদের প্রস্তুত থাকা দরকার। ছেলেবেলায় এক বাণ্ণালী কৰিব কৰিবতা পড়েছিলাম—

নৈর্লাসুর আসমান, লালে লাল দুনিয়া  
আস্মামুখ তেরী, কেয়া ঘুন ঘুনিয়া।  
কাঁদে কোন কুন্দসী, কার বালা ফেরাতে,  
সে কাঁদনে আস্তু আনে সীমারেরও ছোরাতে।

বন্ধুলাম বাংলা হরফে যখন ছাপা হয়েছিল তখন বাংলা কৰিবতা। স্তুতরাঃ বাংলা হরফে লেখা হচ্ছে বলে বেন এই রকম বাংলা বক্তৃতা না হয় এ বিষয়ে অবহিত হওয়া প্রয়োজন। বাংলা নিশ্চয়ই গৃহীত হবে। আজকে যেমন ইংরাজী অপসারণ সম্বন্ধে কেন্দ্রেও স্বরিণ কিছু করা উচিত হবে না, বাংলাদেশেও তেমনি ধীরে ধীরে বাংলাকে গ্রহণ করতে হবে। তবে কেন্দ্রে ইংরাজী সরাতে যত সময় লাগবে বাংলাদেশ ইংরাজী সরাতে তত সময় লাগা উচিত নয়, তার চেয়ে অনেক কম সময় লাগা সম্ভব। আর বিশ্বাস করি যে এ-বিষয়ে আমাদের সরকার অবহিত হবেন, আমাদের বন্ধুরাও অবহিত হবেন। আর একটা কথা বলবো মাননীয় রাজ্যপাল মহোদয়া তাঁর ভাষণে

অন্তরোধ জানিয়েছেন সকলকে সশ্বালিতভাবে এই সমস্যাসঙ্কুল রাজ্যের সমস্যা সমাধান কল্পে এগিয়ে আসবার জন্য। আমাদের বিরোধী পক্ষের বন্ধুদের কাছে এই আবেদন আর্ম জানাবো যে তাঁরা সহযোগিতা করুন। অবশ্য তাঁরা সহযোগিতা মানে বোবেন যে তাঁরা হৃকুম করবেন আর এঁরা তামিল করবেন সেটা সহযোগিতা নয়। জনসাধারণেরই হৃকুম করবার অধিকার আছে কারণ তাঁরা প্রার্থণা করেছিলেন ১৯৫২ সালে এবং ১৯৫৭ সালে তাঁদের হাতে পশ্চিম-বঙ্গের সরকার পরিচালনার ভার দেবার জন্য [বিরোধীপক্ষের বেগ হইতে হটগোল] কিন্তু জনসাধারণ তা দেন নাই। সূত্রাং আর্ম একথা বলবো দলীয় স্বার্থবৃদ্ধি যেন দেশের সামর্থ্যক এবং সার্বিক কল্যাণ কোন রকমে ব্যাহত না করে সেদিকে সকলের লক্ষ্য রাখা দরকার—এই আশা নিয়ে আর্ম আমার সামান্য বক্তৃতা শেষ করিলাম।

[11-10—11-20 a.m.] .

**Mr. Chairman:** Sj. Bibhuti Bhushan Ghose may now speak. I request the members to phase the various topics in their motions because we are short of time.

**Sj. Bibhuti Bhushan Ghose:** Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.—

“But regret that the picture painted regarding—

- (i) the present position of food in the State;
- (ii) rehabilitation of refugees;
- (iii) public health in West Bengal;
- (iv) relief given by the State Government to the needy people;
- (v) N.E.S. Block; and
- (vi) General Administration in the speech;

do not all tally with real state of affairs now existing in West Bengal”.

মাননীয় সভাপাল মহাশয়, আমি অত্যন্ত স্থির হতাম যদি রাজ্যপালিকার ভাষণের উপর সমালোচনা আমাকে না করতে হোত। কিন্তু রাজ্য পালিকার ভাষণের মধ্যে আজ পশ্চিমবাংলায় দুর্শাস্ত অগার্ণত নরনারীর অন্ত, বস্ত্র, শিক্ষা, স্বাস্থ্য প্রভৃতির সমস্যার সত্যকারের রংপুর ফুটে উঠে নি। তাঁর সরকার যে দায়িত্ব গ্রহণ করেছেন সেই দায়িত্ব যথাযথভাবে পালিত হয় নি বার ফলে আজ সারা পশ্চিমবাংলায় দুর্ভীক্ষের পদধর্মীন শোনা যাচ্ছে। নিতান্তের্মান্তিক দুবো মূল্য এত বৃদ্ধি পেয়েছে যে তা মানুষের ক্ষয়ক্ষতির বাইরে চলে গেছে, মানুষের জীবন ধারের মান কিছুমাত্র উন্নত হয় নি অথচ সামর্থ্যক পরিকল্পনার খাতে যে বিরাট অর্থ ব্যাপ্ত হচ্ছে সেই বায়ের পরিমাণ এবং সাধারণ মান ধারের জীবনযাত্রার মান উন্নয়নের যে পরিকল্পনা তাৰ গীত যদি আমরা লক্ষ্য কৰি তা হলো বুৰুতে পারবো যে রাজ্যপালিকার ভাষণের মধ্য দিয়ে পশ্চিমবাংলার সত্যকারের চেহারা ফুটে উঠেন। সেজন্য আমাদের প্রায়ই এই সমালোচনায় ইঞ্চল্পণ করতে হয়। রাজ্যপালিকার ভাষণে খাদের এই বিরাট সমস্যার কথা স্বীকৃত পড়েছে। এই স্বীকৃতির সাথে সাথে তাঁর সরকার খাদ্যসমস্যা সমাধানের জন্য যেসমস্ত প্রচেষ্টা চৰেছেন তার উল্লেখ থাকলেও আমরা মনে কৰি না যে, কৰডোন তুলে দিলেই অথবা কলওয়ালা-দের কাছ থেকে শতকরা ২৫ ভাগ খাদ্য গ্রহণ কৰলেই এই বিরাট সমস্যার সমাধান হবে। আমরা এটা এই কারণে মনে কৰি না যে, খাদ্যমন্ত্রী তাঁর বিভিন্ন বক্তৃতার মধ্যে দিয়ে যেভাবে খাদ্য-মন্ত্রীর কথা উল্লেখ করেছেন—প্রথমে আমরা শুনলাম ১৬ লক্ষ টন খাদ্য ঘাটাই, পরে শুনলাম পশ্চিমবাংলায় ১২ লক্ষ টন খাদ্য ঘাটাই আছে, তারপর রাজ্যপালিকার ভাষণে আমরা দেখতে পেলাম যে, মাত্র ৭ লক্ষ টন খাদ্য ঘাটাই আছে পশ্চিমবাংলায়—এই পরস্পর বিরোধী উন্নতির ধারা একথা অবশ্য স্বীকৃত্য যে এই সমস্যার প্রতি যতটা গুরুত্ব দেওয়ার প্রয়োজন ছিল তা কৰা হয় নি। সেই দশ বৎসর ধরেই আমরা দেখে আসছি যে, খাদ্য সমস্যা পশ্চিমবাংলায় এমন একটা সমস্যায়

মাননীয় সভাপতি মহাশয়, আজকে একটা থোক টাকা পাশ করে দেওয়ার জন্য আমদে সামনে একটা প্রস্তাৱ এসেছে, টাকাটা কি বাবদে খুচ হবে তার ধৰ্মটিনাটি হিসাব দেওয়া হন নাই। সামান্য যা হিসাব দিয়েছেন তার অৰ্তৱিষ্ট সে সম্বন্ধে কোন কিছু উল্লেখ কৰে আইনতঃ অধিকার আমাদের নাই। কাজেই সেটা কিৱকম হচ্ছে, না, ইংরাজীতে যাকে বড়—গড়ীৰ সামনে ঘোড়া না জড়ে ঘোড়াৰ সামনে গাড়ী জড়ে দেওয়া হচ্ছে। আগে টাকা কৰবেন তারপৰে বলনেন কোন হিসাবে কত দিতে চান। এ যেনে পিছু হঠে বলেছেন এগ যাও ; এইৱকম মনে হচ্ছে। কাজেই টাকার পৰিমাণ উল্লেখ করে গ্ৰীবকম ভাসা ভাসা কৰ্তৃত তাই বলতে বাধা হব।

প্রথমতঃ প্রাইলস মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই একটা বিষয়ে—সেটা ইচ্ছা কলিকাতার শহরে চৌরঙ্গী, এসপ্লানেড, শিয়ালদহ, ধৰ্মতলার মোড়, থিয়েটাৱ রোড, কালী স্টোৰ, আশুতোষ মুখ্যাজীৰ রোড বা অন্যান্য জায়গায় অনেক সময় দেখেছি যে রাস্তার যানবাহন কিভাবে চলছে সেদিকে নজৰ না রেখে স্থানকাৰ প্রোফিক প্রাইলস ফুটপাথে একটা দেকানে মধ্যে দৰ্জিয়ে তাকিয়ে থাকেন এবং যাঁৰা যানবাহন চালান, তাঁদের উপর কিছু হলেই তাড়া আসে আমার বাস্তিগত অভিজ্ঞতা থেকে এই কথা বলছি এর একটা কিছু ব্যবস্থা হওয়া উচিত। এই ছুটাট জিনিস তবু, এদিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ কৰি।

আর একটা জিনিস, কাগজে দেখবেন প্রায়ই চিঠি বেরোয় যে, বড় বড় ড্রেন যাতে ময়লা জল বা ব্র্যাটের জল চলে যায়, তার ঢাকনি চুরি হয়ে যাচ্ছে। সেই চুরিটা আমাদের পাড়াতেও দেখেছি। কর্পোরেশনের গার্ল্যাপটেও ঢাকনাগুলি ও চুরি হয়ে গেছে, এবং সম্ম্যার পর অন্ধকারে সেইসব জায়গা দিয়ে যেতে গেলে গর্তের মধ্যে পা পড়লে পা ভাঙ্গাবার ভয় আছে, এবং বড় ঢাকনাগুলোর জায়গায় পড়লে একেবারে স্টান ভৃগর্তে, পাতালে প্রবেশ করতে হবে। বহু জায়গায় রাস্তায় এসব দেখতে পাওয়া যাবে। এ সম্বন্ধে অনেকে কাগজে চিঠি লিখেছেন। পুলিস মন্ত্রীমহাশয় আজকাল নিয়ম করেছেন যে কাগজে অভিযোগ হলে সেটার প্রতি তার দ্রষ্টি আকর্ষণ করা উচিত। কিন্তু এ বিষয়ে তাঁর বিভাগ সেই নিয়মটা পালন করেন কিনা জানি না। ইহসব ঢাকনী ভঙ্গা লোহার হিসেবে বিক্রয় হয়, কাজেই ওটা বন্ধ করার জন্য সংঘবন্ধ ব্যবস্থা না করলে তা সম্ভব হতে পারবে না। এ জিনিসটা অত্যল্প বেড়ে গেছে। রাস্তা থেকে আরম্ভ করে বাড়ীর ভিতরের ঢাকনী পর্যন্ত, এমনকি পায়খানার সিস্টার্নও খুলে নিতে আরম্ভ করেছে; আমার পাড়ার জানাশুনা লোকেরও এই দুর্ভোগ ভোগ করতে হয়েছে। জানি বলেই এ কথা বলাই। আমরা পাড়ার থানার দ্রষ্টি আকর্ষণ করেছি কিন্তু এ'রা একটা বড় মায়লা সংক্রান্ত ব্যাপারে ব্যস্ত আছেন বলে কিছুই করতে পারছেন না। বড় মায়লার তাঁদের তদন্ত আবশ্যিক বটে, কিন্তু অনেক আবশ্যিকীয় জিনিসের প্রতিও কখনও কখনও পুলিস তেমন দ্রষ্টি দেন না। একবার শুনলাম ভবানীপুরে অশ্বলে একটি ভাল বাড়ীর একটি ছেলে গায়ের হয়েছে; শোনা গেল যে সে খুন হয়েছে। কিন্তু এরকম জিনিসও চাপা পড়ে গৈল বিশেষ করে এইরকম জিনিস ঘটছে সেখানে কোন প্রভাবশালী লোকের সঙ্গে ইহসব ব্যাপারেও সম্পর্ক থাকে সেখানে এসব ব্যাপার চাপা পড়ে যায়। এ সম্বন্ধে আর বেশী কথা বলবো ন, সময় বেশী নাই, নইলে বলতে পারতাম। পুলিসের মধ্যে বহু কর্তব্যপার্যণ লোক আছে। কিন্তু এভাবে প্রভাবশালী লোকের বাধা পড়লে তারা কিছুই করতে পারে না।

[At this stage the blue light was lit]

সভাপতি মহাশয় আমার এখনও পাঁচ মিনিট সময় হয় নি। এবার আমি প্রত্যৰিভাগের মন্ত্রীমহাশয়ের কাছে দ্ব-একটি ছোট ছোট কথা জানাবো। ১৯৫১ সালে বর্তমান মন্ত্রীমহাশয় তখনও মন্ত্রী ছিলেন তখন ঘাটাল রোড হইতে বীরসিংহ পর্যন্ত একটা পাকা রাস্তা তৈয়ারী করবার চেষ্টা হয়েছিল; কিন্তু মাত্র ১৯৫৬ সালে সেটা হয়েছে। তাও যে হয়েছিল তার কারণ, মুখ্যমন্ত্রী মহাশয়। বিদ্যাসাগর মহাশয়ের মর্মরমুর্তি তিনি বীরসিংহ স্মৃতিমন্দিরে স্থাপন করবেন এই কথা প্রচার হওয়াতে রাস্তাটা তাড়াতাড়ি হয়ে গিয়েছিল। কিন্তু আর একটা রাস্তা যেটা সেই ইংরাজ আমলে যখন শ্রীবিনয়বজ্জন সেন মেদিনীপুরের গার্জিস্টেট ছিলেন, তখন খড়ার থেকে বীরসিংহ পর্যন্ত পাকা করে রাস্তা তৈয়ারী হয়েছিল। তারপরে সেটা এ যাবৎ মেরামত হয় নি। বীরসিংহয়ের উচ্চ ইংরাজী বিদ্যালয়—ভগবতী বিদ্যালয় আছে এবং সম্প্রতি মুখ্যমন্ত্রী মহাশয় যখন শিক্ষামন্ত্রী ছিলেন তখন মোটা টাকা দিয়ে সেটা ১১ বৎসরের শিক্ষা কেন্দ্রে পরিণত করা হয়েছে। কাজেই সেখানে ছেলে আরও বাড়ছে ও বাড়বে। সুতরাং সেখানকার সেই রাস্তা ভাল থাকার প্রয়োজনীয়তা আরও বেশী হয়েছে। কিছুদিন প্রবে সেচ মন্ত্রীমহাশয় পারিতোষিক বিতরণ উপলক্ষে সেখানে গিয়েছিলেন এবং তিনিও সেই রাস্তার সংক্রান্তে প্রয়োজনীয়তা দেখে এসেছেন। অবশ্য প্রত্য মন্ত্রী মহাশয় এ বিষয় আশ্বাস দিয়েছেন এবং সেই আশ্বাসের ফলে সেখানে দেখেছি কিছু মাটি চাঁচা হচ্ছে। এদিকে ব্রিধি আরম্ভ হবার খবর দেরী নেই, কেবল মাটি চাঁচা হলে তাতে কাদায় হাঁটু পর্যন্ত ডুবে যাবার সম্ভাবনা রয়েছে। কাজেই বর্ষা আরম্ভ হওয়ার আগেই সেটা পাকা করলে ভাল হয়।

শিক্ষা সম্বন্ধে গোপাল হালদার মহাশয় এবং নির্মলবাবু অনেক কথা বলেছেন, আমি সে সম্বন্ধে আর না বলে অন্যদিকে বলবো। আমাদের দেশ হচ্ছে গরীব দেশ। সুতরাং এখানে যদি বড় বড় বাড়ী থাকে তবে সেগুলির যাতে পুরো ব্যবহার হয় সে ব্যবস্থা করা দরকার। আগামের ভারতবর্ষে যেসব অঞ্চল ঘনবসতিপূর্ণ নয়—যেমন মধ্যপ্রদেশ বা বোম্বাই—এমনকি মাদ্রাজেরও বিশেষ অংশ বাংলাদেশের মত এত ঘনবসতিপূর্ণ নয়, সেখানে সেইসব অঞ্চল বিচার করে যেরকম সংখ্যা নিরূপণ করা হয়েছে যে মহাবিদ্যালয় বা কলেজগুলিতে একমাত্র ১ হাজার ছেলে পড়ান হবে—এ নিয়মের পরিবর্তন হওয়া উচিত। আমি একটি বেসরকারী কলেজের

সঙ্গে সংশ্লিষ্ট, বিশ্ববিদ্যালয় ছাড়াও বেসরকারী কলেজের সঙ্গে যোগাযোগ আছে বলে আমি জানি এইরকম সংখ্যা নির্দেশ করে দিলে সেখানে বাড়ীটা খালি পড়ে থাকবে। সেখানে ১,৫০০ হতে ২,০০০ ছেলে অক্রেশে পড়ানো যেতে পারবে। তা ছাড়া সকালে মেয়েরা ও সম্মানবেলো চাকুরী-জীবীরী পড়তে পারে এবং ব্যবস্থা ছাত্রদের দিক হতে এবং দেশের দিক হতে মূল্যবান। শিক্ষকদের পক্ষ থেকেও এর যথেষ্ট মূল্য আছে। বলা বাহ্যিক এই সব বাড়ীতে একাধিক আলাদা আলাদা বিভাগ বিভিন্ন সময়ে সম্পূর্ণ আলাদা শিক্ষকদের দিয়ে পরিচালনা করতে দেওয়া উচিত। তা হলে বাড়ীর অভাবে কলেজে পড়ার পর্যাপ্ত ব্যবস্থা সম্ভব নয় এ কথা বলতে হবে না।

[At this stage the Red light was shown]

সভাপতি মহাশয়, আমার বেলায় একটু বেশী কঠোর হয়ে পড়লেন। যাই হোক আমার আর এক ঘৰ্মিন্ট আছে। কাজেই যে কথা বলছিলাম সেদিকে আমাদের সরকারের দ্রষ্টিদেওয়া কর্তব্য। অর্থাৎ যতটা সম্ভব ইটকাটের খরচ কম হয় সেটা দেখা উচিত। ১১ বৎসরের শিক্ষায়তন করবার যেসব প্রচেষ্টা হচ্ছে সেগুলি সম্বন্ধেও সামান্য কিছু বলব। গ্রামাঞ্চলে বহুজায়গায় যেখানে কোনকালে পাকা বাড়ী কেউ করে নি, সেখানে মাটির বাড়ী করে তার গায়ে বালিকাম করে এবং মেঝেটো সিমেন্ট করে স্কুল বেশ ভালভাবেই চালান হয়েছে। সেইসব বাড়ী এক আধুনিক নয় ৬০-৭০ বছর চলে গেছে। সেচেন্টারী আমার মামাৰ বাড়ীৰ দেশের লোক। তিনি বাড়ীৰ এইসব তথ্য যথেষ্ট জানেন। মেদিনীপুর অঞ্চলে এইরকম বাড়ী যথেষ্ট চলে। আমাদের স্বাস্থ্যমন্ত্রী বাঁকুড়া জেলার লোক : তিনিও এইসব জানেন। সেজন্য আমি বলব যে পাকা বাড়ীতে টাকাটা একটু যাতে কম খরচ হয় সেটাই করা দরকার। অর্থাৎ একটু ব্যবে, ঐভাবে ইটকাটের পেছনে খরচ না করে সম্ভায় আমাদের গরীব দেশের উপযোগী করে সহজে যাতে বাড়ী তৈরি করা যায় সেটার ব্যবস্থা করলেই ভাল হয়।

[11-10—11-20 a.m.]

### 8j. Satya Priya Roy :

অধ্যক্ষ মহাশয়, সময় রেশন করতে করতে যে জায়গায় এসে আমরা পৌঁছে গেলাম তাতে মনে হয় যে বলাৰ চেয়ে না বলাই সঙ্গত, কিন্তু নাম যখন দিয়েছি এবং আপনার কাছ থেকে নির্দেশ যখন এসে পৌঁছেছে তখন কিছু বলতেই হবে। প্রথম হচ্ছে যে টাকা বৰাদ্বের যে আইন আমাদের সামনে এসেছে সে সম্পর্কে বলতে চাই যে কেন্দ্ৰীয় সরকার পৰিচয় বাংলাকে যেভাবে উপেক্ষা করছে সেই সম্পর্কে মুখ্যমন্ত্ৰী যেন একটা দিন ধাৰ্য করে দেন যখন আমাদের এই বিধান পৰিষদে কংগ্ৰেস ও বিৱোধী পক্ষ মিলে পৰিচয় বাংলার বিৱুন্ধে যে অন্যায় হচ্ছে সেটাতে যোৰ্ধ্বভাবে প্ৰতিবাদ কৰিবার স্বয়েগ পাই। এটা সম্পৰ্কে আমি তাঁকে অনুৱোধ জানাব।

শ্বিতীয়তঃ কলেজ এবং ইউনিভার্সিটি সম্বন্ধে খণ্ডনাটি কথা বলব না। কিন্তু একটা কথা বলব যে যেমন কেন্দ্ৰীয়ভাৱে ইউনিভার্সিটি গ্রাল্টস কৰ্মশন হয়েছে তেমনি শিক্ষা দপ্তরের কুশ্কগত না কৰে প্ৰাদৰ্শিকভাৱে এখানে একটা কলেজ এবং ইউনিভার্সিটি গ্রাল্টস কৰ্মশন বসান হোক। এটা বিশিষ্ট শিক্ষাবিদদের নিয়ে করা হোক কাৰণ এ'ৱা শিক্ষার দিকে লক্ষ্য রেখে রাজনৈতিক স্বার্থ বা আমলাতাত্ত্বিক দার্শনিকতার উপর নির্ভৰ না কৰে ইউনিভার্সিটি এবং কলেজকে সাহায্য দেবেন। সিনিয়ৱ বেসিক স্কুল সম্বন্ধে দেখতে পাইছ যে এখানে তাৰ জন্য বহু টাকা বৰাদ্বে কৰা হয়েছে। যদি বাস্তবিক মুদ্দালিয়াৰ কৰ্মশনেৰ সূপৰাইশকে গ্ৰহণ কৰা হয় তাহলে ক্লাস সিল্লিক থেকে ক্লাস এইট পৰ্যন্ত মুদ্দালিয়াৰ কৰ্মশন পাঠ্যক্ৰমেৰ যে সূপৰাইশ কৰেছেন সেখানে আমরা বলতে পাৰি যে সেকেন্ডাৰী স্কুল ও সিনিয়ৱ বেসিক স্কুলএৰ মধ্যে বিশেষ কোন পাৰ্থক্য নেই। কাজেই সে জিনিস লক্ষ্য কৰে একটা বিশেষ ধৰণেৰ বিদ্যালয় গড়াবাৰ চেষ্টা কৰাৰ পেছনে লক্ষ্য লক্ষ্য টাকা খৰচ কৰা ঠিক হবে না এবং এই টাকা অনেক সময় অপৰ্যায় হয়। আমি এখানে অভিযোগ কৰে যাচ্ছি বিদ্যানগৰ সম্পৰ্কে যার সঙ্গে আমাদেৱ এখনকাৰ মাননীয় সদস্য বৰ্ষুবৰ শ্ৰীহৰেন্দ্ৰনাথ মজুমদাৰ মহাশয় যুক্ত আছেন। একটা সাম্প্রতিক ঘটনা তাঁকে বলব। সেদিন সেখানে শিক্ষক প্ৰতিনিধি নিৰ্বাচন হয়ে গেছে এবং সেই শিক্ষক প্ৰতিনিধি নিৰ্বাচনে বিদ্যানগৰেৰ দুইজন শিক্ষক যোৰানগৰে আমাৰ বৰ্ষুবৰ শ্ৰীহৰেন্দ্ৰনাথ মজুমদাৰ মহাশয় বলেছেন যে তাৰা জানেন কি না যে তিনি কংগ্ৰেসেৰ একজন সদস্য ?

**Sj. Harendra Nath Mazumder:**

আমার সঙ্গে এইরকম কোন আলোচনা হয় নি। তারা অসত্য কথা বলেছে।

**Sj. Satya Priya Roy:**

সত্ত্বাদিতার মনোপাল নিয়ে বসে আছেন কিনা তাই সত্ত্বাদিতার নামাবলি যতক্ষণ আপনাদের কাছে থাকবে ততক্ষণ নিরাই শিক্ষক যে কথা বলেছেন তা মিথ্যা হবেই। আমি জানি যে তাদের নোটিস দেওয়া হয়েছে; অত্যন্ত বেআইনীভাবে—অর্থাৎ যেসমস্ত আইন মেনে নোটিস দেওয়া উচিত ছিল সে নোটিস পর্যন্ত হরেন মজুমদার মহাশয় দেন নি। সিনিয়র বেসিক স্কুল বলে একটা স্কুল গেড়াকল শ্রীহরেন মজুমদার মহাশয় ওখানে করছেন। তিনি সোসিয়াল এডুকেশন সেক্টর বলে আর একটা স্কুল গেড়াকল ওখানে খুলেছেন এবং তারজন্য লক্ষ টাকা ও সেখানে নিয়ে যাচ্ছেন। অথচ আমরা জানি যে সেখানে সিনিয়র বেসিক স্কুলের কোন চেষ্টা নেই। আমি জানি যে ঐ মাল্টিপ্রাপাস স্কুলের নামে যেটা চলছে, সিনিয়র বেসিক স্কুলের নামে যা চলছে সে আর বলার না। কাজেই আমি বলব যে এইরকম বিশেষ ধরনের বিদ্যালয়ের ভিত্তির দিয়ে ঐরকম বিশেষ লোক যেন কোনরকম ক্ষমতা বা রাজনৈতিক স্বার্থসূচির প্রচেষ্টা শিক্ষাগতে না করেন। মাল্টিপ্রাপাস স্কুল সম্বন্ধে আমি বাববার মন্ত্রী মহাশয়কে বলেছি যে মাল্টিপ্রাপাস স্কুলের কার্যক্রমের পেছনে কোন পরিকল্পনা নেই। আমরা মন্ত্রী মহাশয়কে বাববার বলেছি যে মদ্দালিয়ার কর্মশন যেটা বলেছিলেন সেই অনুসারে একটা হাই পাওয়ার কর্মটি করা হোক এবং সেই হাই পাওয়ার কর্মটি করে একটা পরিকল্পনা করা হাক। কিন্তু তার কিছুই করা হয় নি। এই যে কোটি টাকা মাল্টি পারপাস স্কৌমের পেছনে খরচ হয়ে যাচ্ছে তার ফলে ইচ্ছে কিনা সেই স্কুলগুলোতে যাও লেখাপড়া ছেলেমেয়েদের হত তাও বন্ধ হয়ে যাচ্ছে। ১৯৫৭-৫৮ সালের আগামী পর্যন্ত করবার সূযোগ বিদ্যালয়গুলোর শিক্ষক-শিক্ষিকারা পায় নি। বিদ্যালয়গুলোর যে লাইব্রেরী আছে সেই লাইব্রেরী বাবহার করবার সূযোগ তারা পায় নি। অনেক জায়গায় আবার ঘরবাড়ি তৈরি হয় নি। অথচ আমার কাছে খবর পে'ছে গেছে যে বহু জায়গা থেকে সিমেল্ট পর্যন্ত পায় নি যারা কর্তৃপক্ষ এবং কংগ্রেসের সঙ্গে যারা যত্ন তাদের বাড়িতে সেসব চলে যাচ্ছে। এই সমস্ত সম্পর্কে তদন্ত করবার কথা মন্ত্রী মহাশয়কে অনেকবার বলেছি এবং তার দ্বিতীয় আকর্ষণ করেছি।

**Sj. Harendra Nath Mazumder:**

স্পেসিফিক কেস দিন।

**Sj. Satya Priya Roy:**

স্পেসিফিক কেস দিয়েছি, কিন্তু ফল হয় নি। ইরিগেশন সম্পর্কে আমার কিছু বলবার আছে। এবার রিপোর্টে দেখিছি যে ময়ুরাক্ষী থেকে বেশ জল দেওয়া যায় নি বলে এখান থেকে আয় কম হয়েছে।

**Mr. Chairman:** Would you please repeat what you said?

**Sj. Satya Priya Roy:**

ময়ুরাক্ষী সম্পর্কে রিপোর্টে দেখা যাচ্ছে বা যে স্টেটমেন্ট মুখ্য মন্ত্রীমহাশয় বাজেট উপস্থিত করবার সময় বিধানসভায় দিয়েছিলেন তাতে দেখা যাচ্ছে যে ইরিগেশন স্কৌমে আয় কমে গেছে। কারণ ময়ুরাক্ষীর যে ওয়াটার রেট তা সেখান থেকে আয় হয় নি এবং জলও তেমন দেওয়া যায় নি বলে আয় হয় নি। দ্বিতীয়তঃ আমরা বুঝতে পারছি না যে আজকে প্রশ্নাত্তরের মধ্যে প্রত্মন্ত্রী একথা কেন বললেন যে বন্যা সম্পর্কে যে তদন্ত করেছেন তার রিপোর্ট প্রকাশ করবেন না। কিন্তু জনসাধারণ ক্ষতিগ্রস্ত হয়ে জানতে চায় যে কেন বন্যা হ'ল এবং জনসাধারণের প্রয়োগ যখন তদন্ত হ'ল তখন সরকার কেন এই আশ্বাস দিতে পারছেন না যে এই রিপোর্ট বিধান পরিষদে আলোচনার জন্য দেবে। আমরা বুঝি সরকার হয়ত বিবেচনা করে দেখছেন এবং তারপর যে বিধান পরিষদে দেবেন এটা বললে যৌক্তিকতা হ'ত। কিন্তু আদতে সেটা দেবেন কিনা সেটা কেন সরকারের বিবেচনার উপর নির্ভর করবে তা আমরা বুঝতে পারছি না। শিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে বক্তব্য যে গতবারে দেখেছিলাম ৭২ হাজার টাকা কিন্তু তার সম্বন্ধে কোন বিবরণী আজ পর্যন্ত মন্ত্রী মহাশয়ের দপ্তর থেকে বেরোয় নি।

দৃঃখের কথা যে এই পশ্চিমবাংলায় আগে পশ্চিমার্থকী শিক্ষা বিবরণী বেরুত। কিন্তু সেটা আজকাল বন্ধ হয়ে গেছে। আমার সময় সংক্ষেপ তা নাহলে দোখয়ে দিতাম যে যেখানে মন্ত্রী মহাশয় বলেছেন যে ৬৬ পারসেন্ট ১১ বছর পর্যন্ত বয়সের ছেলেমেয়েদের প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ইতিমধ্যে করে ফেলেছেন সেখানে সেটা কতবড় সতোর বিকৃতি। কারণ তাঁদের যেসমস্ত তথ্য আছে তাঁর ভিতর থেকে পরিষ্কার দেখা যাচ্ছে যে ফ্রি এডুকেশন অব চিলড্রেনএর সংখ্যাটা অত্যন্ত অভিরঞ্জিত করে দেখান হয়েছে।

[11-20—11-30 a.m.]

ফ্রি এডুকেশন অব দি চিলড্রেন অব দি টীচার্সএর মধ্যে মাধ্যমিক শিক্ষকদের জন্য ৪ লক্ষ টাকা এখানে বরাদ্দ আছে। মন্ত্রীমহাশয়রে কাছে—তাঁর সঙ্গে শিক্ষাসচিবও ছিলেন—অভিযোগ করেছিলাম যে বিদ্যা লয়ের শিক্ষকদের ছেলেমেয়েরা বিনা পয়সায় পড়াবার সুযোগ থেকে বর্ণিত হচ্ছে। সে সময় শিক্ষাসচিব মহাশয় বলেছিলেন—মন্ত্রীমহাশয়ও নিচ্য জানেন সেটা বোর্ড থেকে ব্যবস্থা করা হয় নি—আমাদের কাছে বলেছিলেন—ঠিক করে দেবেন। অর্থাৎ কয়েক মাস হয়ে গেল আজ পর্যন্ত কোন ব্যবস্থাই হয় নি।

শিক্ষা দপ্তর থেকে হঠাতে ঘোষণা করা হ'ল শামে ১৪ বৎসর বয়সকদের শিক্ষা অবৈত্তিনিক করে দিলেন। রাজাপালের ভাষণেও সেটা ছিল। কি হ'ল, কতটা হ'ল, কিংবা ছাত্রছাত্রী এই অবৈত্তিনিক বিদ্যালয়ের সুযোগ পেলে সে সম্পর্কে শিক্ষা দপ্তর থেকে আজ পর্যন্ত কোন বিবৃতি নাই, এই বলেই আমার দ্বন্দ্বা শেষ করাই।

**Dr. Charu Chandra Sanyal:** Sir, it is now half past eleven. I do not like to take too much time of the House by inflicting a speech and so I would make no comments.

### Sj. Manoranjan Sen Gupta:

মাননীয় সভাপাল মহাশয়, আমি শিক্ষা সম্বন্ধে ২।১টা কথা বলব। এখানে দেখা যাচ্ছে যে আগামী বছরের জন্য এই খাতে ১২ কোটি ৩৮ লক্ষ ৪৮ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। এখানে আমি একথা বলতে চাই যে অর্থশাস্ত্রের নিয়ম হচ্ছে ন্যান্তন বায় করে ভাল লাভ করা। এখানে শিক্ষা বিষয়ে বায়ের যে অংশ সেটা গোটামুটি বৈশিষ্ট হলেও এবং তা নিয়ে আগ্রহসন্দ লাভ করলেও আমরা দেখতে পাই যে, যেসব স্থানে ব্যয় করলে পর উপর্যুক্ত ফল পাওয়া যায় সেইসব স্থানে ব্যয় না করে এমন জায়গায় ব্যয় করা হচ্ছে যে তাতে শিক্ষার বিশেষ উন্নতি সাধিত হতে পারে না। আমরা জানি যে কি প্রাথমিক বিদ্যালয়ে, কি মাধ্যমিক বিদ্যালয়ে, কি কলেজে ছাত্র সংখ্যা অত্যাধিক। এক-একটা ক্লাসে যদি অধিক সংখ্যক ছাত্র থাকে তা হলে পর যতই এমএ বিটি, বিএ বিটি, পি এইচ, ডি পাশ করা শিক্ষক নিন, কোয়ালিফায়েড শিক্ষক নিন তাতে শিক্ষার উন্নতি সাধিত হতে পারে না। ক্লাসে ছাত্র সংখ্যা কমাতে গেলে অতিরিক্ত যে ক্লাস করার আবশ্যক হবে এবং অতিরিক্ত শিক্ষক নিয়েও করার প্রয়োজন হবে এটা শর্বাবাদীসম্ভব। এ বিষয়ে কোন দ্বিমত থাকতে পারে না যে প্রতি ক্লাসে ছাত্র সংখ্যা কমানো দরকার। এ বিষয়ে নিয়ম আছে যে একজন শিক্ষক, ২০ জন ছাত্রকে পড়াবেন কিন্তু এ সম্পর্কে কোন ব্যবস্থা করা হয় নি। এদিকে আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দ্রষ্টিং বিশেষভাবে আকর্ষণ করাই।

আর একটা জিনিস হচ্ছে ইন্সপেকশন পরিদর্শন যেটা অন্যান্য রাষ্ট্রেও আছে। প্রাথমিক বিদ্যালয়ে পরিদর্শন যাতে প্রতি বছরে একবার করে স্বচালনার পে হতে পারে সে বিষয়ে আমি মন্ত্রীমহাশয়ের দ্রষ্টিং আকর্ষণ করাই। এখন পরিদর্শনের যে ব্যবস্থা আছে তাতে বছরে একবার করেও হয় না, ২।৩ বছর অন্তর পরিদর্শন হয় এবং পরিদর্শনকের অধিকাংশ সময় কেটে যায় অক্ষের হিসাব প্রত্তিত দেখতে, আকাশের সাইডের প্রতি কোন দ্রষ্টিং দেওয়া হয় না। আমি জানি অন্যান্য রাষ্ট্রে ২।৩ বার করে পরিদর্শন হয়, দ্বিতীয়ে আমি জানি ১০।১৫ দিন করে পরিদর্শন কার্য হয়। অধ্যয়নের দিকে যদি ভালভাবে দ্রষ্টিং দেওয়া না হয় তাহলে

ক্ষমতা উন্নতি হতে পারে না। পরিদর্শকদের দিয়ে আবার অন্য কাজ করানো হয়, সেইসব ক্ষমতা না করিয়ে পরিদর্শকরা যাতে নিজেদের কাজ সম্পূর্ণভাবে সম্পন্ন করতে পারেন সেদিকে শিক্ষা মন্ত্রীমহাশয়কে দৃষ্টিটি দিতে অনুরোধ করছি। বোর্ড অব সেকেল্ডারী এডুকেশনে 'স্লেপেকটরদের অতিরিক্ত কার্য' করবার ক্ষমতা দেওয়া হয়েছে। পরিদর্শকরা যদি প্রকৃতপক্ষে পরিদর্শনের কাজ করতে পারেন এবং তাঁরা যদি ফ্রেন্ড, ফিলজফার এবং গাইড হতে পারেন : হলে শিক্ষার উন্নতি সাধিত হতে পারে। তারপর ট্রেইনিং সম্বন্ধে আর্ম ২। ১টা কথা বলো। ট্রেইন্ড টাচারদের উপর জোর দেওয়া হয়েছে কিন্তু তাঁদের ট্রেইনিং-এর উপর্যুক্ত ব্যবস্থা করা হয় না। বছর বছর কলেজের সংখ্যা বেড়ে যাচ্ছে, ১। ১। হাজার করে শিক্ষক যদি প্রতি বছল আগন্তুর করেন তাহলে আমার মনে হয় ২০ বছর লাগবে সমস্ত শিক্ষকদের ট্রেইনিং দিতে সেটা হচ্ছাধিক সময়, সে বিষয়ে কোন পরিকল্পনা শিক্ষা মন্ত্রীমহাশয়ের নেই। এ বিষয়ে আর্ম সংসদে একটা প্রশ্ন করেছিলাম কিন্তু তিনি তার উত্তর দিতে সক্ষম হন নি। ও দিয়েছে এই গুরুত্বপূর্ণ চেষ্টা না করে যদি শিক্ষা বিভাগ থেকে বা ইউনিভার্সিটি থেকে এ বিষয়ে একটা প্রয়োগ করেন তাহলে আমার মনে হয় ট্রেইন্ড টাচারদের সংখ্যা বাড়তে পারে। তারপরে হচ্ছে, এই এত টাকা খরচ করা হচ্ছে কিন্তু শিক্ষকরা সেই ৫০-৬০ টাকার বেশি দেখন পান না। শুন্দক এবং ছাত্র এই নিয়ে শিক্ষা কিন্তু শিক্ষকদের বেতন যদি ৫০। ৬০ টাকা থাকে তাহলে : দ্বিতীয় দ্বারা কাজ সূচাবুরুপে সম্পন্ন হতে পারে না।

চার একটা বিষয়ে আর্ম শিক্ষা মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে সেটি ১। ২। কেল সার্ভিস, মুদ্দালিয়র কমিশন এ বিষয়ে ব্যবস্থা করে দিয়েছেন। ছাত্রই একে আমাদের পক্ষে অত্যন্ত বাস্তাদেশের ছাত্রদের স্বাস্থ্য সর্বাপেক্ষা খারাপ। একটা যদি সেটি মৌতেকেল সার্ভিস করে ছাত্রদের স্বাস্থ্য প্রতি বছর পরীক্ষা করা হয় এবং তাদের প্রয়োগস্থা ইয়াদি সেখান থেকে দেওয়া হয় তাহলে তাদের স্বাস্থ্যের উন্নতি হতে পারে। তারপরে কার্নিন্ট করে আমাদের পক্ষে সমসাময় মিলের ব্যবস্থা করা যেটা অন্যান্য জায়গায় হয়েছে সেটা বর্তমানে আগন্তুর আশা করি যা কিন্তু অন্ততপক্ষে তদের যাতে একটু টিকিনের ব্যবস্থা করা যায় সেদিকে আর্ম মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি।

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:** Sir, most of the criticisms have been offered in Bengali and I would therefore like to reply in Bengali.

আমাদের আজকে এখনে শিক্ষা সম্বন্ধে যে সমালোচনা হয়েছে তাতে ভীম শান্তিপূর্বে স্ব বলেছেন না বলেছেন সেটা উপাপন করা হয়েছে। ভীম শান্তিপূর্বে যা বলেছেন সেটাকে আমরা সকলে শ্রদ্ধা করি এবং সেটা যে পরম হিতকর ব্যক্তি সেটাও স্বীকার করি। কিন্তু দ্বিতীয় তিনি নিজেকে সার্টিফিকেট দিতে বলেছেন সেটা ঠিক বুঝতে পারলাম না, তার শান্তিপূর্বেও সেটা নেই "ben bad men associate, we the good men have to combine" এইকে কথা ভীম কোথায় বলেছেন?

**Sj. Tripurari Chakravarty:** On a point of explanation  
আমি বলেছি,

I can quote passages from the 'Santi Parba'

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

পদ্মন্তরে সেখানে এমন কথা আছে যে নিজের বিষয়ে নিজেকে সার্টিফিকেট দেওয়া বা অঙ্গকার করা—সেটা একরকম সুইসাইড করা। যাহোক, শিক্ষার বিষয়ে চক্রবর্তী মহাশয় কোন সম্মোচনা করেন নি।

[11:30—11:40 a.m.]

ইংরেজ, হালদার মহাশয় যে সমালোচনা করেছেন সেগুলি বিবেচ্য। তিনি বলেছেন প্রাথমিক শিক্ষা স্বর্গজনীন করতে আমাদেরও কি ৪৮ বৎসর লাগবে? আর্ম সেদিন বলেছিলাম আমাদের কনসিটিউসনে ১০ বৎসরের যে বিধান রয়েছে সেটা আমাদের কনসিটিউসনের যাঁরা প্রণেতা তাঁরা

এটা অতাধিক আশা ও উৎসাহসহকারেই করোছিলেন। কিন্তু আমাদের দেশের সম্পদ সাংঠ আমরা কতটা ব্যয় করতে সক্ষম হব সেটা হিসেব করে বিধান করা হয় নি, নতুবা ইংল্যান্ডের এ সম্পদশালী দেশের পক্ষে যদি ৪৮ বৎসর লেগে থাকে ১৪ বৎসর বয়স্ক বালকবালিকাদে সার্বজনীন শিক্ষা বিষয়া করতে, তাহলে আমাদের এখানে ১০ বৎসরের মধ্যে হতেই হবে—এ সম্ভবপ্রয়োগ বলে মনে করি না। আমাদের ৪৮ বৎসর লাগবেই এমন কথা আর্মি বালি নি। আর্মি সেদিন একথা বলেছিলাম যে, প্ল্যানিং কার্মশন যে টার্গেট করেছেন, তাতে ১৯৬১ সালের মধ্যে আমাদের শতকরা ৬৩ জনকে অবৈর্তনিক সার্বজনীন শিক্ষা দিতে হবে। কিন্তু এখানে আমাদের পরিচয়বৎসে এখনই এটা প্রায় ৬৭ পার্সেন্টের গিয়ে দাঁড়িয়েছে, অর্থাৎ সেকেন্ড ফাইভ ইয়ে প্ল্যানের যতদূর অগ্রসর হবার কথা ছিল এখনই সেটা হয়ে গিয়েছে, অর্থাৎ আমরা শতক: ৬৭ জনের উপর সার্বজনীন প্রাথমিক শিক্ষা বিষ্ঠার করেছি। আমরা প্রাথমিক শিক্ষা প্রসার পিছিয়ে নেই। প্ল্যানিং কার্মশনের নির্দেশ অনুসারে যতদূর অগ্রসর হওয়া উচিত ছিল তা দিয়ে দেশী অগ্রসর হয়েছে। সত্ত্বাপ্রয়বাদু, কোথা থেকে ফিগার সংগ্রহ করেছেন জানি না তর্মিন সেন্ট্রাল গভর্নেন্টের রিপোর্ট দেখলেই ব্যবতে পারবেন সেগুলি সত্য কিনা। তা পরের কথা হচ্ছে, হালদার মহাশয়েরই আরেকটি কথা, আমাদের প্রাথমিক শিক্ষায় আইনের ব্যাপারে আমরা ১৯৩০ সালের আইন অঁকড়েই বসে আছি। হালদার মহাশয় জানেন না কংগ্রেস সরকার শাসনভাবের প্রয়োগ করবার পর প্রাথমিক শিক্ষা সার্বজনীন করার জন্য দু'বার ১৯৩০ সালের আইনের সংশোধন করেছেন। সার্বজনীন শিক্ষাপ্রসারের জন্য যেসমস্ত বিধিবিবরস্থা করা দরকার তা সমস্তই করা হয়েছে। আমরা ১৯৩০ সালের আইন নিয়ে বসে নাই। আমরা যা করেছি তা রাজস্বকার এ যাৰ তা কৰেন নি।

তারপর বিশ্ববিদ্যালয়ের ছাত্রসংখ্যা বেড়েছে। হ্যাঁ, ১৯৪৭-৪৮ সালে বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের সংখ্যা যেখানে ছিল ৩৮ হাজার ১৯৫৫-৫৬ সালে সেটা হয়েছে ৮৩ হাজার। ১৯৫৫ সালে বিশ্ববিদ্যালয় সরকার থেকে সাহায্য পেতেন ৮ লক্ষ ২৬ হাজার, এখন পান ২১ লক্ষ ৫২ হাজার। এটা আইনের বিধানমতে পান, তা ছাড়াও অতিরিক্ত পেয়ে থাকেন। এখানে আমরা কাছে একটা রিপোর্ট রয়েছে ১৯৫২ সাল থেকে ১৯৫৪ সাল পর্যন্ত। এই রিপোর্টে ভারত বর্ষের সমস্ত বিশ্ববিদ্যালয়ের আয় কি ব্যয় কি তা দেওয়া আছে; তাতে দেখিষ্ঠ ১৯৫৩-৫৫ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়কে নন-বেকারিৰ এবং বেকারিৰ গ্রান্ট এই দুটো নিয়ে সাহায্য দেওয়া হয়েছিল ৩২ লক্ষ টাকা—বিশ্ববিদ্যালয়ের মোট আয় ৯০ লক্ষ টাকার মধ্যে আমরা দিয়েছিলাম ৩২ লক্ষ কয়েক হাজার টাকা অর্থাৎ প্রায় ৩৬ পার্সেণ্ট। কাজেই আমরা চুপ করে বসে নাই। আইনের বিধানমত এই যে ২১ লক্ষ ৫২ হাজার টাকা দেওয়া হয়ে থাকে এটাই যে সম্পূর্ণ সাহায্য তা নয়, তা ছাড়াও অতিরিক্ত দেওয়া হয়ে থাকে। যেমন, বিশ্ববিদ্যালয়ের সায়েন্স কলেজ রিপেয়ার করবার জন্য দেওয়া হয়েছে সাড়ে সাত লক্ষ টাকা।

তারপর, নির্মলব্বাদীর প্রশ্ন হল ম্যাচিং গ্রান্টের কি হল? এ সম্বন্ধে জবাব হচ্ছে, মাত্র দুইটি কলেজ সংযোগনাথ কলেজ, আর বিদ্যাসাগর কলেজ গ্রান্ট কার্মশনের নির্দেশমত ছাত্র ক্রমাবংশীয় দিয়েছেন, আর কেবল কলেজ দেন নি। আমরা বিশ্ববিদ্যালয়কে লিখেছি আমাদের কাছে যে জ্ঞাতব্য তথ্য সব পাঠিয়ে দেওয়া হোক।

তারপর, নগেন ভট্টাচার্য মহাশয় প্রশ্ন তুলেছেন মিউনিসিপ্যাল এলাকার শিক্ষাবিষয়ে সরকার এড়িয়ে গেলেন? মোটেই নয়। এখানে এড়াবার প্রশ্নই ওঠে না। এ সম্বন্ধে আইনে আছে মিউনিসিপ্যালিটি যদি কোন স্কুল করে সরকারের কাছে দেন তাহলে তারা অর্থেক দেবেন। আমরা অর্থেক দেব। ১৮৮৮ সালের ইংল্যান্ডের আইনের বিধানেও আছে—  
Minister can require the local authorities to submit their scheme  
তা মঞ্চের হলে খরচের অর্থেকটা সেট দেবে আর অর্থেকটা লোকাল অর্থারিটি দেবে।

তারপর ক্ষতীশব্দাবৃত্ত প্রশ্ন হল তাহলে কলেজগুলি কি পড়ে থাকবে? পড়ে থাকবার ক্ষেত্রে কারণ নাই। ম্যাচিং গ্রান্টের নিয়ম অনুসারে তাঁরা যদি ছাত্রসংখ্যা গ্রান্টের কার্মশনের নির্দেশমত ছাস করেন ডিফারেন্ট ইউনিটস গঠন করেন তাহলেই হতে পারে। তারপর, সত্ত্বাপ্রয়বাদু বলেছেন এর্মান স্কুল ও বৌদ্ধিক স্কুলের জন্য বাজে খরচ

করা হচ্ছে। বেসিক স্কুলের বিশেষজ্ঞ হল শিক্ষক আবাসিক হবেন। ছাত্রের এবং শিক্ষকের একসঙ্গে এক জয়গায় থেকে ছাত্রের কাজ শিখতে এবং শেখাতে হবে। সেখানে শিক্ষকের হোস্টেল একমোডেশন একান্ত দরকার। অতএব স্কুল এবং শিক্ষকবাসের জন্য গৃহনির্মাণ ব্যয় আছে। তারপর, তিনি বলেছেন মালটিপারপাস স্কুল সম্বন্ধে আমাদের কোন স্মৃতিপ্রতি পরিকল্পনাই নাই। আমাদের মালটিপারপাস স্কুল সম্বন্ধে স্মৃতিপ্রতি পরিকল্পনা আছে বলেই ভারত সরকার আমাদের সাহায্য করছেন, নতুন সাহায্য করতেন না। এই পরিকল্পনা মণ্ডালিয়র কার্মসনের সুপারিশের ভিত্তিতেই করা হয়েছে। হয় তিনি জানেন না অথবা জেনেশনে অসত্য সমালোচনা করছেন। এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

[11-40—11-50 a.m.]

**Mr. Chairman:** Sj. Gopal Halder wanted some clarification.

**Sj. Gopal Halder:**

আমি জানতে চেয়েছিলাম, যেটা শুধু সমালোচনা বলে মনে করবেন না, আমি বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে জানতে চেয়েছিলাম।

বিশ্ববিদ্যালয়ের সম্বন্ধে আপনি ১৯৫২, ৫৩, ৫৪, ৫৫ সালের বাজেটের হিসাব দিয়েছেন। কিন্তু তার পরেও দেখা যায় যে, গত কয়েক বছর ধরে, প্রত্যোক্তব্যার বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ বলছেন যে তাঁদের রেকার্ড খরচ যা পড়ছে, সেটা না পেলে, তাঁরা খরচ বহন করতে পারছেন না।

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

ঠিক কথা। কিন্তু বিশ্ববিদ্যালয়কে আমরা যে টাকা সাহায্য করে থাকি সেটা যদি প্রচুর না হত, তাহলে এবারকার বিশ্ববিদ্যালয়ের সারলাস বাজেট হত না।

**Sj. Gopal Halder:**

এটাত আপনি নিজে করেন নি। এটা এক্সটারনাল ছাত্রদের ফি দিয়ে বেড়েছে।

**Sj. Sasanka Sekhar Sanyal:**

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে বেসিক স্কুল.....

**Mr. Chairman:** There cannot be any discussion now.

**Sj. Sasanka Sekhar Sanyal:**

ডিসকাশন নয়, একটা প্রশ্ন জিজ্ঞাসা করতে চাচ্ছি। উনি যে কথা বলেছেন, তাতে প্রশ্ন হিসাবে, কিছু জিজ্ঞাসা করলে যদি অন্যায় বা অপরাধ হয়, তাহলে বলবো না।

**Mr. Chairman:** Questions cannot come in now.

**Sj. Sasanka Sekhar Sanyal:**

আমি জানতে চাইছিলাম.....

**Mr. Chairman:** Not now. I thought it was a matter of explanation which Mr. Gopal Halder wanted.

**Sj. Sasanka Sekhar Sanyal:**

উনি কি জানেন না যে, মালটিপারপাস স্কুলএ সাইয়েন্স টিচার পাওয়া যাচ্ছে না?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

মাননীয় শণাক্ত সান্যাল মহাশয় যে বস্তুতা দিয়েছেন খাদ্য সম্বন্ধে এবং অন্য অন্য বিষয়ে আমি তখন তার হিসাব দেখেছিলাম। আমাদের খাদ্যের অবস্থা বোঝাবার জন্য আমি মাননীয় সান্যাল মহাশয়ের কাছে তথ্য পরিবেশন করবার জন্য—(শ্রীযুক্ত শণাক্তক্ষেত্রের সান্যালঃ আপনি কি তখন ধোপার খাতার হিসাব দেখেছিলেন?) আপনি ত খাদ্য সম্বন্ধেই বলোচিলেন, আপনি ধোপার সম্বন্ধে বললে নিশ্চয়ই ধোপার হিসাব দিতাম।

আমাদের পশ্চিম বাংলায় স্বাধীনতার পর লোকসংখ্যা ছিল ২ কোটি ১২ লক্ষ আর আজকে সেই লোকসংখ্যা হয়েছে ৩ কোটি। যখন ২ কোটি ১২ লক্ষ ছিল তখন আমাদের খাদ্যের প্রয়োজন ছিল প্রায় ৩৪ লক্ষ টন। আর যখন ৩ কোটি লোকসংখ্যা হয়েছে তখন খাদ্যের প্রয়োজন হয়েছে ৪৬ লক্ষ টন। আজকে আমাদের এখনে যে ৩২ লক্ষ উৎপাদন এসেছে তাদের জন্য আমাদের খাদ্য লাগে প্রায় ৫ লক্ষ টন। অবশ্য তারা নিজেরা কিছু তৈরী করে, এখনকার আদিম অধিবাসীরাও কিছু তৈরী করে—তবে তার সম্বন্ধে কোন আলাদা তথ্য নেই, তবে মোটামুটি পাঁচচেম বাংলার খাদ্য অনেক বেড়েছে। এই সম্পর্কে আর একটা তথ্য দিছি, কেন্দ্রীয় সরকারের বাছ থেকে আমরা সবচেয়ে দেশী খাদ্যদ্রব্য, ১৯৫২ সালে পেয়েছিলাম ৬ লক্ষ ৭২ হাজার টন—তার মধ্যে ৫৩২ হাজার টন গম, আর ১ লক্ষ ৪০ হাজার টন চাল। এখন আমাদের এই যে স্বাধীনতার পর খাদ্যশস্য প্রায় ১৪ লক্ষ টন দেশী লাগছে তার মধ্যে অনেক কিছু তৈরী করিছি, কিছু শস্য বাড়িয়েছি। গত বছর কেন্দ্রীয় সরকার আমাদের দিয়েছিলেন ৬ লক্ষ ৭৫ হাজার টন, ১৯৫২ সালে দিয়েছিলেন ৬ লক্ষ ৭২ হাজার টন, গত বছর দিয়েছেন ৬ লক্ষ ৭৫ হাজার টন। মাননীয় সান্যাল মহাশয় বলেছেন যে কেন্দ্রীয় সরকার সমস্ত ভার নিতে পারেন। কেন্দ্রীয় সরকার যদি বলেন আমরা ভার নেব, আমরা গম দেব, গত বছর ৫ লক্ষ ৫৫ হাজার টন গম দিয়েছেন, আর ১ লক্ষ ২৫ হাজার টন চাল দিয়েছেন। কেন্দ্রীয় সরকার ত আর দিয়েছিলেন ধান চাষ করতে পারেন না, তাঁদের বাহিনী থেকে চাল অন্তে হবে। তা আনলে পর এই কালিকাতা খহরের ভার আমাদেরই নিতে হবে এবং আমরা কালিকাতার ভদ্রমহিলাদের বার আনা দেব গম, আর চার আনা দেব চাল। তাতে নিশ্চয়ই কালিকাতার অধিবাসীরা বিরূপ হবেন না। কাজেকাজেই কালিকাতার ভার তাঁরা নিন, আর আমাদের উপর ভার দিন—এ ভাবের কোন ভাগভাগি হয় না। আমাদের যা ঘট্টো পড়ে সেটা সিরিয়েল বা ত্তুল তত্ত্বীয় জিনিসে দেবেন—কহকটা চাল। আর চালের পরিমাণ এবার বেশী নয় : আগে বার্মা মণ্ডুক থেকেই চাল আসতঃ সেখানে চাল সারপ্লাস হত, কিন্তু সান্যাল মহাশয় জানেন যে এবার সেখানে ভাল বৰ্ষা হয় নি, শুধু হয়েছে, এই অন্যায়িক দরদু তাদের সারপ্লাস ৭ লাখ টন হয়েছে ২০ লাখের জায়গায়। কাজেই আজকে আর কোন চাল নাই। কাজেকাজেই আমরা বাংলাদেশে বেশী গম খেতে শেখাচ্ছি। (শ্রীষ্ঠু শশাঙ্কশেখর সান্যালঃ তাতে বৃদ্ধি কর হয়) কমছে না দরওঁ বৃদ্ধি বাঢ়ে। মাননীয় সান্যাল মহাশয়ের চেয়ে যাঁরা ইংলণ্ডে বাস করেন তাদের বৃদ্ধি কর নয়, বা আন্দোরিকায় যাঁরা থাকেন তাদের বৃদ্ধিও কর নয়। আইন্স্টাইন কথনও ভাত খেয়েছেন বলে জানি না। কাজেকাজেই বৃদ্ধির বড়টো না করাই ভাল।

যাহোক আমি যে কথা বলছিলাম— আমরা যে আজকাল কিছু ফসল বাড়িয়েছি তাতে সন্দেহ নেই। আমাদের লোকসংখ্যাও যে অস্তিত্বরকম বেড়েছে এ বিষয়েও সন্দেহ নেই। এটা একটা ঠাট্টার কথা নয়, এবং এটা সমানোচ্চনার কথাও নয়, আমাদের সবাইকে বুঝতে হবে যে এই হারে যদি লোকসংখ্যা বাড়ে তাহলে কি হবে? আজ আমাদের অনেকে এখনে হাসপাতালের রোগীর সম্বন্ধে বলেছেন। কিন্তু জানা উচিত যে দেশে মালোরিয়া ও কালাজুর নাই, এবং তারজন্য মৃত্যুর কমতে কমতে ৮তে গিয়ে দাঁড়িয়েছে, এবং জনের হার ২২ থেকে ২৪তে গিয়ে দাঁড়িয়েছে। কাজেই লোক মোটের উপর বাড়তেই চলেছে। অত এব এইপ্রকার কুঁট সমালোচনা কোরে মাননীয় সান্যাল মহাশয়কে ভাস্তে হবে—কেবল গভর্নর্মেন্টই শুধু ভাববেন না যে এই সমস্যার কি কোরে সমাধান হয়।

[Noise and interruptions]

মাননীয় সান্যাল মহাশয় বড়ই গোলমাল করছেন—

**SJ. Sasanka Sekhar Sanyal:** You were not here. Don't tell a lie.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** On a point of order, Sir. He has used the word "lie". It is unparliamentary. He should withdraw it.

**Mr. Chairman:** Mr. Sanyal, please withdraw the word "lie". It is unparliamentary.

**Sj. Sasanka Sekhar Sanyal:** I withdraw the expression "lie" because unparliamentary. Had it not been so, I would have told it to be a lie.

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমাদের যথন পালিশয়াল্টারি ফেরকাস্ট হয়েছিল তখন এগ্রিকালচার ডিপার্টমেন্ট বলেছিলেন যে ১২ লক্ষ টন ঘাঁটি হবে। এই ১২ লক্ষ টন ঘাঁটি মাথায় রেখে আমরা ভেবেছিলাম এবার একটু কড়াকড়ি করতে হবে, হয়ত রেশিনিংও করতে হবে। কিন্তু আমাদের এখন ঘাঁটির পরিমাণ কমে করে দাঁড়িয়েছে ৭ লক্ষ টন। কাজেকাজেই আমরা কড়ন তুলে দিয়েছি। একজন সদস্য বলেছেন, এবং মাননীয় সানাল মহাশয়ও বলেছেন যে এখানে যদ্ব লোক নন্মারকম অস্বীকৃতি ভোগ করছে। কত অস্বীকৃতি ভোগ করেছে জানি না, কারণ কর্ডমের বাঁবন মাত্র চেম্বারির মাস পর্যন্ত ছিল, আমাদের দেশের চৰীয়া জানুয়ারির মাঝামাঝি থেকে বিক্রী করতে সম্ভব করে। আমাদের দেশে প্রায় ৩০ লক্ষ চাবী পরিমাণ আছে, তার গধো প্রায় ১৬ লক্ষ পরিমাণ হয় সেলফ সার্ফিসয়েট, নয় সারলাস, তাদের কুলিয়ে যায়, আর বাকী যে ১৪ লক্ষ পরিমাণ তাদের কুলায় না। কারও ৫ বিঘা কারও ৭ বিঘা, কারও ৮ বিঘা জামি আছে, তা থেকেও একটু কাকেও যা ফসল হয় তার বিছু পরিমাণ বিক্রী করতে হয়। আর গ্রামদেশে একটা পথা পথে দেরী আগে যে ধন নেন তা ১০ মণ বাঁড়িয়ে নিয়ে পরে ধন দিয়েই সেটা শোধ করেন। এটো আমাদের যাদের ধরে রাখবার ক্ষমতা আছে তাঁরা নিশ্চয়ই বেশী দাগ চাইবেন। কাজেই এ ধরে কুম্ভেরা বাঁরা দাদা হয়েছিলেন বিক্রী করতে, তারা কেউই ১০ টাকার কম প্রতিমণ দেন নি। মাননীয় সদসোব জানেন যে ধন কাটবার সময় ধন একটা ভিজা থাকে এবং তখন ধন ধনের ওজন ৮০ সের হয় সেই ধন যথন ফেরুয়ারি-মার্চ মাসে বিক্রী হয় তখন ওজন নম্বে ৫০ সের হয়।

[11.50—12 noon]

আমরা এখন যে নীতি গ্রহণ করেছি তাতে হচ্ছে এই যে ধোরা এখন যে কতকগুলি জেলাতে ১৫টি জেলাতে—২৪-পরগনা, হুগলি, বীরভূম, বাঁকুড়া, বৰ্ধমান, মেদিনীপুর এবং পশ্চিম বিহারপুর—যেসমস্ত ধানকল আছে তাদের উপর আমরা একটা লেভি বসিয়েছি। অর্থাৎ তাদের যে চাল উৎপন্ন হবে তার শতকরা ১৫ ভাগ আমরা নিয়ে নেব। এটা করে আমরা মনে করেছি যে হংস দেড় লক্ষ কিপ পোঁকে দুই লক্ষ টন চাল সংগ্রহ করতে পারব। এ ছাড়া বেন্দ্রীয় সরকার যাচ্ছেন যে ১ লক্ষ টন থেকে দেড় লক্ষ টন চাল তাঁরা দিতে পারেন এবং বাঁকটা তাঁরা গম দেবেন। গত বছরে তাঁরা আমাদের সাড়ে পাঁচ লক্ষ টন গম দিয়েছেন এবং ১ লক্ষ ২৫ হাজার টন চাল দিয়েছিলেন। আবু এ বছরে আমরা মনে করি যে যেটুকু আমাদের ঘাঁটি হবে তার প্রাপ্তি পরিমাণ গম নিশ্চয় এবং কিছুটা পরিমাণে চাল কেন্দ্রীয় সরকার আমাদের দেবেন এবং এ মনি দেন তাহলে আমাদের কেন ঘাঁটি থাকবে না। কাজেকাজেই মাননীয় সানাল মহাশয় যে পথ বললেন যে খাদ্যানন্দী মহাশয় বলছেন যে এখন কোন আশঙ্কার কারণ নেই—তাঁকে আমিও যে সত্য আশঙ্কার কারণ নেই ৭ লক্ষ টন যদি আমরা পাই। গত বছর যদি সাড়ে পাঁচ লক্ষ টন গম আমরা খেতে পারি, তাহলে এ বছরে আমরা ৬ লক্ষ টন গম খেতে পারব এবং এতে মনে কিছু ফরাস হবে না। তবে সাড়ে পাঁচ লক্ষ টনের জায়গায় যদি আমাদের ৯ লক্ষ কিম্বা ১০ লক্ষ টন গম খেতে হত তাহলে অনেক লোকের অস্বীকৃতি হত। এইসব কারণে আর্মি বলেছিলাম যে আশঙ্কা করবার কিছু কারণ নেই এবং আমাদের খাদ্যসম্যা যা আছে তার আমরা কোন প্রয়োগ সমাধান করবই।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, the remarks and criticisms that have been made on the Bill that I had the honour to present show that my friends have not been able to go through the Budget or even to go through the Vote on Account Bill. I am not surprised at that. I have often wondered why members of the Upper House, the Council, should be asked to give their opinion on a Bill, the contents of which or the details of which have not been discussed by them because that happens to be a

Money Bill, and yet they are to give their opinion with regard to the Appropriation Bill. It seems rather an anomalous position and I am not surprised that the criticisms have been more or less devoid of reality. (Sj. SASANKA SEKHAR SANYAL: That is done according to the Constitution.) Sir, I should not be disturbed in this way. I did not disturb them when they were saying. They have had their time. Therefore the criticisms have been, so to say, off the point. One friend told us that the Congress is losing its hold upon the people. May be he is right but people have their own idea of what the strength of an organisation is. I understand in Bengal the Congress captured 51 per cent. of the votes and today's papers show, in the whole of India, Congress captured more than 47 per cent. of the votes, whereas none of the other parties have gone beyond 8 per cent. I present the figures—I am not here either to support or oppose a particular group. But a person who with the zeal of a convert wants to make capital out of things which have no bearing on reality may do so.

One friend has said that we should talk in Bengali. I think I can express myself in Bengali in a fairly understandable form, but I do prefer to speak in English so long as the Constitution is there as it is now. The question that has been raised about education my friend Rai Harendra Nath Chaudhuri has already replied to. One gentleman said that the coolies and the men in the Medical College Hospitals have to put in 12 hours' duty. He does not know the facts. What I feel mostly about these criticisms is that either they do not see the facts or seeing them they do not want to accept them, or having accepted them, they want to put some other interpretation to these facts. Under these circumstances it is very difficult for us to deal with them. My friend Sj. Nagendra Kumar Bhattacharyya said "you didn't listen to what I said". What am I to listen to if their criticisms have no bearing on facts. Sir, so many books have been circulated; so much information has been given, but people will not see. For instance, I will say to my friend Sj. Nagendra Kumar Bhattacharyya. He is very careful about showing the Budget on co-operation and he said you are not doing justice to co-operation. Why? Because Rs. 45 lakhs was provided for and the revised estimate shows Rs. 32 lakhs. Sir, he does not go beyond that. If he had only seen the whole details of different items under that head—he is a careful lawyer and he prepares his brief carefully when he speaks to the Court—he would have noticed that the item that really did not come up to our expectation is the item on Development, and the reason is quite simple. Since he has raised the issue I may explain that the development project was the project which was under negotiation with the Reserve Bank of India. We hoped that we would get that project through. The project is this that the Reserve Bank of India was prepared to help in the development of Co-operative Banks, both Provincial Banks as well as Central Banks. provided the Provincial Banks paid back their debts which amounted at the present moment to nearly Rs. 48 lakhs. Thus the Provincial Banks are in a very unfortunate position, because before partition they had given money to different parties which have gone to East Bengal. The total amount was nearly rupees one crore 48 or 52 lakhs. We have paid every year to the Provincial Banks a portion of that debt. We have paid up till now Rs. 1,02 lakhs and for the remaining portion of Rs. 48 lakhs the Reserve Bank themselves suggested that we should approach the Government of India for help, because the partition was not due to the fault of the Provincial Banks or of the Provincial Government. The Central Government ought to come to our help and they have recommended very strongly, although we have not been able to get the final word from the Finance Department yet. Similarly with regard to the Central Banks—there are

about 48 Central Banks in different parts of the State—the Reserve Bank thought that they could only give help to the Central Banks through the Government of West Bengal, provided the Central Banks' number was reduced from 48 to 17. The members will be glad to hear that we had a Committee appointed three years ago with my friend Sj. Bimal Chandra Sinha as Chairman and they recommended 48 to be reduced to 24, but the Reserve Bank insisted that every district should have one, and 24-Parganas and Midnapore should have one extra. The position therefore remains this that we have got to convert this 48 into 17 if we are to get the help from the Reserve Bank.

[12—12-7 p.m.]

There is another difficulty, namely, that the Central Banks together have still got to pay about 15 to 16 lakhs. Now, the Reserve Bank say: "we cannot pay to the Central Banks in advance unless this 15 to 16 lakhs have been paid up". Then, again, the Reserve Bank have informed and recommended to the Government of India to pay up these 16 lakhs because most of the Central Banks who have lost money are banks which were on the partition border. This question is before the Government of India at the present moment. The Reserve Bank people came to see me about 20 days' back and they told me that as soon as these two things are settled, namely, that the Bengal Government pays 48 lakhs and the Central Banks pay these 16 lakhs, they may advance money which they want to by way of help. But the difficulty is about the reduction of 48 banks to 17. As you know, each bank has got its own group of Directors, etc., and nobody is prepared to give up his own control over a particular area. This requires negotiation.

My friend, Sj. Nagendra Kumar Bhattacharyya, while finding out what the faults were, complained that no help was being given to the municipalities. Sir, if he turned two or three pages forward in the Red Book, he would have seen that for dearness allowance alone this Government pays to the municipalities 33 lakhs 45 thousand and to the Calcutta Corporation 89 lakhs for dearness allowance. We also pay to the ex-intermediaries 13 lakhs for compensation. Then, we pay for the roads 10 lakhs 72 thousand, for slum clearance 17 lakhs. We have provided in the budget for the water supply scheme in the urban areas and we have provided for this purpose a sum of 40 lakhs. The West Bengal Government have provided for a little over 2 crores 2 lakhs for meeting the needs of the different municipal areas. I believe, Berhampore Municipality gets something more for other items—about 2 to 3 thousand rupees more.

One friend said about the Bankura Hospital. Sir, it is not the number of beds in a hospital—I have said that so many times—which can alone justify the creation of a college in a particular area. I want the members to realise that the conversion of the Campbell Hospital into Sir Nilotan Sarkar Hospital and College alone has up till now cost us 56 lakhs. Remember the Campbell Hospital is an old institution, it has its own building and yet to make it suitable for college purposes, we have already spent 56 lakhs. Therefore, it is not such a simple thing to say "why not have a college by multiplying a certain number of beds in a particular hospital". That is not the point. The point is if you want to make a hospital big enough and suitable for maintaining the students of the college which will be attached to it, you will require large fund.

With regard to Mayurakshi, it is not that the collections have been less because water supply has been less. That is not so. Three and a half akh acres of land have been irrigated this year by water from Mayurakshi. It is true that we have tried to assess 9 lakhs for the water supplied. We have collected only half that sum. The reason is that the Development Act,

under which we want to assess, is an Act which depends for its rate upon crop-cutting experiment and that requires four years before we can come to a decision.

Sir, my friend Mr. Halim has spoken about police excesses. I do not know why he has done so. I think he got very excited. Sometimes he thinks that there is police excess and sometimes he thinks that the police are doing good work which is helpful to the people as was evident from a letter written to my friend Sj. Kalipada Mookerjee the other day. I think I have said enough. It is already 12 o'clock. I need not say anything more. I would simply say that there will be a proposal later on when the general discussion of the budget will take place some time in June when the different Ministers will put the demands for their departments before the House and the House can discuss various points, and, I think, criticise them. But when you do criticise, may I request all members to face facts. There are plenty of drawbacks and difficulties; nobody denies that. Because it is not perfect, we are trying to make it better and better. If in doing so you lose the true perspective and sense of reality, you really don't get anything; you simply try to repeat some dogmatic phrases which might sound very nice but, as is usually said, they are all sound and fury signifying nothing.

**Mr. Chairman:** The Bill has been considered. There will be no recommendations.

The motion of Hon'ble Dr. Bidhan Chandra Roy that the West Bengal Appropriation (Vote on Account) Bill 1958, as passed by the West Bengal Legislative Assembly and transmitted to the West Bengal Legislative Council for its recommendations, be taken into consideration, was then moved and agreed to.

**Mr. Chairman:** I will send it back to the other House.

### **Adjournment.**

The Council was then adjourned at 12-7 p.m. till 9-30 a.m. on Tuesday the 11th March, 1958, at the Legislative Building, Calcutta.

### **Members absent.**

Bandopadhyay, Sj. Upendra,  
 Chakravarti, Dr. Monindra Mohan,  
 Chatterjee, Sjta. Abha,  
 Choudhuri, Sj. Annada Prosad,  
 Das, Sjta. Santi,  
 Dutt, Sjta. Labanyaaprova,  
 Ghosh Maulik, Sj. Satyendra Chandra,  
 Maliah, Sj. Pashupati Nath,  
 Mohammad Jan, Janab Shaikh,  
 Mookerjee, Sj. Kamala Charan,  
 Prosad, Sj. R. S.,  
 Roy, Sj. Surendra Kumar,  
 Saraogi, Sj. Pannalal, and  
 Sarkar, Sj. Pranabeswar.

## COUNCIL DEBATES

*Tuesday, the 11th March, 1958.*

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta on Tuesday, the 11th March, 1958, at 9.30 a.m., being the ninth day of the Fourteenth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

### QUESTIONS

(to which oral answers were given)

[9.30—9.40 a.m.]

#### Recognition of Junior High Schools for Girls

**11. Sj. Manoranjan Sen Gupta:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

- (a) what is the final authority for recognition of the Class VIII Junior Girls' School;
- (b) what are the conditions that are to be fulfilled; and
- (c) what is the appellate authority for hearing appeals against rejection of recognition and delay of Inspection Report.

**The Minister for Education (the Hon'ble Rai Harendra Nath Chaudhuri):** (a) The Director of Public Instruction, West Bengal.

(b) The necessary conditions are indicated in the statement laid on the Table.

(c) Education Department, Government of West Bengal.

*Statement referred to in reply to clause (b) of question No. 11*

#### CONDITIONS FOR RECOGNITION AS A FOUR-CLASS JUNIOR HIGH SCHOOL FOR GIRLS

(1) A minimum roll strength of 80 in class V to VIII including at least 40 in classes VII and VIII.

(2) Fee rates and free places—As prescribed under revised Grant-in-aid Rules for High Schools.

(3) Accommodation (8 rooms)—

four class-rooms, providing at least 8 square feet of floor space per pupil on the sanctioned roll strength for a class.

one room for the accommodation of the Science and Geography Classes.

one room for office-cum-library.

one room for Teachers' Common Room.

one room for Headmistress.

(4) Teaching staff—At least five members as follows:—

(a) two should be graduates, including one who should preferably be a B.T. and the other must be a Science Graduate.

(b) one Matric Kavyatirtha.

(c) two I.A. or I.Sc. or Matric Senior-trained.

(5) Managing Committee constituted according to the rules laid down in the Bengal Education Code.

(6) Sanitary conveniences and drinking water—There must be satisfactory arrangements.

(7) Reserve Fund—Rs.1,000 invested in Postal Savings Bank under a separate account, specifically in the name of the fund. (At the initial stage Rs.800 may do.)

**Sj. Manoranjan Sengupta:**

বর্তমানে বোর্ড অব সেকেন্ডারি এডুকেশনএর সঙ্গে জুনিয়ার গার্লস স্কুলএর কোন সম্পর্ক আছে কি?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

হী আছে।

**Sj. Manoranjan Sengupta:**

কি সম্পর্ক আছে বলবেন কি?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

যেমন অন্যান্য হাই স্কুলএর সম্পর্ক আছে তেমনি।

**Sj. Manoranjan Sengupta:**

এখানে ফাইন্যাল অথরিটি তো বলছেন এডুকেশন ডিপার্টমেন্ট, গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল।

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:** The question is what is the appellate authority for hearing appeals against rejection of recognition and delay of Inspection Report. The answer is Education Department, Government of West Bengal.

**Dr. Monindra Mohon Chakraborty:**

আপনি বললেন অন্যান্য স্কুলের সঙ্গে যেমন সম্পর্ক আছে তেমনি মাধ্যমিক পর্যায়ের সঙ্গে জুনিয়ার গার্লস স্কুলএর সম্পর্ক। আমি জানতে চাচ্ছি তাহলে এই সমস্ত ব্যাপারে ডিপার্টমেন্ট কি করে দায়ী হয়? শেষ পর্যন্ত তার দায়ীত্ব এদের উপর থাকে কেন?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

কোরেচেন্টা হচ্ছে—

what is the appellate authority for hearing appeals against rejection of recognition and delay of Inspection Report.

দ্বিতীয় জিনিষ আছে দেখুন—রিকগনিশন আর একটি হচ্ছে ডিলে অব ইন্সপেকশন রিপোর্ট। যেখানে ডিলে ইন সার্বিমাটিং ইন্সপেকশন রিপোর্ট হয়, সেখানে এ কেস শুনবেন ডিপার্টমেন্ট তো বটেই।

**Sj. Satya Priya Roy:**

জুনিয়ার হাই স্কুলগুলিকে সাহায্য দেবার অধিকার বা কর্তৃত্ব কার আছে?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

সাহায্য দেবার জন্য যে সকল কান্ডশনস তা স্যার্টিসফাই করলেই পায়।

**Sj. Satya Priya Roy:**

প্রশ্নটা হচ্ছে, মধ্যশিক্ষা পর্যন্ত না শিক্ষা বিভাগ দেন?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

গ্রাম্যস রেকমেন্ড করা হয় শিক্ষা বিভাগ থেকে।

**Sj. Satya Priya Roy:**

কিন্তু, সার, এটা কি ঠিক নয় যে, বোর্ড অব সেকেল্ডারী এডুকেশন, ওয়েস্ট বেগলএর পক্ষ থেকে গ্র্যান্ট দেওয়া হয়ে থাকে।

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

গ্র্যান্ট রেকমেন্ড বা পাশ করা হয় ডিপার্টমেন্ট থেকে এবং গ্র্যান্ট দেওয়া হয় পর্যবেক্ষণের পক্ষে।

**Dr. Monindra Mohon Chakraborty:**

শেষ সংপারিশ কে করেন, সিদ্ধান্ত কে করেন?

**The Hon'ble Rai Harendra Nath Choudhuri:**

জ্ঞানয়ার স্কুলগুলি লাম্প গ্র্যান্ট পেয়ে থাকে, সেগুলি নির্ভর করে ইলাপেকশন রিপোর্টের উপর। কল্নিশন যদি স্যাটিসফাই করে তা হলে গ্র্যান্ট দেওয়া হয়, তা না হলে দেওয়া হয় না।

**Sj. Satya Priya Roy:**

প্রশ্ন করছি—সাহায্য দেবার সম্পর্কে চৰ্চালত সিদ্ধান্ত করবার অধিকার শিক্ষা বিভাগের না মধ্যাংশকা পর্যবেক্ষণে?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

গ্র্যান্ট সম্পর্কে ফাইন্যাল ডিসিশন পর্যবেক্ষণ দিয়ে থাকে, তবে কোন স্কুল কল্নিশনস স্যাটিসফাই করল কি না সেটা ইলাপেকশন রিপোর্টের উপর নির্ভর করে।

**Sj. Satya Priya Roy:**

জ্ঞানয়ার স্কুলগুলিকে এই যে লাম্প গ্র্যান্ট দেওয়া হয় তা দ্বাৰা রকমের, দ্বাৰা ক্লাসেৱ এবং চার ক্লাসেৱ, কোন স্কুলকে কি রকম সাহায্য দেওয়া হয়?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

নোটিস চাই।

**Sj. Satya Priya Roy:**

মন্ত্ৰী মহাশয়, এখনে বলেছেন জ্ঞানয়ার হাই স্কুলগুলিৰ রিকগনিশন দিয়ে ডি-পি-আই বা ডিপার্টমেন্ট। কিন্তু সেকেল্ডারী এডুকেশন অ্যান্ট বলছে—সেকেল্ডারী এডুকেশন সম্পর্কে গ্র্যান্টের কৰ্তৃত মধ্যাংশকা পর্যবেক্ষণে উপর নাস্ত থাকবে, এই আইন যতদিন বলবৎ থাকবে। এই আইন এখনও বলবৎ আছে। তা সত্ত্বেও শিক্ষা বিভাগেৰ কাছে এই রিকগনিশন দেবার বা অভিজ্ঞা দেবার ক্ষমতা বৰ্তাল কি করে?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

কথাটা হচ্ছে, জ্ঞানয়ার হাই স্কুল সম্বন্ধে। রিকগনিশনেৰ শত পালন কৰলে রিকগনিশন দেন ডিরেক্টৱ অব পাৰ্লিক ইলাপেকশন। উচ্চ ইংৰাজী বিদ্যালয়েৰ রিকগনিশন দেন মধ্যাংশকা পর্যবেক্ষণ।

**Sj. Satya Priya Roy:**

আমাৰ প্ৰশ্ন হচ্ছে, মধ্যাংশকা যে আইন ১৯৫০ সালেৱ, এখন যেটা বলবৎ আছে, সেই আইনান্যায়ী মধ্যাংশকা সম্পূৰ্ণভাৱে মধ্যাংশকা পৰ্যবেক্ষণে নিয়ন্ত্ৰণাধীনে আছে। সেই অবস্থাতে জ্ঞানয়ার হাই স্কুলগুলি যদি মধ্যাংশকা অনুসৰে এসে থাকে, তাহলে কোন আইনেৰ বলে মধ্যাংশকা পৰ্যবেক্ষণে এই অভিজ্ঞা দেওয়াৰ অধিকাৰ না বৰ্তমানে ডিপার্টমেন্ট, শিক্ষা বিভাগেৰ কাছে এই অধিকাৰ বৰ্তালো মন্ত্ৰমহাশয় সেটা বলবেন কি?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

তাৰ কাৰণ হচ্ছে, যে আইন ছিল সেই আইন এখন নেই—তাতে ছিল রিকগনিশন কমিটি প্লাটস কমিটি, সমস্ত কমিটি ছিল। সেই কমিটিগুলি বৰ্তমানে নেই, এখন অ্যাডমিনিস্ট্ৰেশন

and there is one man Board:

**Sj. Satya Priya Roy:**

সেই আইন নেই মানে কি, রিপিলড হয়েছে?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

নিচ্ছয়ই রিপিলড হয়েছে বাই দি আষ্ট অব ১৯৫৪।

**Sj. Satya Priya Roy:**

যে এ্যামেন্ডমেন্ট আষ্ট হয়েছে তাতে মধ্যশিক্ষা পর্ষতের সমস্ত ক্ষমতাগুলি কি মধ্যশিক্ষা পর্ষতের অ্যাডমিনিস্ট্রেটরের হাতে ন্যস্ত করা হয়েছে?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

হ্যাঁ, হয়েছে।

**Sj. Satya Priya Roy:**

হলে পর মধ্যশিক্ষা পর্ষতের অ্যাডমিনিস্ট্রেটরের হাতে এই জুনিয়র হাই স্কুলগুলির অভিভাৱ বা রেকগনিশন দেবার ক্ষমতা ন্যস্ত করা উচিত; কিন্তু শিক্ষা বিভাগ কোন্ঠাইনান্দ্যায়ী এই জুনিয়র হাই স্কুলগুলির রেকগনিশন এখন দিচ্ছেন মান্দ্রমহাশয় সেকথা বলবেন কি?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

আমি বলেছি তো জুনিয়র হাই স্কুলগুলির রেকগনিশন ডিপার্টমেন্ট দিয়ে থাকেন।

**Sj. Satya Priya Roy:**

কোন আইনের বলে ডিপার্টমেন্ট দিয়ে থাকেন সেটা বলবেন কি?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

আপনারা যে আইনের কম্পনা করছেন সেই ১৯৫০ সালের আইন এখন নেই।

**Dr. Monindra Mohan Chakraborty:**

মান্দ্রমহাশয় স্বাবরোধী উষ্টি করছেন। আইনের বলে মধ্যশিক্ষা পর্ষতের সমস্ত অধিকার অ্যাডমিনিস্ট্রেটরের হাতে দেওয়া হয়েছে—অর্থাৎ সমস্ত ক্ষমতা পর্ষতের যে অধিকর্তা তাঁই হাতে ন্যস্ত হয়েছে।

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

বোর্ড যে অধিকার আগে পরিচালনা করতেন সেটা পরে ডেলিগেট করে দিয়েছেন এডুকেশন ডিপার্টমেন্ট।

**Sj. Satya Priya Roy:**

সেটা করা হয়েছে কেন্ত আইন বা সার্কুলারের ম্বাবা সেটা মান্দ্রমহাশয়ের কাছ থেকে জানতে চাই।

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

বোর্ডের পক্ষ থেকে ডেলিগেট করেছিলেন বাই এ রিজিলিউশন।

**Dr. Monindra Mohan Chakraborty:**

অ্যাডমিনিস্ট্রেটর ডেলিগেট করে দিয়েছেন ডিউ নোটিশে?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

হ্যাঁ, অ্যাডমিনিস্ট্রেটর ডেলিগেট করে দিয়েছেন, কি তার প্ৰৱে বোর্ড ডেলিগেট করেছিলেন সেটা যদি সঠিক জানতে চান তাহলে নোটিশ দিলে উত্তৰ দেব।

**Sj. Manoranjan Sengupta:**

এতে কাঞ্জগনে দেওয়া আছে যে টিচিং স্টাফে ৫ জন মেস্বৰ থাকবে, তার মধ্যে two should be graduates including one who should preferably be a B.T. and the other must be a Science Graduate.

কিন্তু গ্র্যাল্টস ইন এড রুলসএ দেখতে পাওয়া সেখানে বলা হচ্ছে ফোর-ক্লাস জুনিয়ার হাই স্কুলে ৫ জন শিক্ষক থাকবেন—একজন প্রাইভেট, ২ জন আই-এ, আর দুজনের ওয়ান ম্যাট্রিক আল্ড ওয়ান ক্লাসিক্যাল টাচার—বোর্ডের যা কল্ডশন রিকগনিশনের আর এই গ্র্যাল্টের যা কল্ডশন এই দ্রুটা প্রথক কেন?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

রিকগনিশনের যা শর্ত তা দেওয়া হয়েছে। তা ছাড়া জুনিয়ার হাই স্কুলের গ্র্যাল্ট সম্বন্ধে বলেছি, গ্র্যাল্টের কল্ডশনসগ্রালি স্যার্টিসফাই করলে রিকগনাইজড স্কুল গ্র্যাল্ট পেয়ে থাকে। এবং জুনিয়ার হাই স্কুলগ্রালি নির্দিষ্ট টাকা (লাম্প গ্র্যাল্ট) পেয়ে থাকে। আর একটা সংবাদ পেয়েছি এর আগে আপনারা প্রশ্ন করেছিলেন যে কিভাবে ডেলিগেশন হ'ল? আগেকার বোর্ড ১৯৫০ সালের আইনান্সারে কাজ করছিল, বোর্ড রেজিলিউশন করে ডেলিগেট করেছিলেন।

[১।-৪।—১।-৫০ a.m.]

**Sj. Satya Priya Roy:**

মন্ত্রমহাশয় বলবেন কি, বোর্ডের আইনান্সারী তাঁর হাতে যে ক্ষমতা নাস্ত করা হয়েছিল সেটা আরেকটা প্রস্তাবের মধ্যে দিয়ে অন্য কোন কর্মীকে হস্তান্তরিত করতে পারেন কি?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

নিচয়ই পারেন।

**Sj. Satya Priya Roy:**

১৯৫০ সালের আইনান্সারে পাওয়ার ডেলিগেট করতে পারেন, কিন্তু রিডেলিগেট করবার ক্ষমতা দেওয়া হয় নি.....

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

আইন না থাকতে পারে, রুল থাকতে পারে।

**Sj. Satya Priya Roy:**

আমর প্রশ্ন হল, স্বতীয় শ্রেণীর জুনিয়ার হাই স্কুলকে বাস্সারিক কত লাম্প গ্র্যাল্ট দেওয়া হয়?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:** Sir, does the question arise out of this?  
স্যার্টিস দিলে বলতে পারব।

**Sj. Satya Priya Roy:**

জুনিয়ার হাই স্কুলে ডের্ফিসিট গ্র্যাল্ট দেওয়া হয় না কেন সেটা জানেন কি?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

লাম্প গ্র্যাল্ট দেওয়াই নিয়ম।

**Sj. Satya Priya Roy:**

ডের্ফিসিট বেসিসএ যে গ্র্যাল্ট দেওয়া হয় সেটা কি শুধু জুনিয়ার হ্যাই স্কুলকে দেওয়া হয়?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

হাই স্কুলকে ডের্ফিসিট বেসিসএ গ্র্যাল্ট দেওয়া হয়, জুনিয়ার স্কুলকে লাম্প গ্র্যাল্ট দেওয়া হয়।

**Sj. Satya Priya Roy:**

লাম্প গ্র্যাল্ট ছাড়া জুনিয়ার হাই স্কুলের টিচারদের জন্য পে-কেল প্রবর্তন করার সম্ভাবনা দায়ে কি?

**Mr. Chairman:** You are bringing in a new question.

**Sj. Satya Priya Roy:** No, Sir, I am just trying to make the question intelligible to the Minister.

**Mr. Chairman:** Put a specific question please.

**Sj. Satya Priya Roy:**

একই বেতনের হার প্রবর্তনের আশ্বাস দিয়েছিলেন—এখন ডেফিস্ট গ্ল্যান্টের বাবস্থা করবেন বলে ভাবছেন কিনা সেটা জানতে চাই।

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

সম্ভব হলে দেখা যাবে।

**Sj. Manoranjan Sengupta:**

৫ নং প্রশ্নের উত্তরে বলেছেন,

Accommodation (8 rooms)—Four class rooms, one room for accommodation of Science and Geography classes, one room for office-cum-library, one room for Teachers' Common Room and one room for Headmistress.

এ সম্বন্ধে কোন সার্কুলার আছে কি যার বলে এই ঘরগুলি নির্দিষ্ট করে রাখবেন?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

আছে।

**Sj. Manoranjan Sengupta:**

নম্বর এবং ডেট বলতে পারেন কি?

**The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:**

নোটিস দিলে বলতে পারব।

#### **Proposal for recruitment of Sub-Magistrates and Sub-Collectors from practising lawyers**

**12. Sj. Nagendra Kumar Bhattacharyya:** Will the Hon'ble Minister in charge of the Home Department be pleased to state—

- (a) whether the Government have any scheme to recruit Sub-Magistrates and Sub-Collectors from the practising lawyers; and
- (b) if so, what is the scheme?

**The Chief Minister and Minister for Home (the Hon'ble Dr. Bidhan Chandra Roy):** (a) No.

(b) Does not arise.

**Sj. Sasanka Sekhar Sanyal:** Sir, it is very difficult to put a question in the absence of the Judicial Minister because I have got a question which might be addressed to the Judicial Minister. May I know, Sir, what is the position? I have a right to put a supplementary question.

**Mr. Chairman:** You can put the question and the Chief Minister will take note of that if the Judicial Minister is not present.

**Sj. Sasanka Sekhar Sanyal:** Will the Hon'ble Judicial Minister, who is not present.....

**Mr. Chairman:** Dr. Roy has answered.

**Sj. Sasanka Sekhar Sanyal:** Will the Hon'ble Judicial Minister, or the alternative, the Minister concerned.....

**Mr. Chairman:** How does the Judicial Minister come into the picture

**Sj. Sasanka Sekhar Sanyal:** Because it relates to a question of the Judicial Department.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** What is the question?

**Sj. Sasanka Sekhar Sanyal:** I am putting the question by and by. In view of the separation of the Judiciary and the Executive as promised and promulgated by the Hon'ble Judicial Minister, I want to put a question, whoever may answer it, whether the policy which was adopted previously in the matter of recruitment of Sub-Magistrates and Sub-Collectors from lawyers, whether that policy has been dropped.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** We have answered the question that Government have no such scheme at present; but in future what may happen, I cannot say.

**Sj. Sasanka Sekhar Sanyal:** Will the Hon'ble Minister be pleased to state whether the Government has found that lawyers are not eligible for recruitment as Sub-Magistrates?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** This is a matter of opinion. You have not asked to give an opinion. Here a question has been asked whether we have any such scheme; I said, "No". It is no use speculating.

**Sj. Sasanka Sekhar Sanyal:** It is not a question of speculation. We want to know what is the Government's view in the matter. As a matter of fact, lawyers have been recruited in the past. The question is simple, whether the Government want to discontinue that policy, or not.

**Mr. Chairman:** That has already been answered.

**Sj. Nirmal Chandra Bhattacharyya:**

মাননীয় মন্ত্রমহাশয় কি মনে করেন যে, বাবহারজীবীদের সাব-ম্যার্জিস্ট্রেট এবং সাব-কালেষ্টের হিসাবে নিয়োগ করলে কাজ ভাল হবে না?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** I have already said there is no scheme.

**Sj. Nirmal Chandra Bhattacharyya:**

এ স্বর্ণে কি কোন স্কীমই নাই?

**Sj. Manoranjan Sengupta:**

সাব-রেজিস্ট্রার থেকে সাব-ম্যার্জিস্ট্রেট এবং সাব-কালেষ্টের অ্যাপয়েল করবার কোন ব্যবস্থা আছে কি?

**Mr. Chairman:** That does not arise. Next question.

### Starvation deaths in Purulia district

**13. (Short Notice.) Sj. Naren Das:** (a) Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state whether it is a fact that death took place in the district of Purulia of the following persons due to starvation on the dates mentioned against each of them:—

- (1) Chakradhar Manjhi of village Kanapara, police-station Pooncha, on 27th August, 1957;
- (2) Banamali Bauri of village Jitboori, police-station Manbazar, on 10th September, 1957;
- (3) Sarala Sardarin of village Sagen, police-station Manbazar, on 10th September, 1957;

- (4) Daughter of Kalla Mahatani, of village Chepua, police-station Manbazar, on 19th September, 1957;
- (5) Son of Rupa Garai, of village Sindri, police-station Barabazar, on 3rd October, 1957;
- (6) Rupa Garai of village Sindri, police-station Barabazar, on 16th October, 1957;
- (7) Phunu Garai of village Sindri, police-station Barabazar, on 25th October, 1957; and
- (8) Haribul Bhumij of village Moondali, police-station Arsha, on 30th June, 1957?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what steps were taken for their relief?

**The Minister for Food, Relief and Supplies (the Hon'ble Prafulla Chandra Sen):** (a) No.

(b) Does not arise.

**Sj. Naren Das:**

দয়া করে বলবেন কি, কি পদ্ধতিতে এই অনুসন্ধান করা হয়েছে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

প্রাণীদার ডেপুটি কমিশনার অনুসন্ধান করেছেন।

**Sj. Naren Das:**

তিনি কোন মেডিকেল রিপোর্ট পেয়েছেন কি না?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

মেডিকেল রিপোর্টের প্রশ্ন উঠতে পারে না।

**Sj. Naren Das:**

ডেথ সার্টিফিকেট সরকারের কাছে আছে কি না?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

বলতে পারি না।

**Sj. Sasanka Sekhar Sanyal:** Will the Hon'ble Minister be pleased to state whether Government have ascertained the causes of death of these persons mentioned?

**The Hon'ble Prafulla Chandra Sen:** Due to illness.

**Sj. Sasanka Sekhar Sanyal:** Or malnutrition.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** All deaths are due to malnutrition in the last instance.

**Sj. Sasanka Sekhar Sanyal:** And also, all deaths are due to heart failure.

[9-50—10 a.m.]

**Sj. Nirmal Chandra Bhattacharyya:**

মাননীয় প্রাণীদার বলেছেন, এই অনাহার মৃত্যু সম্বন্ধে অনুসন্ধান করেছেন এবং যেসমস্ত রিপোর্ট উনি পেয়েছেন ডেপুটি কমিশনারের কাছ থেকে এই মৃত্যু সম্বন্ধে, সেই বিবরণগুলি কি এই বিধান পরিষদে উপস্থাপিত করবেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমি মনে করি না যে তার কোন প্রয়োজন আছে।

**Sj. Sasanka Sekhar Sanyal:** Will the Hon'ble Minister be pleased to consider the desirability of having the matter of these cases of death enquired into by the members of the District Board, Purulia?

**The Hon'ble Prafulla Chandra Sen:** I do not think it necessary.

**Sj. Sasanka Sekhar Sanyal:** Why does he think so?

**The Hon'ble Prafulla Chandra Sen:** I do not think it necessary.

**Sj. Nirmal Chandra Bhattacharyya:**

মাননীয় মর্ল্যমহাশয় কি জানেন যে, শ্রীযুক্তা লাবণ্যপ্রভা ঘোষ প্রমুখ নেতৃবৃন্দ বলেছেন এইসমস্ত মৃত্যু ঘটেছে অনাধারের দরূণ।

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমার জানা নেই।

**Sj. Nirmal Chandra Bhattacharyya:**

মাননীয় মর্ল্যমহাশয় কি জানেন, যে সময় খাদ্য কর্মটির সভা হয়, সেই সভায় শ্রীযুক্তা লাবণ্যপ্রভা ঘোষ মহাশয়া ও অন্যান্য নেতৃবৃন্দ সেই কথা বলেছিলেন এবং আপনিও সেখানে উপস্থিত ছিলেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

সেকথা এখানে উপস্থিত করবার কোন কারণ নেই।

**Sj. Naren Das:**

এই বিধান মন্ডলীর সদসাদের নিয়ে কোন অনুসন্ধান কর্মটি করতে রাজী আছেন কি না?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

না।

**Sj. Naren Das:**

এই যে যাদের স্টার্টেশন ডেথ হয়েছে তাদের পরিবারদের জন্য কোন সাহায্যের বন্দোবস্ত হয়েছে কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

নোটিস চাই।

#### **Reply by the Governor of West Bengal to the Address presented to her by the Council**

**Mr. Chairman:** Honourable members, I have to read the reply by Her Excellency the Governor of West Bengal to the address presented to her by the Council, which is addressed to the members of this House. It runs thus:—

“RAJ BHAVAN,  
CALCUTTA,  
*The 1st March, 1958*

MEMBERS OF THE LEGISLATIVE COUNCIL,

I have received with great satisfaction the respectful expression of your thanks for the speech with which I have opened the present session of the Legislature.

**PADMAJA NAIDU,**  
*Governor of West Bengal.”*

### Message

**Secretary (Sj. A. R. Mukherjea):** The following message has been received from the West Bengal Legislative Assembly, namely:—

#### “MESSAGE

The West Bengal Sales Tax (Amendment) Bill, 1958, as passed by the West Bengal Legislative Assembly, at its meeting held on the 3rd March, 1958, has been duly signed and certified as a Money Bill by me and is transmitted herewith to the West Bengal Legislative Council under Article 198, clause (2) of the Constitution of India.

S. BANERJI,  
Speaker,  
*West Bengal Legislative Assembly.*“

#### Fixing up a non-official day

##### **Sj. Nirmal Chandra Bhattacharyya:**

সভাপাল মহাশয়, আমি কয়েকটি গুরুত্ব প্রশ্ন আপনার কাছে উত্থাপন করছি, আশা করি সংশ্লিষ্ট মিত্রমহাশয় এর সদৃশুর দেবেন।

প্রথমত, আমাদের বিধান পরিষদের বিরোধীপক্ষের যাঁরা সদস্য, তাঁরা অনেকে কতকগুলি প্রস্তাব দিয়েছেন। সেই প্রস্তাবগুলি কবে আলোচনা হবে আরু জানতে চাই।

ম্বিতীয় কথা হ'ল, তাঁদের ভিতর থেকে তিন জনে তিনটা বিলের নেটিস দিয়েছেন। সন্তুষ্টাঙ এখান থেকে আমরা দাবী করছি আমাদের একটা বে-সরকারী দিন বা নন-অফিসিয়াল ডে ঠিক করে দেওয়া হোক।

আমার তৃতীয় কথা হচ্ছে অর্থমন্ত্রী ও মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের বলেছিলেন বিধান পরিষদের প্রতিনিধিরা পার্বালিক অ্যাকাউন্টস কমিটিতে বসবার অধিকার পাবেন। আপনি জানেন রাজসভায় যাঁরা প্রতিনিধি রয়েছেন তাঁদের ভিতর থেকে কিছু সংখ্যক লোক কেন্দ্রীয় পার্বালিক অ্যাকাউন্টস কমিটিতে রয়েছেন, সেই সংগ্রহে আমরা আগে দাবী করেছিলাম যে আমাদের বিধান সভার পার্বালিক অ্যাকাউন্টস কমিটিতে থাকা উচিত। এ বিষয়ে মুখ্যমন্ত্রী মহাশয় বিবেচনা করবেন বলে আমাদের আশ্বাস দিয়েছিলেন। তিনি গত তিন বছর ধরে এটা বিবেচনা করছেন, এখন আর কত দিনে এই বিষয়ে স্থির সিদ্ধান্তে উপনীত হতে পারবেন, সেটা আমরা জানতে চাই।

এই তিনটি প্রশ্ন এখন আমি তুলছি। এই প্রশ্নগুলির উভয় পেলে, আপনার অনুরোধে আর একটা প্রশ্ন পরে তুলব।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** I have not seen any such resolution but I shall look into it and fix up a date.

##### **Sj. Nirmal Chandra Bhattacharyya:**

তিনি কি আমাদের আশ্বাস দিচ্ছেন যে আমাদের একটা বে-সরকারী দিন দেওয়া হবে? এটা আমরা জানতে চাই।

##### **The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

কাজ যদি থাকে তো দেওয়া হবে।

##### **Sj. Nirmal Chandra Bhattacharyya:**

তা ছাড়া পার্বালিক অ্যাকাউন্টস কমিটিতে বিধান পরিষদের প্রতিনিধি নিয়োগ করবার যে আশ্বাস দিয়েছিলেন, তার কি হ'ল?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

যেদিন থেকে আপনি বলেছেন, তারপর পার্বলিক আকাউন্টস কর্মটির কোন ইলেকশন এখনও হয় নি; হলে দেখা যাবে।

**Sj. Nirmal Chandra Bhattacharyya:**

আপনি কি এ বিষয়ে চিন্তা করছেন?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

এতে চিন্তার কিছু নেই। পরে দেখা যাবে।

**Enquiry about resignation of the Judicial Minister****Sj. Nirmal Chandra Bhattacharyya:**

আর একটা বিষয়ে জনমত অত্যন্ত বিকৃত হয়েছে। সংবাদপত্রে প্রকাশিত হয়েছে, আমাদের জুড়িশিয়াল মিনিস্টার, আইন বিভাগের মন্ত্রী শ্রীযুক্ত সিদ্ধার্থ রায় পদত্বাগ করেছেন। এ বিষয়ে জনমত বিকৃত হয়েছে বলে আমি মাননীয় প্রধানমন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি, তিনি এ সম্বন্ধে একটা বিবৃতি দিন।

**Mr. Chairman:** The Chief Minister has taken note of it.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

আমার কিছু বলবার নেই।

**Sj. Nirmal Chandra Bhattacharyya:**

মাননীয়মহাশয় এ বিষয় যদি নীরব থাকেন, তা হলে তিনি তাঁর কর্তব্য সূচনাদান করেছেন না বলেই আমরা মনে করব।

**Sj. Sasanka Sekhar Sanyal:** Certainly it is open to the Hon'ble Chief Minister either to reply or not to reply to this question. But there is a practical aspect. A legislative measure is going to be discussed today, and in this connection we desire that the Minister for Judiciary should be present.

**Sj. Nirmal Chandra Bhattacharyya:**

তা হলে আমরা কি ব্যৱব যে, এ বিষয়েতে মন্ত্রমণ্ডলী কোন বিবরণী দিতে চান না?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

আপনার যা খুর্ণি তাই ব্যৱতে পারেন, আমার বলবার কিছু নেই।

**Sj. Nirmal Chandra Bhattacharyya:**

আমার বলবার উদ্দেশ্য হচ্ছে—সভাপাল মহাশয়—আমার আর একটিমাত্র কথা আছে, যাকে ইংরেজীতে বলে, ওন্দল ওয়ান সেটেন্স। তা হচ্ছে এই.....

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

অনেকগুলো কথা তো বলেছেন।

**Sj. Nirmal Chandra Bhattacharyya:**

যদি উনি একটা বিবৃতি দিতেন তা হলে আমাদের এদিক থেকে একটা অনাস্থাঞ্জাপক প্রস্তাব উত্থাপিত করবার ইচ্ছা ছিল। সেইজন্য এটা খুব প্রয়োজনীয় বলে আর্য মনে করিব।

**Supplementary Estimate for 1957-58**

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, I beg to present the Supplementary Estimate for the year 1957-58.

Sir, under the provisions of Article 205 of the Constitution a Statement of the Supplementary Estimates of expenditure for the year 1957-58 is placed before the House. The total amount covered by the present supplementary estimate is Rs. 15,21,77,701 of which the voted items account for

Rs. 13,42,42,301 and the charged items for Rs. 1,79,35,400. Of the voted items the largest demand is under the head "80—A—Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project". The additional demand under this head is for Rs. 4,63,75,000 which is necessary for payment of this Government's share of the expenditure on account of the project. The next highest demand is for Rs. 4,23,17,000 under the head "85A—Capital Outlay on State Schemes of Government Trading". This is necessary for large scale procurement of foodgrains for distribution through fair price shops in Calcutta and modified ration shops in districts. The next demand is for Rs. 1,09,88,000 under the head "37—Education". This is mainly for Centrally sponsored schemes outside the State Plan and also on account of larger provision for certain schemes in the State Plan. The additional demand of Rs. 86,96,000 under "Famine" is necessary for meeting the cost of large-scale relief operations due to natural calamities. The additional demand of Rs. 44,04,000 under "Police" is required mainly on account of payment of dearness allowance at an enhanced rate. This demand also includes charges on account of Village Police in transferred territories and arrear charges on account of arms and ammunition. The additional demand of Rs. 41,00,000 under the head "Capital Outlay on Multipurpose River Schemes outside the Revenue Account" is on account of enhanced cost of acquisition of land in connection with the Mayurakshi Reservoir Project. The additional demand of Rs. 35,06,000 under the head "Other Revenue Expenditure financed from ordinary revenues" is mainly on account of maintenance and repairs of ex-Zemindary embankments and special repairs to other flood damaged embankments. The reasons for excess demands in respect of other heads have been clearly indicated in the booklet "Supplementary Estimate" presented to the House.

With these words, Sir, I present the Estimates for the Supplementary Budget for the year 1957-58.

#### **Budget Estimates for the Damodar Valley Corporation for the year 1958-59**

**The Hon'ble Ajoy Kumar Mukherji:** Sir, I beg to lay before the Council the Budget Estimates of the Damodar Valley Corporation for the year 1958-59.

#### **GOVERNMENT BILL**

[10—10-10 a.m.]

#### **The West Bengal Sales Tax (Amendment) Bill, 1958**

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, I beg to move that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1958, as passed by the West Bengal Legislative Assembly and transmitted to the Council for its recommendations, be taken into consideration.

Sir, this Bill is mainly for the purpose of amending the West Bengal Sales Tax Act of 1954. This Act, as members are probably aware, was for the purpose of introducing a scheme of taxation at the source as far as possible. At the present moment the following items are under the operation of this Act, viz., Vanaspati, soap, biscuits, pepper, tapioca globules, drugs, medicines, surgical dressings, etc. Besides these, there are two items which form the subject-matter of the present Bill. At the meeting of the National Development Council held in December, 1956, an agreement was reached between the Government of India and the State Governments that additional duties of excise would be levied on mill-made textiles, sugar and tobacco (whether manufactured or not) in replacement

of State sales taxes thereon and that the proceeds of the additional duties of excise would be distributed among the States on the basis of consumption subject to the condition that the amount derived by each State from the levy of sales tax on textiles, tobacco and sugar should be guaranteed. The question of distribution of the proceeds of the additional duties of excise, if levied, was subsequently referred by the Government of India to the Finance Commission. The Commission estimated the amount of revenue which was derived by each State and recommended that out of the proceeds of the additional duties of excise each State should get the amount so estimated and the balance, if any, should be distributed amongst the States on a mixed basis of population and consumption. At the last Finance Ministers' Conference it was agreed to accept the recommendations of the Finance Commission. To implement their part of the agreement, the Government of India enacted the Additional Duties of Excise (Goods of Special Importance) Act, 1957, to levy additional excise duties on these commodities with effect from the 14th December, 1957, and to distribute the proceeds thereof among those States which did not levy any sales tax on these commodities after the 31st March, 1958. Therefore, the position is that the Government of India has already passed an Act called the Additional Duties of Excise (Goods of Special Importance) Act, 1957, according to which from the 14th of December, 1957, they have been levying additional excise duties on textiles, sugar and tobacco and the Act further states that if any State levied a sales tax after the 31st March, 1958, it will not get any share of the tax as provided for by the Finance Commission. In this State sales tax on sugar and cigarettes was being levied under the West Bengal Sales Tax Act, 1954, and sales tax on textiles and tobacco, other than cigarettes, was being levied under the Bengal Finance (Sales Tax) Act, 1941. To implement our part of the agreement, textiles and tobacco, other than cigarettes, were exempted from sales tax by framing appropriate rules under the Bengal Finance (Sales Tax) Act, 1941. For exempting cigarettes and sugar from sales tax it was necessary to amend the West Bengal Sales Tax Act, 1954, and this amendment is now before the House. An Ordinance was promulgated to give effect to the agreement arrived at in the Finance Ministers' Conference and according to the direction of the Finance Commission the purpose of the present Bill is to continue the provisions of the Ordinance. The provision is that according to the West Bengal Sales Tax Act of 1954, we levy duties at the rate of 3 per cent. at source instead of 4.6 per cent. which we ordinarily levy for all other goods according to the Sales Tax Act of 1941.

Now, if this particular scheme is not accepted, what will happen? The dealers in sugar, in cigarettes will have to pay sales tax here and 3 per cent. excise duty to the Government of India according to their own Act. The consumers will thus have to pay twice over on the same goods. Therefore, our duty was to place before the House this amendment to the Bengal Sales Tax which is an amendment to the Act of 1954.

**Mr. Chairman:** Mr. Sanyal, there has been a printing mistake in your second amendment. It should be, I think, "referred to a Committee of the whole House with instructions to submit their report" or something like that, by the 31st March, 1958. The necessary correction may be made.

**Sj. Sasanka Sekhar Sanyal:** Sir, I move my first amendment. I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion by the 31st March, 1958.

Mr. Chairman, Sir, I have heard the Hon'ble Finance Minister, and I also read in the papers the speech that he made in defence of this measure on the floor of the other House. Sir, it seems that in discussing this measure, we are sandwiched between very clever and crooked revenue grabbing on the part of the Union Government and unavoidable helplessness on the part of the State Government. I feel sympathy with the Hon'ble Finance Minister when he says that if this Bill is not passed there will be surplus taxation on the consumer, and therefore we have got to pass it in the interest of the large number of consumers. But do you accept this position that we must convert ourselves into an agreed rubber stamp upon whatever is done by the muscular force of the Government of India. We have to assess the situation in an objective manner. After all, Sir, the Constitution of India has been conceived and formulated on the principle of federal ideas, and as a sort of live and let live principle of co-existence in it. The Union Government have got the Central list; we cannot make any encroachment upon that domain. The State Governments also have got their exclusive State lists. It is expected and desirable that the Government of India will not make inroads into that obviously morally forbidden territory. Otherwise, what will be the position? Government of India have got their own area of taxation, but there is an imperialist tendency on the part of Government of India for extending their domain of taxation, and they make steady inroads. It is only the thin end of the wedge into the provincial sphere. If these things continue and if they are not resisted in the proper time then our State Government will be converted into a sort of ward under the court. This court of ward position must be stopped. Sir, it is well known that we cannot tax our industries and commerce in the State. It is well known, Sir, that our principal source of revenue is more or less exclusively agricultural. It is well known, Sir, that our income tax is swallowed up entirely by the Government of India. It is well known, Sir, that jute is taken out completely, jute duty and the revenue arising therefrom is gorged by the Government of India.

[10-10—10-20 a.m.]

And you know, Sir, what things are coming to in the matter of jute and tea. It is a sort of a cow's tail—the longer it grows the lower it goes. The larger revenue we are paying to the Government of India the lower our receipts from the Central Pool are becoming and a prediction is made by the authorities on the top from the facts and figures from which we find that in course of one or two years from now our receipt on the score of jute and tea will practically be reduced into nil. So we are practically beasts of burden. Jute is produced by us and jute is transhipped to the manufacturing station and there it becomes Government of India property. Tea is also on similar footing. So, the position is this that we are practically being reduced into beasts of burden and unless the beast is fed by the Centre the beast will starve. This is a position which must be disconcerted on the floor of the House.

Sir, the Statement of Objects and Reasons is both educative and illustrative. In the Statement of Objects and Reasons of this Bill it is said "and to distribute proceeds thereof among those States which did not levy any sales tax on these commodities after 31st March, 1958." Sir, a misleading impression may be caused upon the mind of the casual tax-payer that probably we shall get back what we are paying, but that is not so. If you kindly go over to Act LIX, the relevant Act, or rather Act LVIII, it is stated "an Act to provide for the levy and collection of additional duties of excise on certain goods and for the distribution of a part of the

net proceeds thereof among the States in pursuance of the principles of distribution formula." So you find, Sir, that so long we have taxed our goods on the basis of a legislation which is practically going to be repealed for these practical purposes and the result is that the revenue which we were in a position to utilise for our benefit will have to be handed over to the Government of India and the Government of India will in its supremely miserly attitude give us only a part thereof. Is there any natural justice? Is there any legal justice? Is it not, Sir, flagrantly, and I should say, illegally, invading territory of our exclusive taxation for the benefit of the Central coffers? That is a matter which this House has got to consider.

If you go back a little, this legislation to which I have referred was passed on the 24th December, 1957. Before that Act LV was passed on the same date in the Parliament and there the definition of distable pool has been given. In this Act the expression "distributable Union duties of excise" means 25 per cent. of the net proceeds of duties levied and collected under the Central Excises and Salt Act, 1944. How the distribution will be made? Bihar will get 10.57—I will not say, Sir, that is a benighted province, it is known to everybody, it is a favoured province; Bombay 12.17—Bombay is going to contribute Finance Minister in the gap; then Uttar Pradesh 15.94; and do you know, Sir, what you are getting? West Bengal is getting 7.59 out of this total pool of 25 per cent. You see by passing this legislation we are being made parties to an arrangement which seeks to augment the Central revenue by leaps and bounds and the effect of that augmentation will be the depletion of the State revenue so far as West Bengal is concerned. Is there rational justice or legality in it? The other day on the floor of the Legislative Assembly the Hon'ble Finance Minister who is also the Chief Minister of the State enlisted the sympathy of all sections of the House and he was praised for the fighting attitude which was taken before the Finance Commission. I wish, Sir, I could join in the chorus of approbation, but a big interrogation is troubling my mind. I find from the Statement of Objects and Reasons that by an arrangement this sort of a thing was introduced and initiated, by an agreement this sort of a thing was introduced and initiated. May I ask the Hon'ble Finance Minister who is also the Chief Minister of the State: why did he agree at all? After all, even if he had not agreed, the Centre would have proceeded, but the procedure would be different. The Bill would come and the members of Parliament going from West Bengal would have said that this would amount to double taxation so far as consumers are concerned and this taxation they would have resisted and opposed. But instead of that a sly manouevre was introduced and our big guns were out-manouevred. They were first made a party to an agreement and they did not know, they did not realise that that agreement was at their own cost. After all submitting to a thing which is a proposition of coercion is different from submitting to a thing which is a matter of agreement, because coercion does not create that moral consent which is ultimately the real soul of legislation.

Then, Sir, I invite your attention and the attention of the House to the pernicious possibilities of this additional levy on the all-India basis. After all, if there is a taxation on territorial basis, evasion is watched if the territory is small. Any evasion in West Bengal can be watched successfully although we know, Sir, at our cost that so many evasions by big guns have been effected. And I have a shrewd suspicion in my mind that our valiant Finance Minister who is also the Chief Minister was overpowered through this agreement, because of the fact that the main point of the big guns of the Central Government was to save certain persons whose evasion of sales tax in Bengal was detected and discovered

and the matter is still pending investigation. May I say what the Income-tax Investigation Committee found? The findings of the Commission were that the following dealers concerns had evaded tax to the extent given below:—

- Cotton Agents Ltd.—Rs. 1 crore 10 lakhs.
- Birla Brothers Ltd.—Rs. 90 lakhs.
- Model Knitting Ltd.—Rs. 15 lakhs.
- R. K. Kejriwal Groups—Rs. 24 lakhs.
- Layalka Groups—Rs. 40 lakhs.
- Birla Cotton Mills Ltd.—Rs. 2 crores.
- Oriental Paper Mills Ltd.—Rs. 2 crores.

These evasions are there. The Government of West Bengal had at least the theoretical jurisdiction to go into the matter and pursue the matter, but today by virtue of this very beautiful and bona fide agreement to which our good friend the Chief Minister has been made a party, these people will escape the jurisdiction of the Government of West Bengal, and while they should spit at us with jeer, they will spit at us from a distance with scorn and disdain. This will actually be the result of this measure which is going to be passed.

[10-20—10-30 a.m.]

Sir, on one side there is this risk of evasion; on the other side there is risk of double taxation. You know what has become the lot of the Basanti Cotton Mills and other mills of West Bengal which were struggling for bare profits for existence. They purchased the tax-free goods but now they will have to purchase goods which are already taxed and then they will have to pay additional levy and ultimately the impact of all these double and treble taxation will be visited upon poor consumers like you and me. Is it natural justice? Is this consistent with the principles of law of equity? Certainly not. You know, Sir, that all the big guns are escaping and these petty dealers are suffering, and in West Bengal, which is an industrially advanced State—theoretically at least—and which expects to go up in advancement further, there will be a set back in our husbanding our own resources in our own way. Sir, the other day, while Sj. Sunil Das of the P.S.P. pointed out certain lacunae and dangers in the Lower House the Hon'ble the Chief Minister, who is the Finance Minister, assured that the 6 millions which was already lying outstanding out of the 38 or 39 millions would be made available from the Centie in the near future. But while replying to the non-official resolution of Sj. Deben Sen on the floor of the other House on Friday last, the Hon'ble the Chief Minister, who is also the Finance Minister, took a spirited stand and really disclosed his mind when he said that even those 6 millions would probably not be available. So, Sir, if things go on like this, what are things coming to? Why this tightening of the belt? Sir, the other day, I expressed my misgiving and I repeat it today that probably the Government of India wants to reduce the State into such a position that whatever Government comes into existence, it will have to behave like good boys. So long as the Government and the Treasury Benches are occupied by a particular party, the experiment is well with it. But in case of change-over, that experiment will be applied with brute force. So unless you behave properly you won't get back the money even in fractions that has been taken from you. This must be resisted. Sir, the question was discussed the other day and certain suggestions were made. Some sections of the House wanted to revise the recommendations of the Finance Commission.

The Hon'ble the Chief Minister gave a suggestion that he would take up the matter with the National Development Council. May I offer a third suggestion, Sir, which I claim is morally more tenable? The Hon'ble the Chief Minister should take courage in both hands. He ought to place before this House the actual facts and figures of our revenue position in relation to the Centre. This requires statistics and facts. It is unfortunate that our Government officials have not been able to give helpful figures to the Finance Commission and to the Central Government. Bombay gave inflated figures and so did Uttar Pradesh and Bihar in the matter of textiles and other things and they got back larger shares of their revenues. As a matter of fact, they got more than they were entitled to. But our Government personnel here gave deflated figures—I do not know why—and that is why even from the grudging hand you are getting things on a lower basis. Therefore, it is no longer possible for us merely to be satisfied with the Government Officials dealing with the facts and figures. The whole matter should be placed before the entire Legislature. The other House and this House have to deal with the matter separately and in both Houses the entire position should be discussed thoroughly. After all, this should be taken as a matter which affects the entire West Bengal people as a nation, and the position should be taken stock of in that spirit. Sir, we have our difference with the Government; in certain points we differ from them; in certain points they differ from us. Sometimes we are distrustful of one another, probably rightly, probably wrongly; probably rightly in part and wrongly in part. But we are prepared to leave all those things for the time being. Let us forget our differences for the time being and we in West Bengal must rise as one man in order to put up to the Central Government our just cause and our just grievances. We must refuse to be further depleted in revenue. It is a question of life, and a question of existence. The feeble voice which I am expressing should be made mighty by the unanimous support of all sections of the House, and an ambassador from West Bengal ought to go out to the gates of Delhi and point out to the authorities of the Centre that they can bluff some people for all time or all people for some time, but never all people for all time. With these words, Sir, I move the amendment.

### **Dr. Monindra Mohan Chakraborty:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় বন্ধু, শ্রীযুক্ত শশাঙ্কশেখর সানাল মহাশয় এই বিল জনসাধারণের কাছে প্রচার করবার জন্য যে প্রস্তাব এনেছেন আমি তা সমর্থন করছি এবং সিশেষ করে ঘেরকম ঘৃঙ্গপূর্ণভাবে শ্রীযুক্ত সানাল তাঁর প্রস্তাবের সমর্থনে তাঁর বক্তব্য উপস্থিত করেছেন, সেজন্য তাঁর প্রতি কৃতজ্ঞতা জানাই। আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই নিয়ে পৰিচয়বৎগোর বিক্রয়কর আইন অনেকবার সংশোধন করিয়ে নিলেন। আমরা অতীতে বহুবার তাঁর কাছে আবেদন জানিয়েছি যে, বিক্রয়কর আইন সম্পর্কে ভালুক করে বিবেচনা করে সমস্ত দিক দিয়ে এই সম্পর্কে যথাক্রিক তদন্ত করা দরকার সেটা করে সার্বাঙ্গিকভাবে আইন প্রণয়ন করুন এবং এ কথাও বলা হয়েছে যে, আমাদের বিক্রয়কর আইনে কতকগুলি প্রার্ট থাকার জন্য বোম্বেতে যে পরিমাণ বিক্রয়কর আদায় করা হয় এখানে সে পরিমাণ আদায় করা হয় না—যদিও এখানে যে পরিমাণ বাবসা-বাণিজ্য হয় এবং টাকা লেনদেন হয় তার পরিমাণ অনেক বেশি। এখন বর্তমানে আইনটা যেভাবে এসেছে তাতে এখনকার মত তামাক, কাপড়চোপড়ের এবং চিনির টিপর থেকে আমাদের অধিকারের পরিবর্তে ভারত-সরকারের উপর অধিকার দেওয়া হচ্ছে। আবগারি আইন চালু করার জন্য কিছুক্ষণ আগে মাননীয় বন্ধু, শ্রীযুক্ত শশাঙ্কশেখর সানাল মহাশয় দেখিয়েছেন, এই ব্যাপারে আমরা বর্তমানে ক্রিপ্প ক্ষতিগ্রস্ত হচ্ছি। তার কারণ, জনসংখ্যা এবং বর্তমান স্থানস্থানের এই টাকার পরিমাণ নির্ধারিত হবে, যার ফলে এখন আমরা ক্ষতিগ্রস্ত হয়েছি। আমরা যেখানে শতকরা ৭ ভাগের মত পার সেখানে বিহার ১০ ভাগের দ্বারে কিছু বেশি এবং বোম্বে, উত্তরপ্রদেশ আরও বেশি পাবে। কিন্তু আমার বক্তব্য, এই সঙ্গে আরও আছে যে এখনকার সংগ্রে টাকা নির্ধারণ করার সময় বর্তমানে যে টাকা আদায় করা হয় অর্থাৎ যে হারে এইসমস্ত জিনিসের, এইসমস্ত পণ্যদ্রব্যের ব্যবহার হয়, তাতে ভাবিষ্যতে

এইসমস্ত পণ্ডিতের উৎপাদন আমাদের এখানে বাড়তে পারে। উনি যে বর্তমানে কিছু কেন্দ্রীয় সরকারের হাতে সঁপে দিলেন তা নয়, আমাদের ভবিষ্যতে কিছু উপায় থাকত, তার কারণ এই যে সত্ত্ব, এই সত্ত্বে এমনকিছু নেই যে ভবিষ্যতে আমাদের এখানে যেসমস্ত উৎপাদন হয় সেগুলি বেড়ে গেলেও সেই অনুপাতে আমাদের টাকার পরিমাণ বৃদ্ধি পাবে এবং অর্থ কার্মশনের কথা উনি উল্লেখ করেছেন। অত্যন্ত তিনি অভিজ্ঞতা থেকে আমরা দেখিছ যে, অর্থ কার্মশন আমাদের প্রার্থ অতীতে সূর্যবচার করেন নি এবং সম্প্রতি যে প্রস্তাব পশ্চিমবঙ্গ বিধানসভায় গৃহীত হয়েছে, তাতেও উনি নিজে এই মত প্রকাশ করেছেন।

[10-30—10-40 a.m.]

বারেবারে আমরা দেখে আসছি, কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রণ অর্থ কার্মশনের উদাসীনতা পশ্চিমবঙ্গের প্রার্থ প্রকট হয়েছে এবং প্রতিবারেই আমাদের ন্যায় দাবিগুলি গ্রহণ করা হচ্ছে না। এই যে আইন এখন প্রণয়ন করা হচ্ছে তার ২২ং ধারার ৪১ং উপধারায় এবং ১১২ং উপধারায় বলা হচ্ছে, তিনিটি জিনিসের উপর এই আইনের প্রয়োগ হবে এবং এ ছাড়াও আরও অন্যান্য অনেক জিনিস এই আইনে নিয়ে আসা চলবে। আমার মনে হয়, সমগ্র বিত্তয়কর আইন এমনভাবে পরিচালিত হওয়া উচিত যে, যেখানে উৎপাদন হয় সেখানেই কর ধার্য করা উচিত এবং বিশেষ করে বিলাস-দ্বন্দ্বের উপর বেশ হারে কর ধার্য হওয়া উচিত। এই ব্যবস্থাগুলি যদি না করা হয় তা হলে আর্ম মনে কর, এই আইন পাস করতে দেওয়া উচিত নয়। আমরা জানি পশ্চিমবঙ্গের প্রার্থ এই আইনের দ্বারা অবিচার করা হয়েছে এবং এই আইনের দ্বারা ভাবিষ্যতেও জনসাধারণের ক্ষতি হবে। আমরা আশা করব, অর্থমন্ত্রী মহাশয় বিশেষভাবে ভবিষ্যতের কথা চিন্তা করে এই আইন এভাবে উপস্থিত না করে একটা সামর্পিক বিক্রয়কর আইন আনবেন যাতে সাধারণ মানুষ উপকৃত হবে এবং পশ্চিমবঙ্গের যে দাবি সেই দাবিও আদায় হবে।

### 8j. Naren Das:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে আমার সন্দেহ হচ্ছে যে, আমাদের তরফ থেকে আমাদের বক্তব্য খুব পরিষ্কারভাবে বা যোগাতার সহিত বলা হয় নি। কারণ ফাইনান্স কার্মশন এক জ্যাগায় বলেছেন যে, কঙগুলি স্টেটের পক্ষ থেকে তাঁরা কোন ফিগার পান নি। আমাদের সন্দেহ হচ্ছে যে আমাদের রাজস্বসরকার, যারা ফিগার দেন নি, তার মধ্যে একটি সরকার। তবে কারণ, আমরা দেখিছ যে অর্থমন্ত্রী মহাশয় বলেছেন জনসংখ্যা ও অন্যান্য নীতির উপর কর ধার্য করা হয়েছে এবং তার ফলে যেখানে বোর্বাই সরকার—আর্ম এখানে টেক্সটাইল সম্বন্ধে বলছি—৬০০ কোটি টাকা পেয়েছে সেক্ষেত্রে আমরা ২০৪ কোটি টাকা পেয়েছি। এখানকার বিক্রয় বোম্বের বিক্রয়ের চেয়ে খুব কম নয়। প্রসঙ্গত আর্ম আভাস্তরীণ বিক্রয়কর সম্বন্ধে বলব। আমার বন্ধু ডাঃ মণীন্দ্রচন্দ্র চৰুবতী বলেছেন যে, একটা প্র্ণালীগ বিল আনা উচিত ছিল। লাগৈ মাল্টিস্বার আমলের যে আষ্ট্র ছিল, সেই আষ্ট্রই এখন চলছে। তার কিছু সংশোধন করা হয়েছে বটে, কিন্তু তা প্র্ণালীগ করা হয় নি। তারপর ট্যাঙ্কেশনের ম্লনীন্তি বাংলাদেশে প্রতিপালিত হচ্ছে না। ট্যাঙ্কেশনের ম্লনীন্তির প্রথম কথা হচ্ছে, যথাসম্ভব বেশ আদায়ের দিকে দৃঢ় দেওয়া উচিত। আবার এও দেখতে হবে, যে পৃথিবীতে আদায় করা হবে তা নড় হয়ে যাচ্ছে কিনা এবং ঠিক ঠিকভাবে সার্থক হচ্ছে কিনা। সেলস ট্যাঙ্ক আয়টি দি সোর্সেস র্ফার আমরা আরোপ করতে পারতাম তা হলে আমাদের অনেক সাহায্য হত এবং কর আদায়ের খরচও কম হত। যদি এক কোটি টাকা আদায় করতে গিয়ে ৮০ লক্ষ টাকা খরচ করা হয় তা হলে সেই ট্যাঙ্কেশন পরিসরের কোন সার্থকতা নাই। তারপর আমার বক্তব্য হচ্ছে, আমাদের দেশে সেলস ট্যাঙ্ক আদায়ের নীতির মধ্যেও গলদ রয়েছে। এই নীতি পরিবর্তন করা দরকার। সাধারণ মানুষ যে মোটা কাপড় কিনবে তার সেলস ট্যাঙ্ক এবং যে মোটর গাড়ি কিনবে তার সেলস ট্যাঙ্ক এক হবে কেন? বিলাস সামগ্ৰী যে কিনবে তার ক্ষমতা নিশ্চয়ই বেশি, সুতৰাং এখানে ডিফারেনশিয়াল প্রিটেন্শন করতে হবে। যার দেবার ক্ষমতা বেশি তাকে বেশি দিতে হবে। নিয়ে ব্যবহাৰ জিনিস যেখানে কিনতে হয় সেখানে সেলস ট্যাঙ্ক কম হবে। সেজন্য আমার বক্তব্য হচ্ছে যে, এখানে ডিফারেনশিয়াল আচৰণ করতে হবে। তারপর আমরা দেখিছ, একাধিক জ্যাগায়

ট্যাক্স আদায় করতে বাংলা সরকার অস্বীকার্য পড়ছে। বাংলাদেশে হোসিয়ারী ইন্ডাস্ট্রির ইংপাদন বৈশি। কিন্তু এখানে সেলস ট্যাক্স বিজ্ঞানসম্মত না হওয়ার হোসিয়ারির কাপড় বাইরে হলে যাচ্ছে এবং অন্যান্য রাজ্যে গিয়ে গেজী হোক, মোজা হোক তৈরি হয়।

10-40—10-50 a.m.]

তারপর হোসিয়ারির ভাবল ট্যাক্সেশন হচ্ছে। এই ইন্ডাস্ট্রির মোটামুটি দেখতে পাই তৈরি-র জামা—এই তৈরি-করা জামা আজকাল কলকাতা শহরে বা বিভিন্ন মফস্বল অঞ্চলে খুব লছে, সেখানে ভাবল ট্যাক্সেশন হচ্ছে। কিন্তু ফেরিব্রাইর উপর একবার হচ্ছে, আবার তা দিয়ে য জামা তৈরি হবে তার উপর আর একবার হবে। এইভাবে ভাবল ট্যাক্সেশন হচ্ছে। অর্থমন্ত্রীর মাছে নিবেদন করব, এ থেকে তিনি যেন বাংলাদেশকে মুক্তি দেন।

তারপর হচ্ছে, অত্যন্ত দণ্ডথের বিষয় আমাদের দেশ শিক্ষাতে খুব উন্নত নয়। কিন্তু সখানে এই বাংলাদেশে বইএর উপর বিজ্ঞকর নেওয়া হচ্ছে। এটা অত্যন্ত আগ্রহিক। সেই বইএর উপর থেকে বিজ্ঞকর তুলে দেবার জন্য আর্মি অর্থমন্ত্রীর কাছে নিবেদন করব। তার ফারণ বাংলাদেশে শিক্ষিতের সংখ্যা যখন কম, আরও শিক্ষা যেখানে প্রসারিত হওয়া উচিত, সখানে তার বইএর উপর ট্যাক্স চাপিয়ে শিক্ষাকে আরও ভারাঙ্গাত করা উচিত নয়। তাঁরা যদি কাগজের উপর ট্যাক্স করেন তা হলে সুবিধা হয়। কাগজের উপর যে ট্যাক্স তা গোড়াতে তাঁরা শাবেন এবং বই যখন অবিকৃত থাকে তখন যে কাগজে বই ছাপা হল, আবার সেখানে ট্যাক্স দিতে হবে না। আমরা সর্বনির্বন্ধ অনুরোধ, সরকার স্কুলের পাঠ্য বইএর উপর থেকে বিজ্ঞকর তুলে দিন।

এখন প্রশ্ন হচ্ছে, আমরা যে ট্যাক্স আদায় করি, সেই ট্যাক্স আদায় করতে গিয়ে জনসাধারণের সঙ্গে কি ব্যবহার করি। সেই ব্যবহার যদি অত্যন্ত পীড়িদায়ক হয় তা হলে সমস্ত কিছু বাথৰ্ট হয়ে যাবে। আমরা দেখেছি, সেলস ট্যাক্স যারা দিতে অনিচ্ছুক তাদের তরফ থেকে কর ফাঁক দেবার জন্য নানারকম রান্ধি সংষ্টি করা হয়েছে। আমরা জানি, সেলস ট্যাক্স অফিসে এক রকম উর্কিল তৈরি হয়েছে। তাঁরা সেল ট্যাক্সের মোকদ্দমা করেন, সাধারণ বিচারালয়ে যান না। এই সেলস ট্যাক্স বিভাগের বড়কর্তারের সঙ্গে তাঁদের একটা যোগসাজস থাকে, যাঁরা ট্যাক্স আদায় করেন তাঁদের সঙ্গে একটা ঘৰোঁৱা বাবস্থা থাকে, উৎকোচ দিয়ে ট্যাক্স ফাঁক দেওয়া হয়। এইভাবে সমাজজীবন এমনভাবে কল্পিত হচ্ছে যাতে করে যে ট্যাক্স আমরা আদায় করতে চাইছ, তা আমরা পারিছ না। তার জন্য আমার সর্বনির্বন্ধ অনুরোধ—ট্যাক্স অ্যাট দি ফাস্ট পয়েন্ট করুন। তা হলে এ জিনিসের হাত থেকে বাংলাদেশ অব্যাহতি পেতে পারে। মাননীয় মন্ত্রমহাশয়কে অনুরোধ করব, ট্যাক্সেশন সম্বন্ধে ১৯৪১ সালের বিল আর না রেখে ট্যাক্সেশনএর মূল নীতি অনুযায়ী একটি প্রণালী বিল আনুন, তাতে করে আমরা যতটুকু সহযোগিতা প্রয়োজন তা আমরা করব।

### SJ. Satya Priya Roy:

মাননীয় অধিক্ষ মহাশয়, যে বিল আমাদের এখানে উপস্থাপিত করা হয়েছে, তার সম্পর্কে প্রধানত দুটো কথা। একটা হচ্ছে, রাজ্যের সঙ্গে কেন্দ্রীয় রাজস্ববণ্টন বাবস্থা সম্পর্কে সর্ববাদি-সম্মত এবং ন্যায়ের দিক থেকে প্রতিষ্ঠিত একটা নীতি গ্রহণ করতে হবে। পশ্চিমবাংলার অধিবাসী হিসাবে আমরা পরিষ্কার দেখতে পাইছ যে, কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলাকে তার ন্যায্য পাওনা থেকে সর্বক্ষেত্রে বাঁশওত করছে। যেমন আয়কর বা পাটকর। তেমন করে দেখতে পাইছ, একাইজ বা আবগারি করে ক্ষেত্রে উত্তরপ্রদেশের শতকরা হার হচ্ছে সবচেয়ে বেশি। এতে করে সাধারণভাবে আমাদের রাজনৈতিক অভিসম্মতির কথা পশ্চিমবাংলার অধিবাসীদের মনে উঠতে পারে। দিল্লীর লোকসভায় উত্তরপ্রদেশের ৮৬ জন সদস্য রয়েছেন। এই ৮৬ জন সদস্য প্রায় সকলেই কংগ্রেস গভর্নমেন্টের সমর্থক বলে উত্তরপ্রদেশ কংগ্রেসই সারা ভারতবর্ষকে শাসন করবার কাজে ব্রতী হয়েছে, সাধারণভাবে পশ্চিমবাংলার অধিবাসীদের মনে এই ধারণাই বন্ধুমূল হয়ে পড়েছে। এইভাবে যদি চলতে থাকে তা হলে ভারতবর্ষকে এক্যবিধি করবার যে সাধনা ভারতবাসী এতদিন করে এসেছে সেই ঐক্যে ফাটল ধরবে এবং ভারতবর্ষ একদিন হয়তো

ক্রতিগুল্মত ও বিপম হয়ে পড়বে। কাজেই আজকেও সময় আছে। এই সম্পর্কে যেন আমাদের অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী বেশ একটা নীতির উপর দাঁড়িয়ে কেন্দ্ৰীয় সরকারের সঙ্গে আলোচনা কৰেন।

শিখৰীয়াল প্ৰশ্ন হচ্ছে, মিউনিসিপ্যাল ট্যাঙ্ক। এটা সম্পর্কে আমাৰ প্ৰৰ্বতী বস্তা নৱেন দাস মহাশয় বলেছেন। আমি শুধু বই সম্বন্ধে বলোছি। বইএৰ উপৰ নানা দিক থেকে ট্যাঙ্ক দিতে হচ্ছে। প্ৰথম কাগজেৰ উপৰ ট্যাঙ্ক, বাইল্ডিং মৌর্চিৱালাসএৰ উপৰ ট্যাঙ্ক, কভাৱেৰ জন্য যেসমস্ত মৌর্চিৱালাস আনতে হয় তাৰ উপৰও ট্যাঙ্ক হয়। তাৰপৰ বই আকাৰে যেটা এল তাৰ উপৰও ট্যাঙ্ক বসছে। অন্তত স্কুলপাঠ্য সেইসমস্ত পৃষ্ঠতক ছাড়া আৰ যা স্কুলপাঠ্য নয় তাৰ উপৰ ট্যাঙ্ক চালু থাকলৈ বিশেষ আপৰ্ণি নাই। স্কুলপাঠ্য পৃষ্ঠতকেৰ উপৰ যেন ডাবল ট্যাঙ্কেশন না হয়। মাল্টিপল ট্যাঙ্কেশন যেটা হচ্ছে সেটা অৰিলিম্বে বণ্ধ ক'ৰে দেওয়া উচিত। বিশেষ ক'ৰে এ দেশে শিক্ষাকে প্ৰসাৰিত কৰতে হবে এবং যেখানে দৰিদ্ৰ অভিভাৱক পয়সাৰ অভাবে ছেলেমেয়েদেৰ শিক্ষিত ক'ৰে তুলতে পাৰছে না সেখানে বইএৰ উপৰ এক দিক থেকে নয়, বহু দিক থেবে আজ যে ট্যাঙ্ক কৰা হচ্ছে সেটা অৰিলিম্বে বণ্ধ ক'ৰে যদি সেই ট্যাঙ্ককে একমুখী কৰতে পাৰেন, তা হলৈ মুখ্যমন্ত্রী মহাশয় কিছুটা শিক্ষাক উন্নয়নমূলক কাজ কৰবেন বলৈ তাৰ কাছে আবেদন কৰতে চাই। বহুবাৰ এই বিধান পৰিষদে দাঁড়িয়ে পৃষ্ঠতককে বিক্ৰয়কৰ থেকে রেহাই দেবাবে জন্য আবেদন জানিবেছি, আজ পৰ্যন্ত তাৰ কিছু হয় নাই। আজকে এই বিল সম্পর্কে বলতে গিয়ে আবাৰ তাঁকে অনুৱাধ কৰিব, অন্তত সম্পূৰ্ণভাৱে রেহাই না দিতে পাৰেন, কিছুটা রেহাই দেন। কাৰণ আজ বহু দিক থেকে যে মাল্টিপল ট্যাঙ্কেশন কৰা হচ্ছে সৌন্দৰ্য থেকে অন্তত স্কুলপাঠ্য পৃষ্ঠতককে ট্যাঙ্কএৰ আওতা থেকে রেহাই দেওয়া হোক এবং একমুখী ট্যাঙ্কএৰ ব্যবস্থা কৰা হোক।

**Mr. Chairman:** I find that all the members are speaking on the principles of taxation. I think the only commodities involved are sugar, cigarette...

**Sj. Sasanka Sekhar Sanyal:** There are other commodities also.

**Dr. Monindra Mohan Chakravarti:** Under the sections of the Act, you can bring in any commodity.

**Sj. Satya Priya Roy:**

শুধু এই দুটো নয়, আৱও অনেক জিনিস এৰ মধ্যে আসছে।

[10-50—11 a.m.]

**Sj. Nirmal Chandra Bhattacharyya:**

মাননীয় সভাপাল মহাশয়, বিৰোধী পক্ষ থেকে এই বিল সম্বন্ধে নানা দিক আলোচনা কৰা হৈয়েছে এবং ন্তন কথা বলিবাৰ খুব কমই রায়ছে। আমি এই জিনিসটা একটা ন্তুন দ্রষ্টভাগ দিয়ে বিচাৰ কৰতে চেষ্টা কৰিব। আজকে আমাদেৰ সামনে যে বিল উপস্থাপিত হয়েছে, এই বিল সম্বন্ধে ফেডোৱেল ফাইন্যান্স বা যুক্তৱাণ্ট অৰ্থেৰ উৎস বণ্টনেৰ নীতিতা চলে আসছে। ফেডোৱেল ফাইন্যান্সএৰ যে ব্যবস্থা আমাদেৰ সংবিধানে রায়েছে সেই সংবিধান থেকে দেখতে পাওছ যে ক্রমবৰ্ধমান রাজস্বেৰ উৎস, মেগালি এক্সপালিং সোৰ্সেস অৰ রেভেনিউ—সমস্তগুলী কেন্দ্ৰেৰ হাতে রায়েছে। আমাদেৰ হাতে একটিমাত্ৰ ছিল, সেটা হচ্ছে সেলস ট্যাঙ্ক। কিন্তু এই উপৰ একটা হামলা চলেছে এই বিল থেকে তা স্পষ্ট দেখতে পাওছ।

কেন্দ্ৰ কি কি উৎস থেকে অৰ্থ সংগ্ৰহ কৰছে সেটা আমাদেৰ জানা প্ৰয়োজন, কাৰণ তই বহুবৰ্পৰিপ্ৰেক্ষতে আমাদেৰ এই বিলটা বিচাৰ কৰতে হবে। সংবিধানে যেসমস্ত শৰ্ক ব্যবহৃত হায়েছে আমি সেগুলো উল্লেখ কৰিব। কেন্দ্ৰীয় সরকাৰ যেসব উৎস থেকে রাজস্ব সংগ্ৰহ কৰিবলৈ শেগুলো হচ্ছে—

Customs duties; excises levied by the Union Government; Corporation tax; income-tax excluding taxes on agricultural income; Estates and the Succession duties on non-agricultural assets and properties; earnings of the

means; railways and posts and telegraphs; land revenue, State Excise duties, stamps, registration, motor vehicle tax, entertainment tax, electricity duty, agricultural income-tax, sales tax.

এখন যদি আপনারা বিচার করে দেখেন তা হলৈ দেখবেন যে, প্রতিটি উৎস ক্রমবর্ধমান—অর্থাৎ রাজস্ব ক্রমে বেড়ে যাবে। কিন্তু এর সঙ্গে যদি আমাদের রাজ্যের রাজস্বের উৎসগুলি তুলনা করা যায় তা হলৈ দেখতে পাওয়া যায় যে সেগুলি ক্রমবর্ধমান নয়। অর্থাৎ সেলস ট্যাক্স বাদে অন্য সমস্তগুলিই হচ্ছে ইনইলাইটক সোসেস অব রেভেনিউ। এজনা আমাদের সেলস ট্যাক্সের উপর যথেষ্ট পরিমাণ নির্ভর করতে হচ্ছে। অন্য দিকে যদি আমরা তাকাই তা হলৈ দেশের লোককে অর্থাৎ পশ্চিমবাংলার লোককে যদি আমরা যথেষ্ট পরিমাণে মদ খাওয়াতে পারি তা হলৈ হয়তো আমাদের কিছু আয় বাড়তে পারে। আমরা জানি যে আমাদের ভূমিরাজস্ব থেকে ক্ষুব্ধ বেশি আয় হবার সম্ভাবনা নেই। আয় বাড়াবার আর একটা সম্ভাবনা আছে যদি ক্ষুব্ধ বেশি মালা-মোকদ্দমা লোকদের দিয়ে করতে পারেন, অর্থাৎ তা হলৈ স্ট্যাম্প প্রভৃতির দরুন যথেষ্ট আয় হতে পারে। মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী এদিকে হয়তো লক্ষ্য করেছেন। সেজন্য বিক্রয়করের এই যে একটা ক্রমবর্ধমান উৎস ছিল সেটা বিধানসভায় এবং বিধানপরিষদে প্রবাহে না জানিয়ে উনি এ বিষয়ে রাজী হয়ে গেছেন। এ বিষয়ে কিছু দিন পূর্বে আমাদের মুখ্যমন্ত্রী বাজেটের উপর যে ভাষণ দিয়েছেন তা থেকে পড়ে শেনাব। অর্থাৎ তাতে যে একটা ন্যূন তথ্য আছে সেই ন্যূন তথ্যটা আপনাদের কাছে উপস্থিত করতে চাই। ইংরাজীতে লিখত তাঁর ভাষণের ২১ পাতায় তিনি বলেছেনঃ

In the beginning there was an idea that it was likely that the migrants who came would go back to Pakistan as soon as communal troubles were over.

তার মানে মুসলিম লীগ, যে মুসলিম লীগ গুণ্ডামী করে, হিংসা করে, গ্যাংস্টারিজম করে ভায়োলেন্স করে, সেই মুসলিম লীগকে বিশ্বাস কর, ভাল হবে। এই হচ্ছে পর্লিস স্টেটমেন্ট।

(এ ভয়েসঃ মুসলিম লীগের লোকেরা সব কংগ্রেসম্যান হয়ে গেছে।)

এটা আমাদের কথা নয়, আপনাদের কথা। আজ আপনারা প্রথম নীতি নির্ধারণ করেছেন দার্জিলিং কনফারেন্সে। তার আগে আপনাদের কোন পুনর্বাসনের নীতি ছিল না। সব নীতি হচ্ছে বাংলাদেশের বাইরে তোমাদের যেতে হবে। তাই আজকে প্রশ্ন উঠেছে, কেন যে হবে? বাংলাদেশের বাইরে পাঠাবার কেন এই অপচেষ্টা হয়েছে? বাংলাদেশের বাইরে যে হবে এইজন্য যে, এখানে আর চাবের জরুর নাই। আরও নানা কথা। আমি জিজ্ঞাসা করে উদ্বাস্তুরা এখানে এসেছে, তারা কি সবাই চাষী? এর মধ্যে তারা কি সবাই চাষী? এর মধ্যে কংবর্ণিক, শৰ্খবর্ণিক আছে, কমার কুমোর আছে, আরও বহু শি঳পী এসেছে। তাদের কেন পুনর্বাসন হয় না? যারা চাষী তারা কি চিরাদনই চাষ করবে? বিহার ইউ পির চাষীর হচ্ছে কি আমাদের শিল্পাণ্ডলে কাজ করে না? তারা তা করতে পারবে। কিন্তু পূর্ববাংলা থেকে যারা এসেছে তারা যদি কখনও কৃষক থেকে থাকে, তারা কেন সেখানে কাজ করতে পারবে না? বাংলাদেশের সার্ভিসের অবস্থা যা তাতে দেখা যায় এই সার্ভিসের ৩৭ পার্সেন্ট বাঙালী, যে ৬৩ পার্সেন্ট অবাঙালী। উদ্বাস্তু পুনর্বাসনের জন্য কি আপনারা সেই চেষ্টা করেছেন? এ ওখানে ৭৩ পার্সেন্ট বাঙালী হোক? সে চেষ্টা আপনারা করেন নাই। যতক্ষণ না সেই প্রচেষ্ট হবে, যতক্ষণ না বাংলাদেশে উদ্বাস্তুদের পুনর্বাসনের চেষ্টা হবে, ততক্ষণ যদি দণ্ডকারণের কথ বলেন তা হলে আমরা কেউ সে কথা শুনব না; কেউ শুনতে পারে না। বাইরে যাওয়া সম্ভব যে একটা নীতি নির্ধারণ করেছেন, তাতে এই কথা বলা হয়েছে—

It is essential that conditions conducive of their psychological readjustment under the new foreign surroundings should be created so as to make an effort in their rehabilitation outside West Bengal far away from their motherland successful.....

তাদের মনস্তাৎক রিহায়াবিলিটেশনএর চেষ্টা করা হবে সমস্ত দিক দিয়ে, সেখানকার ভোগোলিক সীমা দেখে নেওয়া হবে। ইঠাং ঠিক করলেন দণ্ডকারণ। দণ্ডকারণ যদি মানুষের বসবাসোপযোগী হয় তা হলৈ আমি জিজ্ঞাসা করি, তাঁরা কি জানেন জনবসতি কিভাবে হয়? নাইল, টাইগ্রীস, ইউফ্রেটিসএ মানুষ কেন বাস করেছিল? কেন তাঁরা সাহারা ডেজাট-এ ঘায় নিন?

10-20—10-30 a.m.]

ভারতবর্ষে সেই রামায়ণের সময় থেকে দণ্ডকারণ কেন ঐভাবে পড়ে আছে? আমাদের বক্তব্য হচ্ছে যে দণ্ডকারণ মানুষ থাকার যোগা নয়। কালকে আমরা খবরের কাগজে দেখেছি যে, রাজস্থানের ডেজাট-এ সেচ ব্যবস্থা ইত্যাদি করে সেখানকার মরুভূমি অঞ্চলকে শস্যশ্যামলা প্রান্তরে রূপা঳তারিত করা হচ্ছে। এখন তাই যদি হয় তা হলৈ আমাদের তা করা যাবে না কেন? এবং কেনই বা আমরা দণ্ডকারণে ১১০ কোটি টাকা খরচ করতে যাব? আপনাদের ষে লেবার ইনটের্নিসভ স্কুল দিয়েছি তাতে ৪০ কোটি টাকা খরচ করলেই দেখবেন যে এখানেই তাদের পুনর্বাসন হবে।

আপনাদের বিরুদ্ধে আমার তৃতীয় চার্জ হচ্ছে আর্ডমিনিস্ট্রেটিভ করাপশন। এই আর্ডমিনিস্ট্রেটিভ করাপশন গোড়াতেই আছে। আজকে সরকারের যারা কর্মচারী তাদের ভেতর কোন উন্নিপন্না নেই। এই কংগ্রেস সরকার তাদের ভেতর হতাশা এনেছেন। সরকারী কর্মচারীদের হাত করবার ঘৃণা ও জয়ন্তা প্রচেষ্টা এই সরকারের মধ্যে আমরা দৰ্শি। আপনারা বলছেন যে, পার্বলিক সার্ভিস কার্যশালকে আপনারা উন্নত করতে চান। কিন্তু এই পার্বলিক সার্ভিস কার্যশালএর তিনজন মানুষের মধ্যে দু'জন অবসরপ্রাপ্ত সুপারআনুয়োড়ে। এইসমস্ত সুপার-আনুয়োড়ে লোকদের চার্কারি ঠিক করে দেন। এ'দের উপর প্রত্যুষ করেন। অনেক ক্ষেত্রে দৈর্ঘ্য যে ডাঃ রায়ই অনেকের চার্কারি ঠিক করে দেন। এ'দের মত না থাকলেও। আমি একটা ডিপার্টমেন্টের কথা বলব যেটার সঙ্গে ডাঃ রায়ের পরোক্ষ সম্পর্ক আছে। সেটা হচ্ছে হেল্প মিনিস্ট্রির বিভাগ এবং সেখানে হেল্প মিনিস্ট্রির কোন বক্তব্য নেই। এই হেল্প মিনিস্ট্রির ডিরেক্টর আনন্দ সেক্রেটারি একই মানুষ এবং একজন অবসরপ্রাপ্ত মানুষ। সেখানে তাঁর অধীনে রয়েছেন দু'জন ডেপুটি সেক্রেটারি দু'জনই পেনশন পাওয়া লোক। অতএব দেখুন যে চিকিৎসা বিভাগের সমস্ত সেক্রেটারিয়েটাই হচ্ছে অবসরপ্রাপ্ত অফিসার। এই বিভাগে সেক্রেটারি ডি এন চক্রবর্তী একটা মানুষকে খুব শ্লেহের চোখে দেখেন। কারণ তাঁর বাড়তে চাঁকে উপচৌকন, বিশিষ্ট, শার্ডি ইত্যাদি নিয়ে যেতে হয় এবং সম্পত্তি দু'তিনবার কুকুলগরে যেতে হয়। কুকুলগরের এই সিভিল সার্জেনের বিরুদ্ধে কুকুলগর কংগ্রেস কর্মিটির লোকের দ্বাৰা অভিযোগ করেছেন। ডাঃ অম্বুলান্থন মুখার্জি তাঁর সম্পর্কে মন্তব্য করেছিলেন যে, এমন মানুষকে যেন কখনও সিভিল সার্জেনের পর্জনশন না দেওয়া হয় এবং তাঁর যেন আর একটেনশন দ্বাৰা সার্ভিস না হয়। কিন্তু ভাগ্যবান মানুষ এই চিন্ত দন্ত, কারণ অম্বুলাবাবু পোর্জিত হয়েছেন আর চিন্ত দন্তকে তিনি ডেপুটি স্ট্র্যাপিলেন্ডেলেট, মেডিকেল কলেজ করেছেন। এর ফলে দ্বৈনবাবুকে আর কুকুলগরে যেতে হয় না, এখন কোলকাতাতেই তাঁর কাজ হচ্ছে।

তারপর আমাদের ইকনোমিক ব্যাঙ্করাপ্টসির কথা কিছু বলব। এ'রা বছরের পর বছর ধরে ড্রেফিস্ট বাজেট নিয়ে আসছেন, আর আমরা তার বোৱা বহন করিছি। আমাদের ১৬০ কোটি টাকা পার্বলিক ডেটস। এ ছাড়াও এর সঙ্গে এস্টেট অ্যাকাউন্টশন অ্যাষ্টেট অ্যাকাউন্ট অ্যাষ্টেট অ্যাকাউন্ট আছে এবং স্লাম ক্লিয়ারেন্সএর জন্য ৩০০ কোটি টাকার খণ্ডও আমাদের কাঁধে এসে পড়েছে। আমাদের অর্থমন্ত্রী মহাশয় বা প্রধানমন্ত্রী মহাশয় ১৯৬২ সালে আর আসবেন না বা এই সরকারও আর আসবেন না, কিন্তু সমস্ত খণ্ডের বোৱা যাবা উত্তোধিকার সরকার হবেন তাদের কাঁধে এসে পড়বে। এ'রা বলছেন যে, এ'রা ডেভেলপমেন্ট প্ল্যান ইত্যাদি করে মানুষয়ে ক্ষয়-ক্ষতি বাড়াবার চেষ্টা করছেন। কিন্তু তাদের এই ডেভেলপমেন্ট প্ল্যান মানুষের ক্ষয়ক্ষতায় বাড়িয়ে না দিয়ে যাতে ক্ষতক ও মজুরের হাতে বাড়িত পয়সা না আসে তারই ব্যবস্থা করেছেন। কিন্তু স্মল সেভিংস যদি না হয় তা হলৈ ইন্ডিজিনিয়াস ক্যাপিটাল ফরমেশন প্রভৃতি যেসব বড় বড় কথা আপনারা বলেন সেসব কোথা থেকে হবে? স্যার,

political dishonesty, economic bankruptcy, administrative corruption immoral

ইত্যাদি চাজ্জ'এ আমি সরকারকে দোষী করছি। আমি বসার আগে একটা কথা বলছি যে, You are in office but not in power. You have forfeited the confidence of the electorate

আপনাদের এখন পদত্যাগ করা উচিত। কারণ আজকে ব্যারোমিটারের দিকে তাঁকিয়ে দেখন যে সেখানে উচ্ছে—

Barometer indicates coming of a storm. I can declare with uncertain mind that in anguish and huff you can destroy the barometer, but the storm cannot be averted.

**Sj. Nirmal Chandra Bhattacharyya:** Mr. Chairman, Sir, it would be better if honourable members on the other side should speak now, so that we may also give a reply.

**Mr. Chairman:** But they must hear your charges first.

**Sj. Nirmal Chandra Bhattacharyya:** Some of the Ministers, particularly the Hon'ble Shri Kalipada Mookherjee and Prafulla Chandra Sen, may speak. They are the prisoners in the dock.

**Mr. Chairman:** This is not an ordinary debate. They want to hear the whole of your speech and then reply.

**Sj. Copal Halder:**

সভাপাল মহাশয়, আজকের উর্থাপত এই অনাস্থা প্রস্তাব আমরা সমর্থন করি। এই অনাস্থা প্রস্তাব আমরা সমর্থন করার প্রবেশ বাংলাদেশের শিক্ষিত শ্রেণী এবং শিক্ষিত শ্রেণী যাঁরা আমাদের নির্বাচিত করেছেন তাঁরা প্রবেশ আমাদের নির্বাচন করে এটা সমর্থন করেছেন। অর্থাৎ বাংলাদেশের শিক্ষিত জনমত এই কংগ্রেসের প্রতি অনাস্থা তখনই ঘোষণ করেছেন এবং আমরা শুধু তাদের মুখ্যপাত্র হিসাবে এখানে সেই কথা জানাচ্ছি। আমি জানি আজ কাঁদিন যাবৎ এই সঙ্গত হে এবং এর বাহিনে এই মাল্টিমেডিয়া সম্পর্কে যেসব কথা উচ্চারিত হচ্ছে এবং তাঁদের বিবরণে যেসব অভিযোগ উর্থাপত হচ্ছে, সেইসব অভিযোগের উত্তর তাঁরা দিতে সমর্থ নন, আজও দিচ্ছেন না। আজ কাঁদিন যাবৎ যেসব অভিযোগ উর্থাপত হচ্ছে, যাঁকে এ'রা বলেন ফ্যাক্টস, সেই ফ্যাক্টসএর হিসাবে তার সংখ্যা ৫০টির উপর। এবং তার সঙ্গে সঙ্গে ও'রা যাকে বলেন ফিগারস, তারও অভাব নেই। এই ফ্যাক্টস আন্ড ফিগারসএর অভিযোগ ৫০টির উপর হলেও তার সম্পর্কে লোগার হাউসএ উত্তরদানের চেষ্টা বিশেষ দেখা যায় নি। তবে সভার বাহিনে সংবাদিকদের কাছে আমাদের মুখ্যমন্ত্রী মাত্র চার-পাঁচটির কথা উল্লেখ করেছেন এবং দে সংয়োগে মুল অভিযোগ একটি খণ্ডন করবার চেষ্টা তিনি করেন নি। যাই হোক, এই চেষ্টা অন্য মন্ত্রীরা আর করবেন মনে হয় না, তবে আজকে এই সভায় সেই সুযোগ আছে। অতএব সেই ফ্যাক্টস আন্ড ফিগারসএর অভিযোগের উত্তরদানের সুযোগ যদি তাঁরা গ্রহণ করেন তা হলৈ ব্যবহৰ যে তাঁরা কিছুটা দারিদ্র্য পালন করার জন্য এই সভায় উপস্থিত আছেন—দশের সামনে যদিও উপস্থিত হন না। এই এতগুলি গুরুতর অভিযোগের পরে আমরা ব্যর্থি, সেই বিড়লার আয়কর ফাঁক দেবার ব্যাপার, স্রীজন্মল নাগরমলের চোরাই সোনা ধরা থেকে আরম্ভ করে টেলিফোনের ব্যাপার, ভালোতায়ার ন্তৃত্ব ব্যাপার, পারমিট, সাইমেন্সের প্যাপার থেকে আরম্ভ করে ট্যাঙ্ক ও অন্যান্য জিনিসের পারমিট প্রত্বর্তি স্বার্থে অভিযোগের সংখ্যা দিন দিন অগার্গত হয়ে উঠেছে। আজকেও তার কতকগুলি আবার শুনতে পেলাম। এইসব অভিযোগের পরে আমরা ন্তৃত্ব অভিযোগ উর্থাপন করতেও সম্মত বোধ করছি। এ'রা কোথায় রেড ক্লিকে নিজেদের স্বার্থে প্রয়োগ করছেন, কোথায় শিক্ষা ও সংস্কৃতিমূলক প্রতিষ্ঠানগুলিকে ক্ষমিত করে দলগত স্বার্থে ও নিজেদের বাস্তিগত স্বার্থে প্রয়োগ করছেন, ইত্যাদি সমস্ত কথা বললে,—যেসব অভিযোগ উর্থাপত হয়েছে তারপরে—তা বড় নির্বায় শেনাবে। স্বত্বাবতই এই মাল্টিমেডিয়া আপনাদের নিকট অভিযোগ করতে পারেন এই বলে যে, “বিবেধী পক্ষ জুতা তো মারিয়াছেই, অধিকম্তু আমাদিগকে অপমান করিতেও চাহে”। তাঁদের অপমান করা বাংলাদেশের

অসাধ্য, আর সে সাধও বাণগালীর নাই। আর 'জ্ঞতার' কথা? বাণগালীর তা নেই, সে ক্ষমতা পঢ়েয়ারী ও ইংরাজের হাতেই অনেককাল গিয়েছে। তারা যাই মারুক আপনারা অতি সহজে সেসব হজম করতে পারবেন।

[10-30—10-40 a.m.]

বাংলাদেশের বাতাসে ধীকার যতই ধর্বনত হয়ে উঠুক, এই দেশের কৃষি, কৃষক, শ্রমিক এবং মধ্যাবস্থের যত দুর্দশা ও হতাশা আসুক, আপনারা গদী আৰকড়ে আৱে কয়েক বছৰ বাংলাদেশকে ধূংস করতে পারবেন ঐ 'জ্ঞতা' মাথায় রেখে। কিন্তু সতাই বাংলাদেশ আপনাদের কাছে কি চেয়েছিল?

**Sj. Jogindra Lal Saha:** Sir, he says

জ্ঞতা মাথায় ক'রে।

is that Parliamentary?

**Mr. Chairman:** Mr. Halder, I would request you to restrain yourself.

**Sj. Jogindra Lal Saha:**

ভদ্ৰসমাজে কথা বলাৰ একটা রাঁতি আছে। ভদ্ৰভাবে যে বলতে হয় সে শিক্ষা থাকা দৰকার।

**Sj. Satya Priya Roy:** We object to it. That is insulting. He must withdraw it.

**Mr. Chairman:** What did he say?

**Sj. Satya Priya Roy:**

উনি বলছেন ভদ্ৰভাবে কথা বলতে শিখতে হবে।

**Mr. Chairman:** That is not unparliamentary.

**Sj. Copal Halder:**

আমি যৰী চৰণতলে ব'সে শিক্ষালাভ কৰেছি তিনি অধ্যাপক সুন্নাতকুমার চট্টোপাধ্যায়। আপনাদের ভদ্ৰতাৰ বিচারে তিনি ভদ্ৰ কিনা জানি না, কিন্তু তাৰ কাছেই আমাৰ ভদ্ৰতাৰ শিক্ষা। এ সভায় তিনি ভদ্ৰ বলে উল্লিখিত হন কিনা জানি না, কিন্তু তাৰই পায়েৰ তলায় সে আপনা শিক্ষালাভ কৰেছিল। কিন্তু জানতে চাই, বাংলাদেশেৰ লোক আপনাদেৱ কাছে কি চেয়েছিল? তারা চেয়েছিল একটু বাঁচৰার অধিকাৰ, একটু আলো, একটু বাতাস, একটু আকাশ। বাংলাদেশেৰ কৃষক আপনাদেৱ কাছে কি চেয়েছিল? একটু বাঁচৰার জন্য সামান্য অধিকাৰ ছাড়া কিছু নয়। বাংলাদেশেৰ সাধাৰণ মৃল্টে, মজুৰ আপন'দেৱ কাছে কি চেয়েছিল? একটুমাত্ৰ জৰীবিকাৰ্জনেৰ মতন সুযোগ। আৱ বাংলাদেশ মধ্যাবিত্ত সমাজই বা আপনাদেৱ কাছে কি চেয়েছিল? শৰ্থমাত্ৰ জৰীবিকাৰ্জনেৰ মত সামান্য সুযোগ এবং কিছু শিক্ষা। এই শিক্ষাৰ জন্য একশো বছৰ ধৰে তাৰা প্ৰাণ দিয়েছেন। নিজেৱাই স্কুল তৈৰি কৰেছেন এই আশায় যে যখন স্বাধীনতা লাভ হবে তখন আপনারা তাদেৱ শিক্ষাৰ আলোকে কৃতাৰ্থ কৰবেন। বাংলাদেশেৰ কৃষকদেৱ দিনেৰ পৰ দিন এই আকাশে ছিল যে, তারা একটু আলো পাবে, একটু শিক্ষা পাবে, সাধাৰণভাৱে চোখ ধূলে প্ৰথিবীতে দেখতে পাৰে, না হ'লে সে চোখ তাদেৱ থাকতেও আজ তারা অন্ধ। আজ থেকে তিশ বছৰ আগে সাইমন কায়শনেৰ সদস্য লড় লোখিয়ান যখন ফৰিদপুৰে নিজে অনুসন্ধান কৰতে গিয়ে পল্লীৰ কৃষকদেৱ জিজ্ঞাসা কৰেছিলেন যে তাদেৱ কি চাই, তখন কৃষকেৱা বলেছিল চাই শিক্ষা। তাদেৱ এই উত্তৰেৰ কাৱণ জিজ্ঞাসা কৰতে তারা অনেক কঠে দৰ্শিত কথা বৰ্বীয়ে বলেছিল—চোখ থাকতেও না হ'লে আমোৰ অন্ধ। সেই চোখ থাকতেও অন্ধ যেন না থাকতে হয়, এই কামনা নিয়ে বাংলাদেশেৰ কৃষক এই কংগ্ৰেসেৰ কাছে মন্তব্যেৰ ভাৱ দিয়েছিল। আজ দশ বছৰ ধৰে তারা আপেক্ষা কৰছে, কিন্তু হতাশা ছাড়া তাৰ আৱ কিছু পায় নি। আৱ জমিদাৰও কি তারা মালিক হয়েছে? জমিদাৰি উচ্ছেদ ক'রে থাঁৰ হাতে জমি বণ্টনেৰ ভাৱ দেওয়া হয়েছে সেই মন্তব্যমহাশয় কি কৰেছেন? এ বিষয়ে তেভাগা আলোচনেও কৃষকৰা জমিদাৰ মন্তব্যেৰ কাছ থেকে এককাল কেবল প্ৰতিশ্ৰুতি এবং প্ৰবণনাই পেমেছেন। আমাদেৱ বৰ্তমান রাজস্বসচিবও জমিদাৰ

হলো আজ কৃষকদের প্রতিশ্রূতি দেবেন, না প্রবণনাও করবেন—সেটা আমরা অচিরকালের মধ্যেই দেখতে পাব। কিন্তু ইতিমধ্যে দেখিছি বাংলাদেশের কৃষক জীবি না পেলেও জমিদারদের পোষণের ব্যবস্থা সরকার ঢালাওভাবেই করেছেন। রাজস্বসচিব নিজেও জানেন যে, জগন্মল-কাঁকনড়ার বিশিষ্ট এক জমিদারের দু'টি হাট তিন লক্ষ টাকায় বিক্রি হচ্ছিল না; সেই হাট দু'টি তাঁর কেন তবে ছ' লক্ষ টাকা দিয়ে ল্যান্ড রিকুইজিশন থেকে কৃষি করেছেন? একমাত্র জমিদার পোষণের উদ্দেশ্যেই তা হয়েছে। কিন্তু এটা কোন নৰ্তি ও ব্যবস্থার করা হল? আপনাদের এস্টেট আকুইজিশনের কেন নিয়মেই হাট কেনা চলে না। আইনের কোন ধারাতেই এটা সংজ্ঞিত হবে না। আইনসভায় কোন অধিবেশনে আপনারা এ ব্যাপারের ও এইসব পদ্ধতির কোন উল্লেখও করেন না। কিন্তু জমিদারবর্গের জন্য আপনাদের এই দু'টি হাট কেনা কেন প্রয়োজন হল? এরূপ, কোলকাতায় পড়তে জমিদারদের যেসব পোড়ো পোড়ো বাড়ি ছিল সেগুলোকে শিক্ষণ নামে কেনা হচ্ছে। অর্থাৎ ৩২ লক্ষ টাকায় কয়েকটি তে স্ট্রাইটেস হোম হবে বলে কেন্দ্রীয় সরকার টাকা দিয়েছিল। সে টাকা ইউনিভার্সিটির হাতে না দিয়ে পশ্চিমবঙ্গ সরকার এইসমস্ত পড়া ও জমিদারদের পোড়ো বাড়িগুলো কিনে তাঁদের পোষণ করেছেন। আমি জানি না সেখানে সেই তে স্ট্রাইটেস হোমএর ঘরে কাজ হ'তে পারে কিনা, কিন্তু সিনেটের শেষ সভায় যখন আমি উপস্থিতি শিল্প তখন শুনোছি যে সেইসব বাড়ির বাহিরে শোবু চরে বেড়ায় এবং ভেতরে দলগত প্রয়োজন বা আঞ্চলিক পোষণের জন্য কর্মচারী নিয়ন্ত্রণ হয়ে বসবাস করেছে। এইরকমভাবে শিক্ষার নামে আপনারা কতকগুলি রাজপ্রাসাদ দখল ক'রে অধিক টাকা দিয়ে অর্থের ব্যাপ দেখাচ্ছেন। সামাজিক আর একটি অপচয়ের ব্যাপার বলিঃ মেদিনীপুরের গোপের প্রাসাদ—মালিকদের নামে আর্দ্ধে উল্লেখ করতে চাই না, সম্মান্বিত পরিবার তাঁর—কিন্তু মেদিনীপুরে মেয়েদের কলেজ স্থাপন করার জন্য গোপের সেই বাড়িটা কেন কৃষি করা হল? সে বাড়ি শহর থেকে প্রায় দু' মাইল বাহিরে। যেখানে জল, জঙ্গলমাত্র আছে সেখানে মেয়েরা কি ক'রে পড়তে যাবে? সে বাড়ি পুরুষ অধ্যাপিকারা থাকবেন, না কোন ছাত্রী গাড়ি না পেলে শহর থেকে পড়তে যেতে পারবেন মেদিনীপুরে শহরের মধ্যেও জয়গা যথেষ্ট খালি পড়ে আছে, অধিকন্তু এতে লাভ হবে এই যে মেদিনীপুর কলেজে এখন মেয়েদের পড়ার যে সুযোগ আছে গোপে মেয়েদের কলেজ হওয়ার তা থেকেও মেয়েরা বাঁশি ও হবে। এইভাবে শুধুমাত্র জমিদারির পোষণের জন্য শিক্ষার নামে আপনারা টাকা নষ্ট করেন। তাই বলছি, জীবি কৃষক পাবে কিনা জানি না, কিন্তু জমিদারের পোষণ যে সর্বভাবে চলবে তা আমরা বেশ বুঝতে পারি। ইতিমধ্যে জমিদারি ক্ষতিপূরণের জন্য টাকার অর্থ ২০ কোটি থেকে ৭২ কোটি টাকা পর্যন্ত উঠে গেছে। এই ক্ষতিপূরণটি কার দিতে হবে? না, যারা চিরদিন ক্ষর্ত সহ্য করল সেই কৃষকদেরই প্রধানতঃ কারণ, বাংলাদেশের উৎপাদনকারী শ্রেণীর মধ্যে কৃষকরাই প্রধান। টাটা, বিড়লা উৎপাদনকারী নন, কৃষক থেকে উৎপাদন করে। সেজন্য সেই ৭২ কোটির বোঝাও আসলে আবার ঐ কৃষকের কাঁধে এসে পড়বে। আপনাদের বিচারের এই হল নিয়ম। এই ইতিহাসের মূল উৎপাটন করা এভাবে সম্ভব হবে না। আপনারা প্রায়ই বলেন যে শিক্ষার খাতে ব্যয় বেড়েছে। কিন্তু শিক্ষার খাতে এরূপ ব্যয় করাকে আমি বলছি শিক্ষার নামে লুণ্ঠন, অপব্যয়। আপনাদের অঙ্কের উপর বিশেষ আর্থ রাখি না, কিন্তু আপনাদের অঙ্ক থেকেই পাওয়া যায় যে যেখানে শিক্ষার ইন্ডিগেন্ট এক্সপেন্সিল্ডার পরিদর্শন এবং অন্যান্য কাজের মধ্যে দিয়ে বাংলাদেশে শিক্ষার খাতে ব্যয় হ'ত শতকরা ১৬ টাকা সেখানে শিক্ষার সেই ইন্ডিগেন্ট এক্সপেন্সিল্ডার খাতে ১৯৫৬-৫৭ সালে গভর্নরেন্টে অর্থ ইন্ডিগেন্ট হিসাবে বলে, ব্যয় হয় শতকরা ২৫ টাকা। এরূপ ব্যয় শিক্ষার নাম করে অপব্যয় ছাড়া কিছু নয়। অর্থাৎ বিলাসিতা, ইটকাটের খরচ কিংবা কন্ট্যাক্টের তোষণে যে ব্যয় হয়, সেটাই হচ্ছে আপনাদের মতে শিক্ষার জন্য ব্যয়। আপনারা বলেন যে শিক্ষা বেড়েছে, অর্থ এ হিসাবে দেখতে পাই যে, যেখানে মধ্যশক্তির খাতে সংখ্যা ছিল আগে ৫ লক্ষ ৩০ হাজার, আজ সেখানে ৫ লক্ষ ৫৬ হাজার হয়েছে; অর্থাৎ ১৯৪৭-৪৮ সালে যা ছিল তার তুলনায় ৮-১০ বৎসরে মাত্র এইটুকু উন্নতি হয়েছে। তা হলৈ আপনারা কার শিক্ষার দাবি প্ররোচনা করলেন? দেশের জনসাধারণের নয়, দেশের সাধারণ মানুষের নয়, শিক্ষিতদেরও নয়। কলেজিয়েট এডুকেশনের কথা আজ বলাবার মত হয়তো সময় হবে না। তার ইতিহাস আমরা জানি। দেখিছি দেশের লোক যে কলেজগুলো প্রাণের রক্ত দিয়ে সঞ্চিত করেছিল—সরকার স্থাপন করেন নি। ব্যক্তিশ গভর্নরেন্টও করেন নি—সেগুলোকে দলগত উদ্দেশ্য সিদ্ধ করবার জন্য, কর্বলিত করবার

উদ্দেশ্যে আজ নৃতন নৃতন ব্যবস্থা প্রণয়ন করছেন। এই সৌধিন স্পনসর্ড কলেজ করবার হেতুতে কলকাতার ভিস্টোরিয়া ইনসিটিউশনের অধ্যাপকদের পরীক্ষা দিতে আহবান করেছিলেন। কিন্তু যেমন টিচাররা এরূপ পরীক্ষায় উপস্থিত হন না, সেইরকম অধ্যাপকদের মধ্যে অনেকেই উপস্থিত হচ্ছে চান নি। শ্রিশ বছর অধ্যাপনা করার পর শ্রীসমৱেন্দ্রপ্রসাদ মিশ্র পরীক্ষা দিতে আপনাদের করও কাছে এসে উপস্থিত হবেন—তিনি এম এ, পি আর এস (ইকনিমিস্ট) —এমন আশা করা ব্ধূ। বিশ-পঁচিশ বছর অধ্যাপনা করার পর ডাঃ পরিমল ঘোষ, লক্ষনের পি এইচ-ডি, আপনাদের 'যোগা' পরীক্ষকদের কাছে কি পরীক্ষার তন্ত্র হাজির হবেন? তা যে হন নি তাতে পরিমলবাবুর সুব্রহ্মিধ শুধু নয়, বাংলাদেশের শিক্ষিত লোকের সম্মানও রাঙ্কিত হয়েছে। আমার বহু বহু অভিযোগ ছিল, কিন্তু আমি জানি সেসব এখন উপাপন অসম্ভব ও নিষ্পত্তিযোজন। মন্ত্রণালয়ের বিবৃত্যে সবচেয়ে বড় অভিযোগ এই যে, বাংলাদেশের শিক্ষিত সমাজকে, বালকদের ও ধূঢ়কদের সমস্ত রকমে আপনারা দ্রুতিত করবার চেষ্টা করেছেন নিজেদের চুরি, জোচ্চির, বাটপারি ইত্যাদির দ্রুতাত্ত্বের দ্বারা। আমি যখন বেলগাড়িতে ছাত্রদের জিজ্ঞাসা করি যে, "কেন তুম্হি ভাড়া না দিয়ে বিনি পয়সায় যাচ্ছ, সে তখন আমাকে হেসে বলে, 'মন্ত্রী হলৈ বুঝি ভাতা মালল দোষ হয় না?'" আমি যখন কলেজের অধ্যাপকদের বালি যে, "আপনারা তিন বেলা পড়বার চেষ্টা ছেড়ে দিয়ে এক বেলা পড়ান, নইলে আপনারা নিজেদের প্রতি, পরিবারের প্রতি আবেচার করবেন এবং বাংলাদেশের শিক্ষার মানও উন্নয়ন করতে পারবেন না।" তখন তাঁরা আমাকে হেসে বলেন যে, দুঃ-একটা টাওক্কির পার্যামট যোগাড় করে দিন, তা হলৈ তিন বেলা কুন ও টিউশনি করতে হবে না।" আমার বৈধ আজ সকালবেলা ফোন করে বলছিলেন যে, শিশু বছরের কংগ্রেসের কর্মী তিনি এবং নানা রকম বিশ্লেষী কাজের মধ্যে দিয়ে করবার জেলেও গেছেন। সখেদে তিনি বললেন, "বলে লাভ নেই, আসলে আমরা হয়তো স্বাধীনতার অধোগ্য।" আপনাদের কাজের দ্বারা, দুর্মীতির দ্বারা, অন্যায়-অবিচার দ্বারা, অকর্ম্যতার দ্বারা সমস্ত দেশের মনোবল আপনারা এইভাবে ভঙ্গ করছেন। শিক্ষিত সমাজকে, ধূঢ়কদের, বালকদের প্রতি আপনারা বিশ্বাসঘাতকতা করছেন। ভবিষ্যৎ বৎসরদের আপনারা নিজেদের অসাধুতার দ্বারা এমনভাবে নেইরাশাপৌর্ণভিত্তি করছেন যে, আজ তাঁরা স্বচ্ছদে বলে এর চেয়ে ইঁরেজই ভাল ছিল। জাতির পক্ষে এইটাই সর্বাঙ্গেক্ষণ ভয়ের কথা। এত বড় অপমান যারা জার্তিকে করতে পারে, এত বড় অনায়া যারা দেশের বিবৃত্যে করতে পারে তাদের দেশের শণ্ঠ বলে অভিহিত করে আমি একটা কথা বলবঁ:

I accuse you. I accuse you of being enemy of the people.

[10-40—10-50 a.m.]

### Sj. Nagendra Kumar Bhattacharyya:

মাননীয় সভাপাল মহাশয়, আমি শ্রীয়ত নির্মলচন্দ্র ভট্টাচার্য মহাশয় যে প্রস্তাব উপস্থিত করেছেন সেটা সর্বাঙ্গকরণে সমর্থন করছি, এবং পূর্ববর্তী বক্তারা যেসব অভিযোগ মাল্যমানসীর বিবৃত্যে এনেছেন সেটাও সমর্থন করছি। আমি আমার দ্রুটি দ্রুটি বিষয়ের মধ্যে নিবন্ধ রাখব। সে দ্রুটি বিষয় হচ্ছেঃ (১) পশ্চিমবঙ্গ সরকার সমবায় নৰ্তাতকে বার্থতায় পরিগত করেছেন, এবং অর একটি বিষয় হচ্ছে (২) পশ্চিমবঙ্গ সরকারের ভূমি এবং ভূমসংস্কার নৰ্তায় পরিগত হয়েছে। আমাদের মাননীয় রাজাগাল মহোদয়ার অভিভাবণে অনেক বড় বড় কথা সম্বন্ধে দেখতে পাই এবং যখন সভাসমিতিতে বক্তৃতা হয় তখন সে সম্বন্ধে অনেক বড় বড় কথা ও সরকার পক্ষের শুন্তে পাই। আর সেসব খবরের কাগজে প্রকাশ করা হয়। কিন্তু প্রকৃত অবস্থায় সমবায় সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার কি করেছেন আমি সেটা হোট করে তাঁর একটা ইতিহাস দেব। সরকারের যে হিসাবনিকাশের ফর্দ আছে তা থেকে দেখতে পাই, ১৯৫৪-৫৫ সালে সমবায় উন্নতিমূলক কাজে ডেভেলপমেন্টের যে কার্য তাতে একটা পয়সাও খরচ করা হয় নি। তারপর ১৯৫৫-৫৬ সালের যদি ফর্দ দৰ্দীখ তাতেও দেখতে পাই, সমবায় বিড়গ্রের উন্নতিমূলক কাজে একটা পয়সাও খরচ হয় নি, ডেভেলপমেন্ট স্কীমেও একটা পয়সাও খরচ হয় নি। তারপর ১৯৫৬-৫৭ সালের যদি হিসাব আমরা দেখি তা হলৈ দেখতে পাই, যাতে দড় লক্ষ টাকা খরচ হয়েছে। এ অবস্থা দেখে কি বুঝা যাচ্ছে না যে, সরকারের সমবায় নৰ্তায় বার্থতায় পরিগত হয়েছে। আপনাদের স্মরণ থাকতে পারে যে, প্রায় তিন বছর সমবায়

মন্ত্রী কে ছিলেন, সেটা স্মরণ করে দেখবেন। মাননীয় মন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, কেন আজ এমন করে সমবায় নীতি ব্যর্থতায় পরিগত করেছেন? দ্বিতীয় তেজেশপ্রয়োগ স্কীমএ কিছুই খরচ করেন নি। তৃতীয় বছর মাত্র সামান্য টাকা খরচ করেছেন।

**Sj. Satya Priya Roy:** Mr. Chairman, Sir, I have to draw your attention to the sad fact that neither the Chief Minister nor Mr. Prafulla Chandra Sen are present in the House. What is the good of discussing this no-confidence motion if they are absent?

**Mr. Chairman:** You have just drawn the notice of the House to the matter. That is enough.

**Dr. Monindra Mohan Chakrabarty:** Sir, please direct them to be present here.

**Sj. Nagendra Kumar Bhattacharyya:**

আমি জানি আমরা যতই রোদন করি না কেন সেখানে তাঁদের কানে কিছুই পেঁচে না সে সম্বন্ধে কিছুই দেখেন না, সে সম্বন্ধে কোন ব্যবস্থা অবলম্বন করবেন না। সেটা আমরা বিশেষ করেই জানি। প্রশ্ন হতে পারে, তবে এ কথা বলছেন কেন আপনারা। এ কথা বলবার কারণ হচ্ছে, শব্দেও এখানকার সভা নয়, বাইরে যে জনগণ রয়েছেন, যে জনগণের সমর্থনের উপর সরকার নির্ভর করছে, সেই জনগণ জানবেন সরকারের মধ্যে দুর্নীতি চলেছে, কি অবস্থা চলেছে, এই নীতি কিভাবে ব্যর্থ হতে চলেছে। সেজনাই আমি মনে করি যে শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র সেন মহাশয় যে সমবায় নীতি ব্যর্থতায় পরিগত করেছেন, তাঁর ভাষণে সে সম্বন্ধে একটি কথাও বলেন নি, বলতে পারবেন না। আমি এখানে বলব, পশ্চিমবাংলা সরকারের যে নীতি আছে, সেটা হচ্ছে প্রত্যেক বছর অ্যান্ড্যাল রিপোর্ট প্রকাশ করা। ১৯৫৪ সালের পরে সমবায় বিভাগের কোন বার্ষিক বিবরণী প্রকাশিত কি হয়েছে? সে সম্বন্ধে প্রফুল্ল সেন মহাশয় কি বলবেন? কেন প্রকাশিত হয় নি? তার কারণ কি? সে সম্বন্ধে তাঁর বলবার কি কোন কারণ নাই?

(এ ভঙ্গেস: তিনি হাউসএই আসেন না, তারপর রিপোর্ট প্রকাশ করবেন কি?)

তারপর ১৯৫৭-৫৮ সালের কথা—চলতি বছরের কথা বলি। এ সম্বন্ধে ডাঃ রায়কে আমি একটু ধন্যবাদ দেব। তিনি সমবায় বিভাগের উন্নতিম্মলক কার্যালয়ের জন্য, ডেভেলপমেন্ট স্কীমএর জন্য ২২ লক্ষ ৬৩ হাজার টাকা বরাবর করেছিলেন এ বছর। কিন্তু দুর্ঘটের বিষয়, জানি না কার অনুগ্রহে তার মধ্যে ১১ লক্ষ ৬৭ হাজার টাকা খরচ হয় নি, সেই টাকা ল্যাপ্‌স করে গেল। আমি জানতে চাই যে, কেন এরকমভাবে টাকা ল্যাপ্‌সড হয়ে গেল। মাননীয় প্রধানমন্ত্রী মহাশয়, যিনি সমবায় বিভাগের মন্ত্রী, তিনি কি একথার উত্তর দেবেন? না অবজ্ঞাভরে আমাদের কথায় তিনি কান দেবেন না, সেটা জানতে চাই। আসুন, এইবার আমরা উপর স্তর থেকে নিম্নস্তর পর্যবর্ত সংক্ষেপে আলোচনা করি। আপনারা সকলেই জানেন যে সর্বোপরি স্তর হচ্ছে গিয়ে ওয়েস্ট বেঙ্গল প্রভিলিসিয়াল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড। সমবায় মানে তো সরকার পক্ষের সঙ্গে পশ্চিমবাংলার সমবায় কর্মীদের সহযোগিতা। কিন্তু দেখন কতটুকু সহযোগিতা চলেছে এবং কতটুকু নিচে নেমে এসেছেন আমাদের গভর্নরেলেট, ওয়েস্ট বেঙ্গল প্রভিলিসিয়াল ব্যাঙ্ক সম্বন্ধে তাঁদের আচরণ কি? আপনি শুনলে অবাক হবেন যে সারা ভারতে একটি সভা ডাকা হয়েছিল দিল্লীতে। প্রত্যেক রাষ্ট্র থেকে সেখানে প্রভিলিসিয়াল ব্যাঙ্কস থেকে প্রতিনিধিদের ডাকা হয়েছিল। পশ্চিমবঙ্গ প্রভিলিসিয়াল কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে সেখানকার ডি঱েক্টরগণ তাঁদের চেমারম্যান এবং ভাইস-চেমারম্যানকে প্রতিনিধিত্ব পাঠিয়েছিলেন। তাঁরা সেখানে প্রতিনিধিত্ব করতে গিয়েছিলেন, এসে যখন টি এ বিল দিলেন—পশ্চিমবঙ্গ সরকার কতদুর নিচে নেমে গিয়েছেন দেখন—তখন সরকার থেকে হকুম দেওয়া হল যে তাঁরা টি এ বিল পাবেন না। আমি একথা কোন জারগার শুনি নি, কেন সভা জগতে শুনি নি। তাঁরা নিজেদের কাছে সেখানে বেড়তে থান নি, তাঁরা ইউরোপে হাওয়া থেকে থান নি, জাপানে হাওয়া থেকে থান নি, ভূরী প্রতিনিধিত্ব করতে দিল্লীতে গিয়েছিলেন এবং তারপরে পশ্চিমবঙ্গ সরকার আদেশ দিলেন যে তাঁরা বিল পাবেন না। কত বড় সহযোগিতা চলেছে এবং পশ্চিমবঙ্গ সরকার কতদুর নিচে

নেমে গেছেন তা এই একটা দ্রষ্টব্য থেকে আপনি বুঝতে পাচ্ছেন। আমি মাননীয় প্রধানমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীদের একথা জিজ্ঞাসা করতে চাই যে, তাঁরা যদি কোন জায়গায় সরকারের প্রতিনিধি হয়ে গিয়ে থাকেন তা হলৈ তাঁরা কি কখনও যাতায়াতের খরচ থেকে বণ্ণিত হয়েছেন কুই রকম একটা উদাহরণ কি তাঁরা কেউ দিতে পারেন? তারপরে দেখুন, প্রার্থিমস্যাল কো-অপারেটিভ ব্যাঙ্কএ তাদের দৈনন্দিন কার্যে পরিচয়বৎস সরকার কিভাবে হস্তক্ষেপ করছেন। আজ প্রায় পাঁচ বছর হল শিলিগুড়ভূতে পরিচয়বৎস কো-অপারেটিভ ব্যাঙ্ক একটা শাখা খুলেছিলেন। দেখা যাচ্ছে যে, প্রতোক বছর কমপক্ষে দশ হাজার টাকা করে এতে লোকসান হচ্ছে; আর শেষ লোকসান যোটা হয়েছে ১৯৫৭ সালের ৩০এ জুন পর্যন্ত সেটা হচ্ছে ১৫ হাজার ৪ শো ৪৪ টাকা ৫৭ নয় পয়সা। এইসব অবস্থা বিবেচনা করে সেই কো-অপারেটিভ ব্যাঙ্কএর ডিইন্স্ট্রিয়েল লুলী এই সিদ্ধান্তে উপনীত হলেন যে ১লা জানুয়ারি ১৯৫৮ থেকে ওটা বন্ধ করে দেওয়া হোক। কিন্তু পরিচয়বৎস সরকার সেটা মনে নিলেন না এবং তাঁরা হস্তুম দিলেন, এই রিজিলিউশন যেন কার্য্যকরী না হয়; কেন না তাঁদের স্বজনপোষণ নীতি যে তা হলৈ ব্যার্থ হয়ে যায়। আপনি শুনলে অবাক হবেন যে ওয়েস্ট বেঙ্গল প্রার্থিমস্যাল কো-অপারেটিভ ব্যাঙ্ক গত পনের-বিশ বছর ধৰে একটা পয়সা শেয়ারহোল্ডারদের ডিভিডেল দিতে পারেন নি এবং আগামী পনের বছর কেন, ইয়তো পণ্ডাশ বছরের মধ্যেও তাঁরা একটা পয়সা ডিভিডেল দিতে পারবেন না।

[10.50—11 a.m.]

আর প্রতোক বছর দশ হাজার উপর টাকা দোরিয়ে যাচ্ছে। এই যে সহযোগিতার অভাব, এর থেকে কি মনে হয় যে পরিচয়বৎস সরকারের সমব্যায় নীতি কি সার্থকতায় পূর্ণ হয়েছে, না ব্যর্থতায় পরিগত হয়েছে? আমি আরও আপনাদের কাছে বলব যে, এই প্রথমে অ্যাপেক্ষ ব্যাঙ্কে সম্বন্ধে বললাম। এখন সেন্ট্রাল ব্যাঙ্ক সম্বন্ধে বলব। সেন্ট্রাল ব্যাঙ্কএর ড্রবর্সথার কথা—মাননীয় রাজস্বমন্ত্রীর সভাপতিত্বে একটা কার্যালয় গঠিত হয়েছিল, কেমন করে সেন্ট্রাল ব্যাঙ্কএর উন্নতি করা যায়। আজ পর্যন্ত সরকার সে কার্যালয় যে কি রিপোর্ট তা প্রকাশ করেন নি। আশা করি, এখনে ভূমি এবং রাজস্বমন্ত্রী রয়েছেন, তিনি এ সম্বন্ধে আমাদের কিছু রেখাপাত্র করবেন। এখনে আমরা শুনেছি ডাঃ বিধানচন্দ্ৰ রায় মহাশয় বলেছেন যে ৪২ থেকে ৪৬টা যে সেন্ট্রাল ব্যাঙ্ক আছে তা আর থাকবে না, হবে মাত্ৰ ১৭টা। এবং সব জেলায় একটা কারে, কেবল ২৪-প্রগনায় আর মেদিনীপুরে দুটা করে হবে। তথাপুরু। কিন্তু কত বছর পরে হবে? তার কোন কথা আমরা শুনি নি। আপনারা বোধ হয় জানেন, সারা বাংলাদেশে চার-পাঁচটা সেন্ট্রাল ব্যাঙ্ক ছাড়া আর কোন সেন্ট্রাল ব্যাঙ্কএর আধিক অবস্থা ভাল নয়। সেন্ট্রাল ব্যাঙ্কএর মদি আধিক অবস্থা ভাল না হয় তা হলৈ তারা কোন প্রাইমারি সোসাইটিকে আধিক সাহায্য করতে পারে না—অন্তত তারা সুচারুরূপে সাহায্য করতে পারে না। তারপরে রূৱাল প্রাইমারি ক্রেডিট সোসাইটি সম্বন্ধে আমি কিছু বলব। অনেক রয়েছে, কিন্তু তাদের অবস্থা অন্তত ক্ষৰাপ। সেই জায়গায় কি করা হচ্ছে?—না, এক-একটা জায়গায় লার্জ-সাইজড রূৱাল ক্রেডিট সোসাইটি করা হচ্ছে। তার ফল ভাল হবে কি মন্দ হবে, সে কথা এখন ভবিষ্যতের গভৰ্নেন্স নির্হিত আছে। কিন্তু সবগুলি নিয়ে যদি আমালগামেটেড করে এক-একটা করে করতেন তা হলৈ না হয় বুঝতে পারতাম। কিন্তু এতে হচ্ছে কি? এই যে যেসব রূৱাল ক্রেডিট সোসাইটি আছে সেগুলি আস্তে আস্তে ধৰ্মস হয়ে যাচ্ছে।

তারপরে সমবায় সম্বন্ধে সবচেয়ে বড় কথা হচ্ছে কো-অপারেটিভ ফার্মিং সোসাইটিজ। ল্যান্ড রিফর্মস আক্ত হয়ে গিয়েছে, একাধিকবার আমি এখনে বলেছি যে ল্যান্ড রিফর্মস আক্তের ৪৩ থেকে ৪৮ ধারায় কো-অপারেটিভ ফার্মিং সম্বন্ধে কিছু বিধি প্রণয়ন করা হয়েছে। কিন্তু আজ পর্যন্ত পুনঃপুনঃ বলা সত্ত্বেও মন্ত্রমণ্ডলী তাকে চালু করলেন না। চালু করলে কি হবে? না, তাঁদের উপর কিছু বৰ্দ্ধক এসে যাবে, কিছু লাম্বাবিলিটিজ এসে যাবে, এইসব কো-অপারেটিভ ফার্মিং সোসাইটিকে সাহায্য করতে হবে। আমাদের দেশে যদি থাদ্য সমস্যা দ্রু করতে হয় তা হলৈ আমি এটা বিশ্বাস করি যে, সেটা আমরা পারব কো-অপারেটিভ ফার্মিং সোসাইটির মাধ্যমে। আপনারা চায়নার দিকে দেখুন। সেখানে গভৰ্নেন্স অব ইন্ডিয়া একটা কৰ্মশন পাঠিয়েছিলেন। তাঁরা এসে কি বলেছিলেন সে তথ্য আপনারা পড়ুন। ১৯৫০ সনে

চীন দেশতে মাত্র ১৯টা কো-অপারেটিভ ফার্মিং সোসাইটি ছিল, আর ১৯৫৪ সালে সেখানে এক মিলিয়নএর উপর কো-অপারেটিভ ফার্মিং সোসাইটি হয়েছে। সাধে সহজে কি খদ্দে সমস্যার সমাধান হয়? কিন্তু আমাদের পর্শচমবঙ্গ সরকারের কৃতিত্ব আপনারা দেখেন তা হ'ল দেখবেন এত বড় প্রদেশে একশোটার বেশি কো-অপারেটিভ ফার্মিং সোসাইটিজ হয় নি। এবং তার মধ্যে চার-পাঁচটা ছাড়া আর অন্যগুলি তারা এখন লাভ বটন করতে পারছেন না। এই অবস্থায় আমি আপনাদের কাছে নিবেদন করব যে, এইসব তথ্য যা আপনাদের কাছে দিলাম এর থেকে আপনারা বিচার করবেন পশ্চিমবঙ্গের সমবায় নীতি সার্থকতায় পরিপূর্ণ হয়েছে না ব্যর্থতায় পরিগত হয়েছে। যে কোন ব্যাস্তি যাঁর বিবেক আছে তাঁদের এই রায় দিতে হবে যে পশ্চিমবঙ্গ সরকারের সমবায় নীতি ব্যর্থতায় পর্যবর্সিত হয়েছে। আমার সময় বেশি নাই, আমি আরেকটা বিষয় বলেই আমার বক্তব্য শেষ করব। সেটা হচ্ছে ভূমি এবং ভূমিসমস্য সম্বন্ধীয় নীতি পর্শচমবঙ্গ সরকারের। সেটাও ব্যর্থতায় পরিগত হয়েছে। আপনাদের সকলের স্মরণ আছে ১৯৫৪ সালে ১২ই ফেব্রুয়ারি এস্টেটস আকুইজিশন আস্ট চালু হয়। কি উদ্দেশ্যে এস্টেটস আকুইজিশন আস্ট চালু হয়েছিল তা আমরা সকলে জানি। যারা জমিহীন চাষী, যাদের জমি নাই, তাদেরকে জমি বটন করা হবে। আমার সামনে বসে আছেন শ্রদ্ধেয় মাননীয় বিমলচন্দ্র সিংহ মহাশয়। তাঁকে আমি এই প্রশ্ন করব যে, তিনি আজ এখানে বলুন যে কত একের জমি তাঁরা খাস করেছেন এবং কত একের জমি তাঁরা ভূমিহীন চাষীদের মধ্যে বটন করেছেন? আমি এই কথা জোর করে বলতে পারি তিনি এমন কিছু বলতে পারবেন না যার থেকে আপনার দেখতে পাবেন যে প্রকৃত প্রস্তাবে অনেক জমি ভূমিহীন চাষীদের দেওয়া হয়েছে। যার ভন্ন এই আইন প্রচালিত হ'ল তারা এখন পর্যন্ত তার কেনেন সুবিধা পায় নাই। এবং কবে সুবিধা পাবে তা আমরা জানি না। শ্রীসম্মার্থশঙ্কর রায় তাঁর ভাষণেতে বলে গিয়েছেন যে প্রথমে ঠিক করা হয়েছিল যে মাত্র সাড়ে সাতাশ টেকা এই জমিদারদের ক্ষতিপ্রণ দিতে হবে কিন্তু এখন দেখা যাচ্ছে যে সক্তর ক্ষেত্রে টাকা দিতে হবে। এর আগে কে এস্টেটমেট করেছিলেন জানি না, তাঁকে ধন্যবাদ। এবং আমি এ কথা বলব যে, এই যে ভূমি এবং ভূমিসংকার নীতি ব্যর্থতায় পর্যবর্সিত হয়েছে, কেন না অন্তিম কতকগুলি লোককে এই রেকর্ড অব রাইটসএন্স কাজ করান হয়েছে। তাতে রেকর্ডস অব রাইটস ভুল হয়েছে এবং যাকে বলে নট সার্টিস ফার্টির। কেন স্যার্টিসফার্টির হ'ল না? বেশির ভাগ যারা খাদ্যাবস্তাগে ছিলেন তাঁদের তথ্য চার্কারি যায়: সে অবস্থায় তাঁদেরকে নেওয়া হয়েছে। কিন্তু তাঁদের সঙ্গে এমন উপযুক্ত কর্মচারী দেওয়া হয় নি যাঁরা তাঁদেরকে উপযুক্ত শিক্ষা দিয়ে সন্তুষ্টভাবে রেকর্ডস অব রাইটস করার পারেন। শুধু তাই নয়, এর মধ্যে আবার এতদ্রু দন্তনীতি চলেছে যার জন্য চাষীরা একেবারে জর্জারিত হয়ে গিয়েছে। এইসব অবস্থা যখন আমি আপনাদের কাছে উপস্থিত করিছু, যখন আপনারা দেখতে পাবেন মণ্ডিমহাশয়ের ভাষণ থেকে যে বাস্তবিকই এখন বিশেষ কিছু জমি তাদেরকে দেওয়া হয় নি, তখনও কি আপনারা বলবেন, বিবেকের উপর নির্ভর করে বলবেন যে, পর্শচমবঙ্গ সরকারের ভূমি এবং ভূমিসংকার নীতি—সেটা সার্থকতায় পর্যবর্সিত হয়েছে: আমি আপনাদের কাছে বলব, কোন বিবেকবৃদ্ধিসম্পন্ন ব্যাস্তি এ কথা বলতে পারবেন না। সর্বশেষে আমি একটা কথা বলব বিশেষ করে মাননীয় মন্ত্রী কালীপদ মুখার্জি মহাশয়কে ক্ষারণ এর আগে যখন আমি বলেছিলাম তখন মণ্ডিমহাশয় এখানে উপস্থিত ছিলেন না। কালকে বহরমপুরে শান্তিপ্রয় রিফর্ডিজেরা—তারা সত্যাগ্রহ করতে এসেছিল। তাদের উপরে অমানুষিকভাবে লাঠি চার্জ করা হয়েছে। আমি জানতে চেয়েছিলাম সভার প্রথমে যে, বাস্তবিকই এ কথা সত্য কিনা। তাদের অভিযোগ আছে, সে অভিযোগ আপনারা শুন্নন না শুন্নন সে ভিন্ন কথা, তারা তাদের অভিযোগকে ভাল করে জানাবার জন্য তারা সত্যাগ্রহ করছে। আমি এই কথা বলব যে, তাদের উপরে অমানুষিকভাবে লাঠি চার্জ করা, এটা কোন সভা গভর্নমেন্টের কাজ নয়। আমি সেজন্য শুনতে চাই মাননীয় শ্রীকালীপদ মুখার্জি মহাশয়ের এ সম্বন্ধে কি বলবার আছে। আমি জানতে চাই, তিনি কি সব জেলায় এই নির্দেশ দিয়ে দেবেন যে তাদের উপরে বেন কোন অত্যাচার করা না হয়। তারা তো কারাবরণ করতেই গিয়েছে। তাদেরকে কারাগারে নিয়ে বান সে সম্বন্ধে আমি কিছু বলব না।

অমরা শুনেছি যে, সেখানে বহু শিশু আহত হয়। আমি সেইজন্য এ সম্বন্ধে বলব ট্রাকালিপদ মুখোপাধ্যায় মহাশয় আম দের কিছু বলবেন এবং এই আশ্বাস দেবেন যে, ভবিষ্যাতে এই ধরনের অন্যায়, অবিচার, অতোচার হবে না।

সর্বশেষে আগি এই কথা বলতে চাই যে, সংখ্যাধিকোর জোরে তাঁরা মন্ত্রমণ্ডলীর গদীতে থকবেন, তা আমরা জানি। কিন্তু সংখ্যাধিকোর প্রায় সব জিনিসের নির্পাত্ত হয় না। যথান রিজন নেই, নায় নেই, সেখানে এই জিনিস অনেকদিন ধরে চলতে পাবে না। বর্তমান দণ্ডগ্রস সরকার এই নায়ের উপর প্রতিষ্ঠিত নয়, দূরপীঁতির উপর প্রতিষ্ঠিত এবং এই দূরপীঁতি পশ্চিমবঙ্গ সরকারকে ধন্দমের মুখে নিয়ে যাবে। এই কথা ধৈলে আগি আমার প্রত্বা শেষ করছ।

[11-11-10 a.m.]

**Dr. Monindra Mohan Chakrabarty:** Mr. Chairman, Sir, I associate myself with the motion of no-confidence against the West Bengal Ministry headed by Dr. Roy not only because the recent revelations made by the late Judicial Minister justify it but also because I very strongly feel that the events of the past few years during which the Congress Party has guided the destiny of West Bengal and the happenings of the recent past have clearly demonstrated that Dr. Roy and his colleagues in the Government have been guilty of acts of commission and omission which have resulted in the weakening of material and moral foundations of Bengal and of Bengalees in such a measure that the State and her people are virtually on the road to extinction. Sir, when levelling his charges against the Ministry, my friend Professor Bhattacharyya, the mover of this motion, remarked that this Government has been responsible for making parliamentary democracy a failure in this State. Sir, do we have to seek the reason for saying this because although we have drawn your attention, we find that the Treasury Boxes are empty and out of the 28 Ministers how many of them are present? Sir, that is one of the illustrations that immediately proves the contention of Professor Bhattacharyya for they do not even give you, Sir, in this House the scant attention and they are treating this House with contempt. Sir, during the time this Ministry has been in power, not only have power and privilege been abused for serving narrow personal and political ends but the departmental inefficiency in the different Ministries has been allowed to grow and thrive because of the inaction of the Ministers concerned. Sir, in Congress regime in West Bengal the interest of the State has suffered to an extent that did not even happen for any considerable period during the British regime. Sir, that is the Ministry and the party which is responsible for not getting West Bengal's dues during the States' Reorganisation Commission. That is the Ministry and party which has failed miserably in getting West Bengal's legitimate shares in income tax, excise duties, jute duties, tax on railway fares and other dues from the Central Government. Sir, that is the Ministry and the party which has abetted the removal of important officers, establishments and institutions from West Bengal thereby withholding employment opportunities of the Bengalees of the State. Sir, when we consider the policy instituted by this Government, we have more compelling reasons for their rejection even without consideration of the specific charges of inefficiency and corruption.

Sir, the policy administered by this Government has been a failure. Even if we compare the administration of this province with other Congress administered States we find that even by comparison this State has suffered. Sir, the miserable failure of the Government in preventing the increase in the cost of living, in stabilising the prices of food has been commented. If we compare the general price indices and the cost of living indices from the common consumers' class and if we compare figures for Bombay, Calcutta,

Delhi and Madras, we find that it is only in West Bengal, i.e., in Calcutta, that there is maximum rise of 37 points between January, 1957 and November, 1957. In Madras the increase is 3 points, in Bombay 23 points, and in West Bengal 37 points as I have already mentioned. Sir, if we compare the cost of living index of the middle class, we find the same thing. It is only in West Bengal where such things happen. I am not going into the charges of corruption but even taking things as they are, compared with other States, we see that it is only in this State that there has been miserable failure on the part of the government in stabilising food prices and stabilising the wage structure and the relation between wage and price. On Shri P. C. Sen's own estimate, after partition there has been rise in the production of foodgrains to the extent of 28 per cent., and rise in population 22 per cent. That shows that so far as the original position is concerned the situation was the same as before; but as I have shown you the figures, it is only in West Bengal that there has been phenomenal rise in the cost of living and phenomenal rise in prices in general commodities which has resulted in so much misery of the people and restlessness among the people. It is not difficult to understand this. Why this has been so, Sir, that prices of foodgrains shot up, particularly in Calcutta, but before that manipulations were done so that people known to the Minister could make huge profits. There have been open allegations about the Food Minister giving permits preferentially to a relative of our Deputy Minister Chitta Roy and Shri R. K. Bhawalkar, a member of this House. Complaints have been made that in the surplus districts of Midnapur, Burdwan, Bankura and Birbhum Rs. 16 was fixed to be the price for procuring rice and four lakhs maunds were procured whereas for Marwari businessmen the price was increased to Rs. 18-12-0 per maund. In this way they were allowed to make huge profit. These allegations were made openly. There was no reply from Government. Even in other deals, the minister has preference for non-Bengali businessmen. I will cite one illustration. In Shalimar there are Coal Depot Holders. Formerly, most of these Depot holders were Bengalees. I know a firm which is of sixty year's standing and they have not been given wagons which they were allotted formerly. Do you know where the wagons have been allotted. To Karnanis. In spite of repeated representations, not only by the firm concerned, but even by Congress M.L.As. and by the most important persons of the Congress Party, this is happening because the Food Minister's preference is for non-Bengali businessmen. The Karnani got it.

[11-10—11-20 a.m.]

Sir, I am not surprised at this attitude of the Food Minister. When I went to Arambag during the last general election, I said it before in this House but I did not get any reply and I repeat it that in Arambag within five months after the flood—in the Food Minister's Constituency—cloth and blankets were distributed and that was during the general election. I was not surprised that in an election meeting in the Domjur Constituency it was announced beforehand that doles and other things will be distributed. I made that charge also. So I am not surprised today that these things though late have come out through the revelations of Shri Siddhartha Sankar Ray and by others. Sir, his policies, associations and activities have rightly earned for him the name "Durbhiksha Mantri". The other day Dr. Roy in his press statement said that had it not been for Mr. P. C. Sen that at least famine would have come upon Bengal on two occasions. Sir, if this is the way in which he behaves, if this is the way in which he distributes his patronage then we know what is what.

The case of the Police Minister is no less glaring. If I give you only a few illustrations that took place in Howrah in recent months that will be sufficient. During the period covered by October, 1957 and December, 1957

there were at least 40 cases of murder, robbery, highway robbery and similar incidents in Howrah resulting in death of at least seven persons. There were information of gambling, illicit breweries and other things. Sir, my friend the Chairman of the Howrah Municipality is present here, Shri Rabindra Lal Sinha. Even the Municipal Commissioners of Howrah in their meeting, dated 3rd January, said—Sir I told you just now that the incidents took place between October and December but till about the end of December no action was taken by Police, till it was published in the "Ananda Bazar Patrika"—even in the Municipal Commissioners' meeting, dated 3rd January, 1958, my friend Shri Rabindra Lal Sinha who is the Chairman said "unless Police took sufficient action regarding recovery of illegal arms common man could not feel confident". At that time no man could feel confident about the Police. That proves that till about the end of December the situation was very grave. Even now the attention of the Police Minister has been drawn to the activities of a certain official, the Curator of the Botanical Gardens, Mohiuddin.....who it has been alleged by a Congress M.L.A. and by others to be an agent of Pakistan—he is carrying on his activities in the name of combating the activities of smugglers in the Botanical Gardens. His place, Botanical Gardens, has been described as Madhu Chakra where all sorts of nefarious activities with women and so on are going on. As long ago as 1954-55 when I was a member of this House and you were also the Chairman, Sir, I drew your attention to the fact even as early as that, but even now this man is being allowed to go on with his activities as an agent of Pakistan. It is stated that one day in January, Pakistan flag was flown in Botanical Garden. He happens to be the nephew of Mr. Fazlul Huq who was still recently the Governor of Pakistan. He has been dismissed today. Then about Howrah allegations were made to the Police Minister that no action has been taken in Howrah. I should like to say that only one District Magistrate, Sj. Mohini Mohan Kushari who wanted to take action, was transferred. He was transferred to Jalpaiguri. But in this case he is being protected. I do not know what is the connection between Sj. Mahiuddin and Sj. Kali Pada Mookerjee.

**The Hon'ble Kali Pada Mookerjee:** I have not seen him.

**Dr. Monindra Mohan Chakrabarty:** Some police officers are in touch with him. You tell me whether an allegation has been made to you by a Congress M.L.A.

**The Hon'ble Kali Pada Mookerjee:** The whole thing requires investigation.

**Dr. Monindra Mohan Chakrabarty:** I think the incident at Howrah is sufficient to prove that the Police Minister has been singularly unable to discharge his duties thoroughly.

My friend the Labour Minister is there. During his regime more than 30,000 workers have been retrenched. There have been turmoils in the jute mills. What steps have been taken to stop them. In the application of Industrial Disputes Act there has been always pro-employer policy adopted. What has he done to stop that? Then, Sir, in West Bengal there are 635 factories with 44,000 workers out of which in 192 factories there are canteens and out of those 192 factories cooked food is supplied only in 44 factories. I have sufficient facts and figures to prove my contention. Two hundred and five factories have got arrangements for luncheon, and it is in over 2,000—less than 3,000—factories there are no such arrangements.

I will now draw the attention of one of those Ministers who has brought the maximum confusion in the educational set up of West Bengal. My friend Sj. Satya Priya Roy, no doubt, speaking about secondary school teachers has time and again drawn his attention to the necessity of a comprehensive Primary Education Act. Time and again we have asked him to do something about the primary teachers and we have drawn his attention to the fact that even now the primary teachers are very poorly paid and their condition is very miserable. But all these things go unheeded. This is the way this Ministry is behaving. I want to say about this Ministry what Edmund Burke said, namely that this Ministry and the Party have lost the sensibility of principle and the chastity of honour which were kept alive even in servitude itself.

I will repeat what was voiced by my friend Sj. Nirmal Chandra Bhattacharyya in the words of Cromwell which were said by Winston Churchill against the Chamberlain Government: "You have sat there too long for no use. For God's sake go".

[11-20—11-30 a.m.]

**Sja. Anila Debi:**

মাননীয় সভাপতি মহাশয়, অনাস্থা প্রস্তাবের স্বপক্ষে পর্যবেক্ষণ সরকারের বিবৃত্তি আমার প্রথম অভিযোগ যে, পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষামন্ত্রীর সংজ্ঞা থাকলেও তাঁর সত্ত্ব নেই—শিক্ষা-সচিবের একনায়কত্বের ছায়ায় তাঁর ব্যক্তিত্ব সমাচ্ছম। এর ফলে দেখা যায় যে, শিক্ষামন্ত্র দণ্ডনীতি, বিশ্বখ্লতা, অপদার্থতা প্রতিরোধ করবার কোন পদ্ধাই টিন গ্রহণ করতে পারছেন না। এর উদাহরণস্বরূপ আমি ২-১টা কথা এখানে বলব। ১০ বছরের প্রজাভূত দণ্ডনীতির ব্যাখ্যা করা ১০ মিনিটে সম্ভব নয়। কারণ কম ক'রেও এই সরকারকে ১২০টি এমন অভিযোগে অভিযুক্ত করা যায় এবং যা শন্তলে সত্ত্ব জগৎ লজ্জা পেতে পারে।

আমার প্রথম বক্তব্য হচ্ছে যে এই শিক্ষা-দণ্ডের অত্যন্ত বিকৃতভাবে, অতিরিক্তভাবে শিক্ষাসংক্রান্ত তথ্য সরবরাহ করে। শিক্ষামন্ত্রী মহাশয় কেন্দ্রীয় সরকারের কাছে প্রাথমিক শিক্ষার প্রসার প্রসঙ্গে যে তথ্য সরবরাহ করেছিলেন আমি মনে ক'রি তার মধ্যে হাসাকর অসঙ্গতি রয়েছে। টিনি বলেছেন পর্যবেক্ষণ বাংলায় ৬ থেকে ১০ বছরের বয়স্ক ছেলেমেয়েরা প্রাথমিক বিদ্যালয়ে যে সংখ্যায় যোগ দিয়েছে সেই সংখ্যা হচ্ছে ২১ লক্ষ এবং গড় হিসাবে শতকরা ৮০ ভাগ। আর ঐ ২১ লক্ষ ছেলেমেয়েদের মধ্যে ৭ লক্ষ মেয়ে এবং ১৪ লক্ষ ছেলে। এটি অস্বীকার না ক'রে বিকৃতির দিকটা আমি দেখতে চাই। সেলাস রিপোর্ট বলে যে, পশ্চিমবাংলায় সমবয়স্ক ছেলেমেয়েদের সংখ্যা প্রায় সমান। তাই যদি হয়ে থাকে যে, ২১ লক্ষ ছেলেমেয়েরা বর্তমানে প্রাথমিক বিদ্যালয়ে পঠনপাঠনের স্বীকৃতি পাচ্ছে, তা হলে সেন্সুর রিপোর্টের হিসাবমত ৭ লক্ষ ঐ বয়স্ক বালিকারা বাদ পড়ছে। আমাদের শিক্ষামন্ত্রীর তত্ত্বাবধানে ঐ বাকি ৭ লক্ষ ছাত্রীর সংখ্যা যদি শিক্ষার স্বীকৃতি পেত এবং মাননীয় মহাশয় যদি গত হিসেব করতেন তা হলৈ দেখা যেতে পশ্চিমবঙ্গে শতকরা ১০৫ জন প্রাথমিক শিক্ষা লাভ করছে। এরা এসব ভেবে-চিল্ঠি দেখেন না। শাশ্বতক্ষেত্রে সান্যাল মহাশয় প্রাথমিক শিক্ষকদের পরীক্ষাস্বচক একটা প্রশ্নের কথা সোন্দেন বলেছিলেন যে, প্ৰাৰ্থ হ'তে না ভোবে যৰ্দন বক্তৃতা কৰেন এই বাক্যকে এক কথায় নাৰ্কি প্ৰকাশ কৰতে বলা হয়েছিল। পৰীক্ষক মাস্টার-মশাইদের উত্তর পেয়েছিলেন কিনা জানি না, কিন্তু আমার উত্তর হচ্ছে “পশ্চিমবাংলার গান্ডু-মণ্ডলী”। মুখ্যমন্ত্রীর মারফতেও এই দণ্ডের পরিবেশিত বিকৃত তথ্যের উল্লেখে বলা হয় যে মাধ্যমিক শিক্ষকদের বেতন বৃদ্ধির জন্য কেন্দ্রীয় সরকারের সাহায্যদানের যে প্রতিশ্রুতি ছিল তা না কি পি এস সি-এর সাক্ষাত্কারের শর্ত সম্বলিত ছিল। কিন্তু আমরা কেন্দ্রীয় সরকারে একজন প্রধান মুখ্যমন্ত্রের কাছে শুনি যে মাধ্যমিক শিক্ষকদের বেতন বৃদ্ধির ব্যাপারে অর্থ বৰাদের জন্য কেন্দ্রীয় সরকার কোন শর্ত আরোপ কৰেন নি। এই নিয়ে ইই-চৈত পড়াতে প্রয় অবশ্য শিক্ষা-দণ্ডের থেকে ঘোষণা কৰা হয়েছে যে, কেন্দ্রীয় সরকারের শর্ত না থাকলেও পশ্চিমবঙ্গের শিক্ষাবিভাগ বেতন বৃদ্ধির জন্য যে শর্ত প্রয়োগ কৰেছেন অর্থাৎ পি এস সি-এর

ইল্টারিভিউ তা নার্কি কেন্দ্রের আশীর্বাদপ্ত হতে পারে, কিন্তু যখন মুক্তমন্ত্রী মহাশয় বলেছিলেন তখন তিনি ভেবে দেখেন নি যে, শিক্ষা-দপ্তরের কোন্‌ তথ্যের উপর ভিত্তি করে তিনি এই তথ্যকে ব্যক্ত করতে যাচ্ছেন। ১৯৫৪ সালে দে কর্মশনের রিপোর্ট থেকে কেন সমস্ত জিজ্ঞাসা মানুষকে বাঁচিত করা হচ্ছে? তখন শিক্ষাবিভাগ থেকে ঘোষণা করা হল যে, দে কর্মশনের রিপোর্ট নার্কি মূদ্রিত হয়ে ১৯৫৫ সালেই জনসাধারণের মধ্যে বিক্রীত হয়েছে। কিন্তু সরকারের সেই মূদ্রিত প্রস্তুকথানি যে মারাওক সংবাদ বহন করেছিল সেটা কর্তৃদের খেয়াল ছিল না। অর্থাৎ প্রথম মুদ্রণের তারিখ দেওয়া হয়েছিল ১৯৫৬ সাল। আমরা জানি না, যে রিপোর্ট ১৯৫৬ সালে ছাপা হয় তা এক বছর আগে জনসাধারণের মধ্যে কি করে বিল হতে পারে? শুধু বিকৃত বা অসত্য তথ্য বন্টনই নয়, শিক্ষাবিভাগের সমস্ত দিকে দুর্নীতির একটা দুর্দার্ম ন্তৃত চলছে। এই যে শিক্ষাকে সংস্কার করবার নয়া ব্যবস্থা শুরু হয়েছে, তার যে পর্যকল্পনা গ্রহণ করতে সরকার চাচ্ছেন তার মধ্যে কোনোকম দুর্দণ্ডিতা, স্পষ্টতা বা সংস্থ ব্যবস্থাপনার ইঙ্গিত নেই, শুধু রয়েছে কেন্দ্র থেকে প্রাপ্ত কোটি কোটি টাকার আর্থিক অপচয়। উদাহরণস্বরূপ ২-১টি কথা বলতেই হবে। শিক্ষা-দপ্তরে অফিসার নিয়োগ চলে অপূর্বভাবে। মন্ত্রমহাশয় এখনও তাঁর শিক্ষাসচিবের হাত থেকে শিক্ষাধিকারের পদটি সঁরায়ে নিতে পারেন নি। অর্থাৎ একমঙ্গে তিনি দুর্দিটি পদ আধিকার করে রয়েছেন। কিন্তু তাতেও তাঁর ভূগ্রতা নেই। তিনি আবার প্ল্যানিং অফিসারও এনেছেন। অবশ্য জানি না সেই প্ল্যানিং অফিসারটির প্ল্যান করবার পূর্ব বা পর কি অভিজ্ঞতা আছে। তবে আমরা শুনেছি যে, শিক্ষাসচিবের নিকটতম আঞ্চাইয়া হবার সৌভাগ্য তাঁর হয়েছে। মন্ত্রমহাশয় বলতে পারেন যে, তিনি পিএস এস সি-এর প্রতিতে এসেছেন। পিএস সি-এর যে কিং চেহারা হচ্ছে তা আমরা ক্রমশই দেখেছি। পিএস সি-এর প্রতি আমাদের অশ্রদ্ধা নেই। বরং বিশ্ববাসই রাখতে চাই। কিন্তু এক্ষেত্রে পিএস সি-এর ইন্টার্ন্টিং যদি কেউ নাবিয়ে দিয়ে থাকে তা হলে তা নাবিয়ে দিয়েছেন আমাদের পশ্চিমবঙ্গ সরকার। শুনেছি নার্কি যে, মানুষ অনুরোধে ঢেক গেলার মতন দাঙ্গসাধাকার্য করেন। অনুরোধে যদি এহেন কঠিন কাজ সম্পন্ন হতে পারে, তবে যদি বালি, এই কর্মশন শিক্ষাদপ্তরের অনুরোধে অন্তর্গত কোন ব্যক্তিকে মাত্র যোগাতার ছাপ দিয়ে চেয়ারে বসিয়ে দেন তা হলে সেটা মোটেই কষ্টসাধ্য বাপার অথবা অসম্ভব ব্যাপার হয় বলে ধরে নেওয়া যায় না। শিক্ষা-দপ্তরের আশেপাশে প্ল্যাটন বন্ধুজনের মুক্তগৃহেও বারবার এখনও দেখা যাচ্ছে। যেমন আমরা শুনেছি যে, বি ঘোষ নামক এক বাঁচি ১৯৫৫ সাল পর্যন্ত এক্সটেনশনের মেয়াদ নিয়ে কাজে বহাল ছিলেন, তারপর ২ বছর একে অবসর নিতে হয়। দীর্ঘ ২ বছর অসাক্ষাত্কারের পর আবার দেখা গেল ১৯৫৭ সালে শিক্ষা-দপ্তরের দায়িত্বশীল পদে তাঁর প্ল্যানিংবৰ্ভা। আমরা আরও জানি যে, বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনের ফাইনালিস্যাল অ্যাডভাইজার ষিনি, তিনি নার্কি বয়সের দিক থেকে সরকারী রূলসএর উপরে উঠে গিয়েছেন। অর্থাৎ ৬০ বছর পার হয়ে গেলে দুইবারের অধিক সরকারী চাকরি করা যায় না। কিন্তু প্রয় বন্ধুর কি ভাগফল, সরকারী সমস্ত আইনকে পদদলিত করে তাঁকেই আবার ফাইনালিস্যাল অ্যাডভাইজার হিসাবে নিয়োগ করা হয়েছে। পশ্চিমবঙ্গ শিক্ষাদপ্তরের যথেচ্ছ অর্থব্যাপ হয় শুধু খামখেয়ালের বশে। এর প্রকৃত উদাহরণ হচ্ছে যে, মাধ্যমিক বেসরকারী বিদ্যালয়ের স্থায়ী শিক্ষকদের যোগাতা পরীক্ষার জন্য হঠাত কর্মশন নিয়োগ করা। কেন্দ্রীয় সরকারের আশীর্বাদপ্ত প্ল্যান অন্যায়ী পশ্চিমবঙ্গ সরকার কর্মশনের উপর দিলেন এইসব শিক্ষকদের ইল্টারিভিউ-এর ভার। জনেক শিক্ষিকা তাঁর লিগ্যালিটির প্রশ্ন হাইকোর্টে তুলেন। আমরা জানি সম্প্রতি হাইকোর্ট রায় দিয়েছেন যে, বেসরকারী বিদ্যালয়ের শিক্ষকদের ইল্টারিভিউ গ্রহণ করার কোন এক্সিয়ার এই ধরনের কর্মশনের নেই। হাইকোর্ট যাকে বেআইনী বলেন আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়ের দপ্তর নির্ভুজ দম্ভের বলে বেআইনীভাবে কর্মশন নিয়োগ করে, তাঁদের মাইনে-প্র দেওয়াতে ও সংশ্লিষ্ট কর্ম অর্থ ব্যাপ করে। এই অর্থ ব্যাপ করবার অধিকার তাঁদের কে দিয়েছে?

[11.30—11.40 a.m.]

